করবীপুষ্প, মঞ্জিষ্ঠা, মালতীপুষ্প ও প্রিয়ঙ্গু এই সকল দ্রব্য সমপরিমাণে লইয়া একত্র পেষণ করিবে। এই ঔষধিদ্বারা * লেপন করিলে সেই পুরুষ নারীকে বশীভূতা করিতে পারে ॥ ৪ ॥

কাম্পিল্লরসকহ্লারং পিপ্পলী মধুযষ্টিকা। মধুনা চ সমং পীত্বা লেপনাচ্চ বরাঙ্গয়োঃ। দম্পতিঃ প্রীতিমাপ্নোতি প্রাণান্তেনাপি গচ্ছতি ॥ ৫ ॥

গুণ্ডারোচনী, শ্বেতোৎপল, পিপ্পলী ও যষ্টিমধু এই সকল দ্রব্য সমপরিমাণে লইয়া মধুর সহিত একত্র পেষণ করিবে। এই ঔষধ পান ও অঙ্গে লেপন করিলে দম্পতীর প্রণয় বৃদ্ধি হইয়া থাকে। এই প্রণয় প্রাণান্তেও ভঞ্জন হয় না ॥ ৫ ॥

সৈন্ধবঞ্চ মহাদেবি! পারাবতমলং মধু। এভিস্তু লিপ্ত-* স্তু কামিনী বশকৃদ্ভবেৎ। দম্পত্যোঃ প্রীতিজননং নিত্যলেপাদ্বরাঙ্গয়োঃ। কুর্য্যাদ্বশীকৃতং যক্ষধূপৈশ্চ তিলকং তথা ॥ ৬ ॥

সৈন্ধব এবং পারাবতের বিষ্ঠা এই সকল দ্রব্য মধুর সহিত একত্র পেষণ করিবে। এই ঔষধদ্বারা * লেপন করিলে কামিনীগণকে বশীভূত করিতে পারে এবং স্ত্রী ও পুরুষ উভয়ে প্রতিদিন অঙ্গলেপন করিলে দম্পতীর প্রণয়বৃদ্ধি হইয়া থাকে। আর যক্ষধূপ দ্বারা কপালে তিলক করিলে কামিনী বশীভূতা হয় ॥ ৬ ॥

অথ জগদ্বশীকরণং।

মনঃশিলাপলমেকং সগোরোচনকুঙ্কুমং।
এভিস্তু তিলকং কুর্য্যাজ্জগদ্বশ্যং ন সংশয়ঃ ॥ ১ ॥

মনঃশিলা, গোরোচনা ও কুঙ্কুম এই সকল দ্রব্য একপল অর্থাৎ ৮ তোলা পরিমাণে একত্র পেষণ করিয়া যে ব্যক্তি কপালে তিলক করে সেই ব্যক্তি জগৎ বশীভূত করিতে পারে ॥ ১ ॥

সহদেবা ভৃঙ্গরাজং শ্বেতাপরাজিতা বচা। তেনৈব তিলকং দত্ত্বা ত্রৈলোক্যং বশমানয়েৎ। তিলককরণমন্ত্রঃ। ওঁ সমাসেয়ং সৌভাগ্যং গৌরি। দেহি মে ॥ ২ ॥

শালিবা, ভৃঙ্গরাজ, শ্বেতাপরাজিতা ও বচ এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া কপালে তিলক করিলে ত্রিলোক বশ করিতে পারে। ওঁ সমাসেয়ং সৌভাগ্যং গৌরি দেহিমে স্বাহা এই মন্ত্রে তিলক করিবে ॥ ২ ॥

গোদন্তহরিতালঞ্চ সংযুক্তং কাকজঙ্ঘয়া।
চূর্ণং কৃত্বা যচ্ছিরসি দীয়তে স বশ্যো ভবেৎ ॥ ৩ ॥

গোদন্তহরিতাল ও কাকজঙ্ঘা এই সকল দ্রব্য একত্র চূর্ণ করিয়া সেই চূর্ণ যাহার মস্তকে দেওয়া যায় সেই ব্যক্তি বশীভূত হয় ॥ ৩ ॥

শ্বেতাপরাজিতা-মূলং পিষ্ট্বা গোরোচনা-সহ। যঃ পশ্যেত্তিলকেনৈব বশী কুর্য্যান্ন সংশয়ঃ। ওঁ রক্তচামুণ্ডে! অমুকং মে বশমানয় স্বাহা ওঁ হ্রীঁ হ্রীঁ হ্রীঁ ফট্ ইমং মন্ত্রময়ুতং জপেৎ ॥ ৪ ॥

শ্বেতাপরাজিতার মূল, গোরোচনার সহিত পেষণ করিয়া কপালে তিলক দিয়া যাহাকে দর্শন করে সেই ব্যক্তি তাহার বশীভূত হইয়া থাকে। ওঁ রক্তচামুণ্ডে ইত্যাদি মন্ত্র দশসহস্র জপ করিয়া এই প্রক্রিয়া করিতে হইবে ॥ ৪ ॥

গোরোচনাস্বরক্তেন তিলকেন বশী ভবেৎ। ভৃঙ্গরাজস্য মূলঞ্চ পিষ্ট্বা শুক্রেণ সংযুতং। অক্ষিণী চাঞ্জয়িত্বা চ বশীকুর্য্যাজ্জগত্রয়ং ॥ ৫ ॥

গোরোচনা ও নিজ রক্ত একত্র মিশ্রিত করিয়া যাহার কপালে তিলক করিবে সেই ব্যক্তি জগৎ বশীভূত করিতে পারিবে এবং ভৃঙ্গরাজের মূল স্বীয় শুক্রের সহিত পেষণ করিয়া চক্ষুতে অঞ্জন করিলে ত্রিজগৎ বশীভূত করিতে পারে ॥ ৫ ॥

অপরাজিতা চ সিদ্ধার্থং দত্ত্বা নীলোৎপলান্বিতং।
তাম্বূলস্য প্রদানেন বশী কুর্য্যাজ্জগত্রয়ং ॥ ৬ ॥

অপরাজিতার মূল, শ্বেতসর্ষপ ও নীলোৎপল এই সকল দ্রব্য তাম্বূলের সহিত যাহাকে প্রদান করা যায় সেই ব্যক্তি বশীভূত হয়, এই প্রক্রিয়াদ্বারা ত্রিজগৎ বশ করিতে পারা যায় ॥ ৬ ॥

অথ মোহনং।

ভৃঙ্গরাজং সদোৎপলং শ্বেতগোরোচনাযুতং। পিষ্ট্বা

তু তিলকং কৃত্বা মোহয়েত্তু জগত্রয়ং। ওঁ সর সর ওঁ ওঁ স্বাহা অনেন মন্ত্রেণোক্তদ্রব্যং সপ্তবারাভিমন্ত্রিতং প্রাতশ্চক্ষুষি দত্ত্বা মোহয়েত্তু বনত্রয়ং ॥ ১ ॥

ভৃঙ্গরাজ, রক্তোৎপল ও শ্বেতগোরোচনা এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া কপালে তিলক করিলে ত্রিজগৎ মোহিত করিতে পারে এবং উক্ত তিলকদ্রব্য ওঁ সর সর ওঁ ওঁ স্বাহা এই মন্ত্রে সপ্তবার অভিমন্ত্রিত করিয়া প্রাতঃকালে চক্ষুতে অঞ্জন করিলে ত্রিভুবন মোহিত করিতে সমর্থ হয় ॥ ১ ॥

অন্যচ্চ। ওঁ দণ্ডায় মহাদণ্ডায় স্বাহা অনেন মন্ত্রেণ বস্ত্রান্তিকে গ্রন্থিং বদ্ধ্বা সর্ব্বং মোহয়তে ॥ ২ ॥

ওঁ দণ্ডায় মহাদণ্ডায় স্বাহা এই মন্ত্রে বস্ত্রাঞ্চলে গ্রন্থি বন্ধন করিলে সকলকে মোহিত করিতে পারা যায় ॥ ২ ॥

ওঁ রাজাপ্রজাবন্ধুবান্ধবশ্যালো মিত্রং পরিক্ষো ভব আলি আলি চালি চালি মোহি মোহি হ্রীঁ হ্রীঁ হ্রীঁ জগদ্বশ্যং ভবতু স্বাহা। অনেন মন্ত্রেণ মুখমার্জ্জনং কুর্য্যাৎ। তদা সর্ব্বো বশী ভবেৎ ॥ ৩ ॥

ওঁ রাজা প্রজা ইত্যাদি মন্ত্রে মুখমার্জ্জন করিলে সমস্ত লোককে বশীভূত করিতে পারে ॥ ৩ ॥

ওঁকারং সপ্তধা জপ্ত্বা রসনারসসংযুতং।
ললাটে তিলকং কৃত্বা রাজানং বশমানয়েৎ ॥ ৪ ॥

জিহ্বার রস লইয়া তাহার উপর ওঁ এই মন্ত্র সপ্তবার জপ করিয়া ললাটে তিলক দিলে রাজাকে বশ করিতে পারা যায় ॥ ৪ ॥

যস্য নাম গৃহীত্বা তু মায়াবীজং ত্রিধা পঠেৎ। মুক্তকেশোর্দ্ধমুখেনৈব মুখমার্জ্জনমাচরেৎ। সত্যং সত্যং মহাদেবি! সসর্ব্বং বশমানয়েৎ ॥ ৫ ॥

কোন ব্যক্তির নাম গ্রহণ করিয়া হ্রীঁ এই মন্ত্র তিনবার জপ করিবে এবং মুক্তকেশে উর্দ্ধমুখ হইয়া মুখমার্জ্জন করিবে। এইরূপ করিলে সেই ব্যক্তি বশ্য হয় ॥ ৫ ॥

অথ বীর্য্যস্তম্ভনং।

ঈশ্বর উবাচ। অথাতঃ সংপ্রবক্ষ্যামি প্রয়োগং বীর্য্যকারণং। [illegible] ভক্ষণমাত্রেণ বৃদ্ধোঽপি তরুণায়তে। অত্যম্লং লবণং ক্ষারং [illegible] কটুতিক্তকং। শুষ্কং পর্য্যুষিতঞ্চৈব যথেষ্টং ভোজনং ত্যজেৎ ॥ ১ ॥

অনন্তর বীর্য্যস্তম্ভনকারক ঔষধ কথিত হইতেছে। এই ঔষধ ভক্ষণমাত্র বৃদ্ধব্যক্তিও যুবা হইতে পারে। যে ব্যক্তি এই বীর্য্যস্তম্ভন প্রক্রিয়া করিবে সেই ব্যক্তি অত্যম্ল, লবণ, ক্ষারদ্রব্য, শাক, কটুদ্রব্য, তিক্তদ্রব্য, শুষ্ক ও পর্য্যুষিত দ্রব্য ইত্যাদি যথাভিলষিত ভোজনদ্রব্য পরিত্যাগ করিবে ॥ ১ ॥

চূর্ণং বিদার্য্যাঃ সুকৃতং স্বরসেনৈব ভাবিতং। শর্করামধুসর্পির্ভির্যুতং পীত্বা পয়ঃ পিবেৎ। বৃদ্ধো যুবা ভবেদ্দেবি! সত্যং সত্যং ন সংশয়ঃ ॥ ২ ॥

ভূমিকুষ্মাণ্ডের চূর্ণ তাহার রসে ভাবনা দিয়া শর্করা, মধু ও ঘৃতের সহিত ভক্ষণ করিয়া দুগ্ধ পান করিবে। এই ঔষধ সেবনবলে বৃদ্ধব্যক্তি যুবা হইতে পারে ॥ ২ ॥

বিদারী-কন্দচূর্ণঞ্চ ঘৃতেন পয়সা পিবেৎ।
ওডুম্বররসেনৈব বৃদ্ধোঽপি তরুণায়তে ॥ ৩ ॥

ভূমিকুষ্মাণ্ডের মূল চূর্ণ করিয়া ঘৃত, দুগ্ধ অথবা যজ্ঞডুম্বরের রসের সহিত ভক্ষণ করিলে বৃদ্ধ ব্যক্তি যুবা হইতে পারে ॥ ৩ ॥

বীজং গোক্ষুরকস্যৈব সমং গুঞ্জাফলন্তথা।
দুগ্ধেন পাচনং কৃত্বা পীতেন বলবীর্য্যকৃৎ ॥ ৪ ॥

গোক্ষুরের বীজ ও গুঞ্জাফল তুল্য পরিমাণে লইয়া তাহার সহিত দুগ্ধ পাক করিবে, এই দুগ্ধ পান করিলে শরীরে বীর্য্য বৃদ্ধি হয় ॥ ৪ ॥

বিষ্ণুক্রান্তা শিখীমূলং করে বদ্ধা তু যো *।
পট্টসূত্রেণ বৈ দেবি! স্থিরবীর্য্যং ধ্রুবং ভবেৎ ॥ ৫ ॥

অপরাজিতার মূল ও অপামার্গের মূল পট্টসূত্রদ্বারা করে বন্ধন করিলে মনুষ্য স্থিরবীর্য্য হইতে পারে ॥ ৫ ॥

কৃষ্ণায়াস্তু চতুর্দ্দশ্যাং কট্যাং বদ্ধ্বা সমাহিতঃ।
হরের্লাঙ্গুলিকা-মূলং সিংহে বা মকরে দিনে ॥ ৬ ॥

সিংহ কিম্বা মকরসংক্রান্তিদিবসে যদি কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী তিথি হয় তবে সেই দিবসে লাঙ্গলিকার মূল উত্তোলন করিয়া কটীতে বন্ধন করিলে মনুষ্য স্থিরবীর্য্য হইয়া থাকে ॥ ৬ ॥

অথ বলজননং।

আর্দ্রকস্য চ মূলন্তু কৃত্তিকায়াং সমুদ্ধরেৎ। মুখে ক্ষিপ্ত্বা সুরাঞ্চাপি যদাচারেণ গচ্ছতি। মহাবলো মহাবীর্য্যো গজং হন্তি ন সংশয়ঃ ॥ ১ ॥

আর্দ্রকবৃক্ষের শিকড় কৃত্তিকা নক্ষত্রে উত্তোলন করিয়া সুরামধ্যে ক্ষেপণ করিবে, ঐ শিকড় ভক্ষণ করিলে মনুষ্য মহাবলশালী হইয়া হস্তীকেও বিনাশ করিতে সমর্থ হয় ॥ ১ ॥

অথ শ্রুতিধারণং।

ধাত্রী-মূলং সমানীয় তিলেন সহ চূর্ণয়েৎ।
মাসৈকং প্রাতরাসেব্য নরঃ শ্রুতিধরো ভবেৎ ॥ ১ ॥

আমলকীবৃক্ষের মূল ও তিল একত্র চূর্ণ করিবে। এই চূর্ণ একমাস প্রাতঃকালে ভক্ষণ করিলে মনুষ্য শ্রুতিধর হয়, অর্থাৎ সেই ব্যক্তি যাহা শ্রবণ করে তাহাই গ্রহণ করিতে পারে ॥ ১ ॥

অথ শস্ত্রবারণং।

মানমূলং সমানীয় হস্তে বদ্ধা গতো রণে।

যস্য দেহেষু শস্ত্রাণি কদাচিন্ন পতন্তি চ ॥ ১ ॥

মানকচুর শিকড় হস্তে বন্ধন করিয়া রণস্থলে গমন করিলে তাহার শরীরে কখনও অস্ত্রপাত হইতে পারে না।

অথ স্পন্দন-ফলং।

অথাতঃ সংপ্রবক্ষ্যামি গাত্র-স্পন্দনজং ফলং। যজ্জ্ঞাত্বা চ বিজানীয়াৎ শুভাশুভফলং নরঃ ॥ শিরঃস্পন্দনমৈশ্বর্য্যং ললাটং রোগকারণং। লাভশ্চ দক্ষিণে নেত্রে কলহং বামলোচনে। উভয়োঃ শোকবার্ত্তা চ নসোর্ম্মারণমাসকে। ওষ্ঠে কলহকশ্চৈব অধরে মিষ্টভোজনং। দন্তমূলস্পন্দনেন অবশ্যং মাংসভোজনং। বামকর্ণে বহুশ্রুতং গানশ্রবণং দক্ষিণে। কণ্ঠে মারাত্মকং রোগং কদাচিজ্জীবনং ভবেৎ। অর্থলাভং দক্ষভুজে স্ত্রীলাভং ভুজবামকে। লক্ষ্মীবৃদ্ধির্দক্ষপৃষ্ঠে বামে চ পরদারকং। উভৌ চ শ্রীবৃদ্ধিঃ স্যান্নাভৌ চ মরণং ভবেৎ। দক্ষকট্যাং বস্ত্রলাভং বামে মিত্রসমাগমং। উৎসবং উভয়োঃ কট্যোঃ * চ যুবতীস্ত্রিয়ং। ভূমিলাভং দক্ষগণ্ডে বামে বুদ্ধিরুভে ধনং। বিদেশগমনং গুহ্যে রাজভয়ং পাদদক্ষিণে। বামপাদে পথগতিরুভয়োঃ রাজসেবনং। এবংবিধং লক্ষয়িত্বা স্পন্দং শুভাশুভপ্রদং ॥ ১ ॥

অনন্তর গাত্রস্পন্দন-ফল কথিত হইতেছে। ইহা জানিতে পারিলে মনুষ্য ভাবি শুভাশুভ নির্ণয় করিতে পারে। শিরঃস্পন্দনে ঐশ্বর্য্যলাভ হয় এবং ললাটস্পন্দনে রোগ, দক্ষিণ নেত্রস্পন্দনে লাভ, বামনেত্রস্পন্দনে কলহ, উভয়নেত্রস্পন্দনে রোগবার্ত্তাশ্রবণ, নাসিকাস্পন্দনে মরণ, ওষ্ঠস্পন্দনে বিবাদ, অধরস্পন্দনে মিষ্টভোজন, দন্তমূলস্পন্দনে মাংসভক্ষণ, বামকর্ণস্পন্দনে বহুশ্রবণ, দক্ষিণকর্ণস্পন্দনে গানশ্রবণ, কণ্ঠস্পন্দনে মারাত্মকরোগ, দক্ষিণবাহুস্পন্দনে অর্থলাভ, বামবাহুস্পন্দনে স্ত্রীলাভ, পৃষ্ঠের দক্ষিণভাগ স্পন্দনে শ্রীবৃদ্ধি, বামভাগস্পন্দনে পরদার, পৃষ্ঠের উভয়ভাগস্পন্দনে শ্রীবৃদ্ধি, নাভিস্পন্দনে মরণ, কটীর দক্ষিণাংশস্পন্দনে বস্ত্রলাভ, বামাংশস্পন্দনে মিত্রসমাগম, কটীর উভয় অংশস্পন্দনে উৎসবকার্য্য, * স্পন্দনে যুবতী স্ত্রীলাভ, দক্ষগণ্ডস্পন্দনে ভূমিলাভ, বামগণ্ডস্পন্দনে বুদ্ধিবৃদ্ধি, উভয়গণ্ডস্পন্দনে ধনলাভ, গুহ্যস্পন্দনে বিদেশগমন, দক্ষিণপাদস্পন্দনে রাজভয়, বামপাদস্পন্দনে পথগমন, উভয়পাদস্পন্দনে রাজসেবা হইয়া থাকে।

এই প্রকারে অঙ্গস্পন্দন লক্ষ্য করিয়া ভবিষ্যৎকালের শুভাশুভ নিশ্চয় করিবে।

শ্রীগৌরীশঙ্করসম্বাদে গৌরীকাঞ্জলিকা সমাপ্তা ॥

নানাবিধ গ্রন্থ হইতে অবধৌতিক ও শাস্ত্রীয় ঔষধাদি উদ্ধৃত করিয়া নিম্নে লিখিত হইল। ইহাদ্বারা বিশেষ ফল দর্শিবে।

অবধৌতিক বিবিধ ঔষধপ্রকরণ।

নিম্নলিখিত অবধৌতিক ঔষধ সকল কোন সন্ন্যাসীর নিকট হইতে আমাদিগের কোন এক বন্ধু লিখিয়া আনিয়াছিলেন তাহাই এস্থলে প্রকাশ করিলাম।

অথ রক্তাতিসার-প্রতিকার। বেলশুঁঠ ১ একতোলা ও ছাগদুগ্ধ ১৩ ত্রয়োদশ তোলা একত্র করিয়া সিদ্ধ করিবেক। শেষ ৮ আটতোলা থাকিবে, চিনি ২ দুই মাষা প্রক্ষেপ দিয়া ভক্ষণ করিবেক ॥ ১ ॥

অথ চক্ষুর ছানি প্রতিকার। নারিকেলদুগ্ধ, ভেলার সত্ব, শঙ্খকরস ও জাতিফল সমভাগ করিয়া বটিকা করিবে। এই বটিকা অঞ্জনক্রিয়াতে চক্ষুর ছানি বিনষ্ট হয়। ১।

কসমাপত্রের রস ও অশ্বগন্ধাপত্রের রস একত্র করিয়া তাম্রপাত্রে ঘেঁচিকড়ি পাঁচটা দিয়া অঞ্জন করিবেক, এই অঞ্জন চক্ষে দিলে, ছানি ঘুচে। ২।

অথ চক্ষুস্তেজোবৃদ্ধীকরণ। শুণ্ঠী, পিপ্পলী, মরিচ, ভীমরাজের মূলের রস, ঘৃত, মধু, ছাগদুগ্ধ ও শিশির সমভাগ করিয়া, তাম্রপাত্রে ঘেঁচিকড়িতে ঘসিয়া, অঞ্জন করিলে, চক্ষুর তেজ বৃদ্ধি হয়। ১।

অথ নির্লোমীকরণ ও সলোমীকরণ। আপাঙ্গের মূল, গোরোচনা ও সৈন্ধব মধুর সহিত বাটিয়া, অঙ্গে মাখিলে, শরীরে অধিক লোম যে থাকে, সে খসিয়া পড়ে এবং যে শরীরে লোম না থাকে, তাহার সত্বর লোম হয়। ১।

অথ শিরঃশূল-প্রতিকার। আলকুশীর মূল কাঁজীর সহিত বাটিয়া, মস্তকে ঘসিয়া দিলে, শিরঃশূল ভাল হয়। ১।

পেঁটারির মূল বাটিয়া মস্তকে দিলে, শিরঃশূল ঘুচে। ২।

অথ আধকপালিয়ার প্রতিকার। শ্বেত অপরাজিতা মস্তকে ঘসিয়া দিলে, অর্দ্ধকপালিয়া দূর হয়। ১।

পেঁটারির মূল নস্য করিলে, আধকপালিয়া ঘুচে। ২।

অথ চক্ষুঃশূল-প্রতিকার। ডানিপণার মূলের রস দিলে, চক্ষুঃশূল ঘুচে। ১।

অথ চক্ষুর্জ্যোতির্বর্দ্ধন। ডানিপণার সত্ত্ব কাঁচাদুগ্ধের সহিত খাইলে, চক্ষুর জ্যোতি হয়। ১।

অথ শিরঃশূল-প্রতিকার ও মধ্যাহ্নে নক্ষত্রদর্শন। পুষ্যানক্ষত্রে আউচফুলের রস চক্ষে দিলে, শিরঃশূল ঘুচে এবং মধ্যাহ্নে নক্ষত্র দেখিতে পায়। ১।

অথ ভূতদৃষ্টিপ্রক্রিয়া—শৃগালের দুই চক্ষু ভিন্ন ভিন্ন বাটিয়া, দক্ষিণ ও বাম উল্টাক্রমে আপন চক্ষে দিলে, ভূতদৃষ্টি হয়। সাহস করিয়া ধরিলে যাহা চাহে তাহা পায় ॥ ১ ॥

অথ রাত্রিযোগে দিবার ন্যায় দর্শন।—বাদুড়ের দুই চক্ষু ভিন্ন ভিন্ন বাটিয়া, দক্ষিণ ও বাম উল্টাক্রমে আপন দুই চক্ষে অঞ্জন করিলে দিবসের মত রাত্রে দেখিতে পাওয়া যায় ॥ ১ ॥

ডোমকাকের পিত্ত ও পেঁচার মুখ বাটিয়া চক্ষে অঞ্জন করিলে,দিবসের মত রাত্রে দেখিতে পায় ॥ ২ ॥

অথ নিদ্রাকরণ। কাকপানাতির মূল মাথায় বান্ধিলে, নিদ্রা হয় ॥১॥

পিপ্পলীমূল ও মুগাইমূল মাথায় বান্ধিলে, নিদ্রা হয় ॥ ২ ॥

অথ নিদ্রাবিনাশপ্রকরণ। শজিনার বীজ, নীলোৎপল ও কাঞ্জিড়ার মূল বাটিয়া অঞ্জন করিয়া চক্ষে দিলে, নিদ্রা ঘুচে ॥ ১ ॥

কান্দুকুড়িয়ার মূল মাথায় বান্ধিলে, নিদ্রা ঘুচে ॥ ২ ॥

বৃহতিমূল ও যষ্টিমূল বাটিয়া অঞ্জন করিলে, নিদ্রা ঘুচে ॥ ৩ ॥

শ্বেতএরণ্ডমূল কাঁজির সহিত বাটিয়া অঞ্জন করিলে, নিদ্রা ঘুচে ॥ ৪ ॥

অথ ঘোটকের দৃষ্টিবন্ধ ও প্রতিকার।—কালিয়াজিরার গুঁড়ি করিয়া যে ঘোড়ার চক্ষুতে দেয় সে ঘোড়া দেখিতে পায় না। পুনশ্চ ঘোল দিয়া ধুইলে দেখিতে পায় ॥ ১ ॥

অথ কর্ণরোগ-প্রতিকার।—শঙ্খচূর্ণ ও গোমূত্রে কর্ণ পূরাইলে, কর্ণরোগ ঘুচে ॥ ১ ॥

মহাকালের বীজ বাটিয়া তৈল পাক করিয়া, কর্ণে দিলে, কর্ণরোগ ঘুচে ॥ ২ ॥

অথ কবিতাশক্তিপ্রাপ্তি।—আমলকীর ফল গুঁড়া করিয়া, ঘৃত ও মধুর সহিত বাটিয়া খাইলে, একমাসে কবিতাশক্তি লাভ হয় ॥ ১ ॥

অথ বাদীদূরীকরণ।—মেঘনাদের মূল মুখে রাখিলে, বাদী পলায় ॥১॥

অথ দন্তরোগ-নিবারণপ্রকরণ।—কুড়চী বাটিয়া দন্তমূলে ধরিলে, দন্তরোগ ঘুচে ॥ ১ ॥

অথ দন্তের পোকা মারণ। কান্দড়িয়া হাঁচিয়াতির মূল চিবাইলে দন্তের পোকা মরে ॥ ১ ॥

নান্দিয়ার মূল দন্তে চিবাইয়া পায়ের দুই বুড়া অঙ্গুলে লেপিলে, দন্তের পোকা মরে ॥ ২ ॥

ডানিপণার মূল চিবাইলে, দন্তের পোকা মরে ॥ ৩ ॥

আদা বাটিয়া দন্তের মূলে ধরিলে, দন্তের পোকা মরে ॥ ৪ ॥

অথ দন্তপতন নিবারণ।—হিজলের মূল বাটিয়া দন্তের মূলে ধরিলে দন্ত না চলে ॥ ১ ॥

অথ দন্তদৃঢ়ীকরণ।—বকুলের ছাল বাটিয়া দন্তমূলে ধরিলে, দন্ত দড় হয়। ঝাঁটির পত্র চিবাইলে দন্ত দড় হয় ॥ ১—২ ॥

পিপ্পলীমূল বাটিয়া দন্তের মূলে ধরিলে, দন্ত দৃঢ় হয় ॥ ৩ ॥

অথ দন্তকট্‌কটানাশ।—কান্দড়ের পত্র বাটিয়া দুগ্ধের সহিত কাথ করিয়া পায়ের তলে লেপিলে, দন্তকট্‌কটা ঘুচে ॥ ১ ॥

অথ গলগণ্ড-প্রতিকার।—বামনহাঁটীর মূল তণ্ডুলসহিত বাটিয়া গলে দিলে, গলগণ্ড ঘুচে ॥ ১ ॥

চিত্রানক্ষত্রে একডালা অশ্বগন্ধার মূল গলাতে বান্ধিলে গলগণ্ড ঘুচে ॥ ২ ॥

হস্তিকর্ণপলাশ বাটিয়া তণ্ডুলের সহিত দিলে, গলগণ্ড দূর হয় ॥ ৩ ॥

শিউলীর ফল ও মূল এবং হরিদ্রাচূর্ণ তপ্ত করিয়া স্বেদ দিলে, গলগণ্ড দূর হয় ॥ ৪ ॥

অথ শ্লেষ্মকাস-প্রতিকার।—শেষভোজনকালে লবণপাণি খাইলে, শ্লেষ্মকাস ঘুচে ॥ ১ ॥

অথ শ্বাসকাস-প্রতিকার।—পিপ্পলী, শুণ্ঠী ও সৈন্ধব একত্রে চূর্ণ করিয়া ভোজনকালে খাইলে, শ্বাসকাস ঘুচে ॥ ১ ॥

রামবাসকের মূল, কালমাকড়্যা ও অমৃতার কড়ী এককড়া একত্র করিয়া বড়ী করিয়া, গলাতে ধরিলে শ্বাসকাস ঘুচে ॥ ২ ॥

শুণ্ঠী, পিপ্পলী ও দেবদারু গুড়া করিয়া তপ্তজলের সহিত খাইলে, শ্বাসকাস ঘুচে ॥ ৩ ॥

বালা, রক্তচন্দন ও বেণার মূল বাটিয়া বাসিজল দিয়া খাইলে, শ্বাসকাস দূর হয় ॥ ৪ ॥

অথ হিক্কাকাস-প্রতিকার।—বয়ড়ার মজ্জা ও শুণ্ঠী মধুর সহিত খাইলে হিক্কাকাস দূর ॥ ২ ॥

অথ বমন-প্রতিকার। নীলোৎপল, বটের নামনার আগা ও বেণার মূল কাথ করিয়া মধু দিয়া খাইলে, বান্তি ঘুচে ॥ ১ ॥

অথ রক্তবান্তি-প্রতিকার। বাসকপত্র বাটিয়া কদলীপত্রে দগ্ধ করিয়া তাহার সহ হিঙ্গুল ও মধু একগুণ পান করিলে, রক্তবান্তি ঘুচে ॥ ১ ॥

অথ ক্ষয়রোগ-প্রতিকার। হরিণের শুষ্কমাংস ছাগদুগ্ধ দিয়া বাটিয়া খাইলে ক্ষয়রোগ ঘুচে ॥ ১ ॥

শিমূলীর মূল বাটিয়া মধু দিয়া খাইলে, ক্ষয়রোগ ঘুচে ॥ ২ ॥

অথ দুষ্টকাস-প্রতিকার। ত্রিফলা ও ত্রিকটু চূর্ণকরিয়া মধু দিয়া খাইলে, দুষ্টকাস ঘুচে ॥ ১ ॥

অথ রক্তপিত্ত-প্রতিকার। বাসকপত্রের রস মধু দিয়া খাইলে, রক্তপিত্ত ঘুচে ॥ ১ ॥

গাম্ভারীর মূল বাটিয়া প্রাতঃকালে খাইলে, রক্তপিত্ত ঘুচে ॥ ২ ॥

অথ অম্লপিত্ত-প্রতিকার। নিমের তিক্ত তেজপত্র বাটিয়া ভোজনকালে খাইলে, অম্লপিত্ত ঘুচে ॥ ১ ॥

কেশুরিয়া বাটিয়া প্রথমভোজনকালে অন্নের সহিত খাইলে, অম্লপিত্ত ঘুচে ॥ ২।

কুড়চীর মূল ও লেবুর রস লবণ দিয়া প্রাতঃকালে খাইলে, অম্লপিত্ত ঘুচে ॥ ৩ ॥

অথ বিষহরণপ্রকরণ। দুইভাগ ভেলা একভাগ গুড় দিয়া খাইলে, বিষ ঘুচে ॥ ১ ॥

পলাশবীজ গুগ্‌গুলের সহিত খাইলে, বিষ ঘুচে ॥ ২ ॥

অথ অজীর্ণরোগোপশমন। শুণ্ঠী তপ্তদুগ্ধের সহিত প্রাতঃকালে বা ভোজনকালে খাইলে, অজীর্ণতাদোষ ঘুচে ॥ ১ ॥

যবক্ষার, সৈন্ধব, পিপ্পলী, হরীতকী ও যমানী সমভাগ করিয়া তপ্তজল দিয়া প্রাতঃকালে খাইলে, অজীর্ণ ঘুচে ॥ ২ ॥

অথ বাতাজীর্ণপ্রতিকার। নারীকেলের জল সৈন্ধবের সহিত খাইলে বাতাজীর্ণ ঘুচে ॥ ১ ॥

অথ অগ্নিবর্দ্ধন। ত্রিফলা, ত্রিকটু, সোহাগা, যমানী ও চিতার মূল সমভাগে চূর্ণ করিয়া তপ্তজল দিয়া খাইলে, অগ্নি বৃদ্ধি হয় ॥ ১ ॥

অথ ক্ষুধাজনন। যবক্ষার ও শুণ্ঠী চূর্ণ করিয়া ঘৃত দিয়া প্রাতঃকালে খাইলে, ক্ষুধা হয় ॥ ১ ॥

জাম, ছোলঙ্গ, শিরীষ, অপামার্গবীজ ও সর্ষপচূর্ণ ছাগদুগ্ধ দিয়া সিদ্ধ করিয়া খাইলে, ক্ষুধা হয় ॥ ২ ॥

অথ বৃক্কশূল-প্রতিকার। শুণ্ঠী, যব, এরণ্ড ও গোক্ষুরীমূল একত্রে কাথ করিয়া হিঙ্গুলের সহিত খাইলে, বৃক্কশূল ঘুচে ॥ ১ ॥

অথ বুকশূল-প্রতিকার। ভেলা ও পিপ্পলীমূলের সত্ত্ব খাইলে বুকশূল ঘুচে ॥ ১ ॥

মরিচ ও কুড়চীচূর্ণ তপ্তজল দিয়া খাইলে, বুকশূল ঘুচে ॥ ১ ॥

হরীতকীপত্র বাটিয়া রসাইয়ার মণ্ডসহ খাইলে, বুকশূল ঘুচে ॥ ২ ॥

অথ কুক্ষিজ্বর-প্রতিকার। কুষ্মাণ্ডগাছের মূল বাটিয়া শর্করা দিয়া খাইলে, কুক্ষিজ্বর ঘুচে ॥ ১ ॥

পানিফলের মূল ঘৃতের সহিত খাইলে, কুক্ষিজ্বর ঘুচে ॥ ২ ॥

ত্রিফলা-চূর্ণ গোমূত্রে কাথ করিয়া মণ্ডসহিত একত্র করিয়া ঘৃত দিয়া মধ্যাহ্নে ভোজনকালে খাইলে, কুক্ষিজ্বর ঘুচে ॥ ৩ ॥

অথ বাইশূল-প্রতিকার। হিজলের ফল মরিচের সহিত বাটিয়া খাইলে, বাইশূল ঘুচে ॥ ১ ॥

অথ প্লীহা-প্রতিকার। কেতকীপত্রের ক্ষার গুড় দিয়া খাইলে প্লী... ঘুচে ॥ ১ ॥

এরণ্ডগাছের মূল ও যব গোমূত্রে বাটিয়া খাইলে প্লীহা ঘুচে ॥ ২ ॥

চিতার মূল বাটিয়া পাকারম্ভার ভিতরে পূরিয়া খাইলে, প্লীহা ঘুচে ॥ ৩ ॥

প্রাতঃকালে লবণপানি খাইলে, প্লীহা ঘুচে ॥ ৪ ॥

অথ গুল্মপ্লীহাজ্বরাদিসর্ব্বরোগের প্রতিকার।—মিসিন্দার শুড়ি গোমূত্র দিয়া খাইলে, একমাসে দাওয়াদোষ, কুষ্ঠ, নারীরগুল্ম, প্লীহা এবং জ্বরআদি সর্ব্বরোগ দূর হয় ॥ ১ ॥

চিতা-মূল, বচ, শুণ্ঠী, পিপ্পলী, বেলশুঁঠ, সৈন্ধব, আদা ও হরীতকী সমভাগে কাঞ্জীতে কাথ করিয়া খাইলে, শ্বাসকাস, অতিসার, গুল্ম, অজীর্ণ, হৃদয়রোগ, ব্যথা-আদি ঘুচে ॥ ২ ॥

অথ জলদোষ-প্রতিকার। গোটাপিপ্পলী সিজের ক্ষীরে মাখিয়া, একুইশ দিন রৌদ্রে শুকাইয়া, মধু দিয়া খাইলে, জলদোষ ঘুচে ॥ ১ ॥

অথ জলত্র-প্রতিকার। মহিষের মূত্রপান করিলে, জলত্র ঘুচে ॥ ১ ॥

অথ বিশূচিকা-প্রতিকার। লবঙ্গ বাটিয়া খাইলে, বিশূচিকা ঘুচে ॥১॥

অথ আমবাত-প্রতিকার। বিছাতীর পাতা ঘৃতপক্ব করিয়া খাইলে আমবাত ঘুচে। ১ ॥

রসুন তিলতৈল সহিত খাইলে, আমবাত ঘুচে ॥ ২ ॥

ব্রাহ্মীশাক ঘৃতে ভাজিয়া খাইলে, আমবাত ঘুচে ॥ ৩ ॥

অথ পুষ্টিবাতাদি-প্রতিকার।—শিমুলিয়ার মূল কুড়চীর সহিত বাটিয়া খাইলে, পুষ্টিবাতাদি ঘুচে ॥ ১ ॥

অথ সর্ব্ববিষবাত-প্রতিকার।—শিরীষগাছের ছালের কাথ চিনি দিয়া খাইলে সকলবাত ঘুচে ॥ ১ ॥

অথ কুব্জরোগ-প্রতিকার।—পুঁড়ীশাকের বীজের তৈল পোড়াইয়া সেই তৈল মর্দ্দন করিলে, কুব্জ ঘুচে ॥ ১ ॥

অথ মেদ-প্রতিকার।—ক্ষিরাইয়ের মূল বাটিয়া আদার সহিত খাইলে, মেদ ঘুচে ॥ ১ ॥

অথ মেহ-প্রতিকার।—হরিদ্রা ও আমলকীচূর্ণ খাইলে মেহ ঘুচে ।১।

অথ কুরণ্ড-প্রতিকার।—কেতকীর মেথী লেপিলে, কুরণ্ড ঘুচে। আফিঙ্গ প্রলেপ করিলেও কুরণ্ড ঘুচে ॥ ২ ॥

অথ মাহুরাবিষ-প্রতিকার।—গান্ধারীমূল খাইলে, মাহুরাবিষ ঘুচে ।১।

অথ রক্তাদিবিষ-প্রতিকার।—বটের নাস্নার আটা তণ্ডুলের সহিত খাইলে, রক্তাদিবিষ ঘুচে ॥ ১ ॥

অথ রক্তাতিসার-প্রতিকার।—মণ্ডশর্করা খাইলে, রক্তাতিসার ঘুচে ।১।

আম্রছাল বাটিয়া কাঞ্জীর সহিত খাইলে, রক্তাতিসার ঘুচে ॥ ২ ॥

অথ গ্রহণী-প্রতিকার।—গাঁজার কোমলপত্র বাটিয়া, বোয়ালিমৎস্য পোড়াইয়া তাহার সহিত খাইলে, গ্রহণী ঘুচে ॥ ১ ॥

পাকাবেল ভিজা চিড়ার সহিত একবর্ণা গাভীর দুগ্ধ দিয়া খাইলে গ্রহণী ঘুচে ॥ ২ ॥

কাঁচাবকুলের ফলের সত্ত্ব একবর্ণাগাভীর দুগ্ধ দিয়া খাইলে, গ্রহণী ঘুচে ॥ ৩ ॥

পাকাবেল চিনি দিয়া খাইলে, গ্রহণী ঘুচে ॥ ৪ ॥

অথ সক্তিগ্রহণী ও বায়ুরোগ-প্রতিকার।—শঙ্করজটার মূল মরিচ ...টিয়া খাইলে, সক্তিগ্রহণী ঘুচে এবং বাই ঘুচে ॥ ১ ॥

অথ ...শ্ব-প্রতিকার।—আপাঙ্গের মূল গুড় দিয়া খাইলে, হাঁপিষ ঘুচে ॥ ১ ॥

শিমুলীর মূল কাঞ্জি দিয়া বাটিয়া খাইলে, হাঁপিষ ঘুচে ॥ ২ ॥

দণ্ডোৎপলের মূল ২১ একুইশটা মরিচ দিয়া বাটিয়া খাইলে, হাঁপিষ ঘুচে ॥ ৩ ॥

অথবাতশিরা-প্রতিকার। মালকাঁকড়িয়ার মূল কাঁচা বাটিয়া খাইলে ভাড়লি (বাতশিরা) ঘুচে ॥ ১ ॥

অথ পা-ফাটা-প্রতিকার।—গুড়, তৈল ও লবণ চারিগুণগোমূত্রে ভিজাইয়া রৌদ্রে পাক করিয়া পায়ে লেপিলে, পা-ফাটা ভাল হয় ॥ ১ ॥

অথ অধিক জল-পান প্রকরণ।—বনকাপাসের মূল গায়ে থাকিলে, জল অধিক খাওয়াযায় ॥ ১ ॥

অথ পিত্তনাশপ্রকরণ। হেলাঞ্চাশাকের সত্ত্ব শর্করার সহিত দুগ্ধ দিয়া, খাইলে, পিত্ত ঘুচে ॥ ১ ॥

শর্করার সহিত ঘৃত খাইলে, পিত্ত ঘুচে ॥ ২ ॥

হরীতকী ও গুড় দুগ্ধ দিয়া খাইলে পিত্ত ঘুচে ॥ ৩ ॥

অথ বায়ু-প্রতিকার।—তেঁতুড়ি গুড়সহ খাইলে, বাই ঘুচে ॥ ১ ॥

শিমুলীর ছাল বাটিয়া গায়ে লেপন করিলে, বাই ঘুচে ॥ ২ ॥

দধি ও গুড় গাত্রে লেপন করিলে, বাই ঘুচে ॥ ৩ ॥

তণ্ডুলোদক শর্করার সহিত খাইলে, বাই ঘুচে ॥ ৪ ॥

অথ উর্দ্ধবাই প্রতিকার।—এলাইচ ও পিপ্পলী ঘৃতের বা মণ্ডের সহিত খাইলে, উর্দ্ধবাই ঘুচে ॥ ১ ॥

অথ উন্মাদ-প্রতিকার।—শুণ্ঠী, পিপ্পলী ও দেবদারু চূর্ণ করিয়া তপ্তজলসহ খাইলে, উন্মাদ ভাল হয় ॥ ১ ॥

অথ উন্মাদবায়ু-প্রতিকার।—শিমুলীর মূল, কদলীর বীজসহ খাইলে, উন্মাদবাই ঘুচে ॥ ১ ॥

স্নান করিয়া ময়ুর, কুক্কুট, পায়রা, পায়রার মল, হরিতাল ও ধুতুরার বীজ মিশ্রিত করত চূর্ণ করিয়া মাথায় দিলে, উন্মাদবাই ঘুচে ॥ ২ ॥

অথ কামলপ্রতিকার।—আঁকড়ের মূল জল সহ নস্য করিলে, কামল ঘুচে ॥ ১ ॥

জায়ফল ও মরিচ বাটিয়া খাইলে, কামল ঘুচে ॥ ২ ॥

আমলকীর মূল তক্রসহ খাইলে, কামল ঘুচে ॥ ৩ ॥

শিমুলের মূল আর্দ্রগুড় ও তক্রসহ খাইলে, কামল ঘুচে ॥ ৪ ॥

ঘৃতকুমারীর মূল বাসিজল দিয়া বাটিয়া নস্য করিলে, কামল ঘুচে ॥৫॥

এরণ্ডমূল মধুসহ, শুয়াসিসিরের ফুলের সহ, গোরোচনাসহ চক্ষে অঞ্জন করিলে, কামল, ঘুচে ॥ ৬ ॥

অথ পিত্তকামল-প্রতিকার।—কেশুরিয়ার সত্ত্ব কাঁজির সহ কিম্বা তৈলের সহ ঘষিয়া, চক্ষুর ভিতর দিলে পিত্তকামল ঘুচে ॥ ১ ॥

অথ রক্তপিত্তকামল-প্রতিকার।—বাসকের মূলের রস মধু ও শর্করার সহিত খাইলে, রক্তপিত্তকামল ঘুচে ॥ ১ ॥

অথ শ্লেষ্মজ্বর-প্রতিকার।—মহিষের দুগ্ধ ত্রিকটুসহ খাইলে, শ্লেষ্মজ্বর ঘুচে ॥ ১॥

গোদুগ্ধ শর্করাসহ খাইলে, শ্লেষ্মজ্বর ঘুচে ॥ ২ ॥

অথ পিত্তজ্বর-প্রতিকার।—শিমুল গোমূত্রসহ খাইলে, পিত্ত[illegible] ॥১॥

কুড়চী, শুণ্ঠী, রক্তচন্দন, নিম্বের ছাল, ধনিয়া ও বেণা[illegible]মূল বাটিয়া অষ্টগুণার শেষ জলপানে পিত্তজ্বর ঘুচে ॥ ২ ॥

মণ্ড ঘৃতসহ পানে পিত্তজ্বর ঘুচে ॥ ৩ ॥

ক্ষেতপাপড়া বাটিয়া সিদ্ধ করিয়া তাহার কাথ মধু দিয়া খাইলে, পিত্তজ্বর ঘুচে ॥ ৪ ॥

অথ ত্রিদোষজ্বর-প্রতিকার।—গাভীদুগ্ধ উষ্ণ করিয়া সৈন্ধবসহ পান করিলে, ত্রিদোষজ্বর ঘুচে ॥ ১ ॥

অথ প্রলাপজ্বর-প্রতিকার।—সোনামুখ, ত্রিকটু, পাপড়িখয়ের, হরীতকী, চন্দন, বেণার মূল, মুথা ও বালা একত্র বাটিয়া অষ্টগুণার শেষ জল পান করিলে, প্রলাপজ্বর ঘুচে ॥ ১ ॥

অথ সকলজ্বর-প্রতিকার।—ত্রিফলা, পটোলপত্র, মুথা, কুড়চী, নিম্বপত্র ও ধনিয়া বাটিয়া অষ্টগুণার শেষ জল পান করিলে, সকলজ্বর ঘুচে ॥ ১ ॥

শ্বেতার্ক ও শ্বেতাপরাজিতার মূল বাটিয়া তপ্তজল দিয়া পান করিলে, সকলজ্বর ঘুচে ॥ ২ ॥

অথ নাগজ্বর-প্রতিকার।—কালতুলসীর মূল কুমারীকন্যার সূতাসহ হাতে বান্ধিলে নাগজ্বর ঘুচে ॥ ১ ॥

সালক্কার মূল বাটিয়া খাইলে, নাগজ্বর ঘুচে ॥ ২ ॥

অথ পালিজ্বর ও রাজমোহিনী-প্রতিকার।—নিগুণ্টুটাটির মূল গলায় বান্ধিলে, পালিজ্বর ঘুচে এবং রাজমোহিনী ঘুচে ॥ ১ ॥

অথ পালিজ্বর-প্রতিকার।—পেঁচার চক্ষু আর মাথা ও গুগ্‌গুল সর্ব্ব একত্র করিয়া দক্ষিণহস্তে বান্ধিলে, পালিজ্বর ঘুচে ॥ ২ ॥

চিরতা ও আমলকীর মূল মাথায় বান্ধিলে, পালিজ্বর ঘুচে ॥৩॥

অথ গ্রহণী-প্রতিকার।—শ্বেতাপরাজিতার মূল তণ্ডুলজলের সহিত পান করিলে, গ্রহণীরোগ ঘুচে ॥ ১ ॥

অথ ডাইনছাড়ান।—আলকুশীর মূল শুঁকিলে, কিম্বা গায়ে বান্ধিলে ডাইন (ডাকিনী) ঘুচে ॥ ১ ॥

মূলহইতে উপর তুলিয়া শেওড়ার ছাল গলায় বান্ধিলে ডাইনী ঘুচে॥২॥

অথ ভূতপ্রেতডাইনযোগিনী-প্রতিকার।—কাগজ, হরিদ্রা ও ছেঁড়া চুল একত্র করিয়া নস্য করিলে, ভূত, প্রেত, ডাইন, যোগিনী না লাগে॥ ১ ॥

অথ ভূতপ্রেতছাড়ান।—রোহিতমৎস্য রবিবারে ধরিয়া তাহার পিত্ত মরিচের গুঁড়িতে মাখিয়া শুখাইয়া চক্ষে অঞ্জন করিলে, ভূতপ্রেত ছাড়ে ॥ ২ ॥

অথ চক্ষুরোগ-প্রতিকার।—দুই স্ত্রী যাহার, তাহার ঘরের ঢেঁকীশালাতে খাড়ু গড়াইয়া পরিলে, চক্ষু ছাড়ে ॥ ১ ॥

অথ বালকরক্ষাপ্রাপ্তি।—কুড়, বচ ও অগুরু একত্র করিয়া বালকের গলাতে বান্ধিলে, রক্ষা পায় ॥ ১॥

কেঁকলাসের কাঁটা বালকের গলাতে বান্ধিলে, বালক রক্ষা পায় ॥২॥

অথ কুষ্ঠরোগ-প্রতিকার।—ছাতিনের ছাল বাটিয়া ত্রিকটুর সহিত একত্র[illegible]লে, কুষ্ঠ ঘুচে ॥ ১ ॥

শিমুলের মূল বাটিয়া জামীররসসহ পানে কুষ্ঠ ঘুচে ॥ ২ ॥

অথ কুষ্ঠীকরণ।—কৃকলাস, ভ্রমর ও বিছা মারিয়া শুকাইয়া চূর্ণ করিয়া যাহার গায়ে দেয়, তাহার কুষ্ঠ হয় ॥ ১ ॥

তাম্বা, তৈল, ঘোল ও জামীররসে শুধিয়া গন্ধক সমভাগে অন্নের সহ গুড়ি করিয়া খাইলে, কুষ্ঠ হয় ॥ ২ ॥

অথ শ্বেতকুষ্ঠ-প্রতিকার।—ওকড়ার বীজ গোমূত্রসহ বাটিয়া লেপিলে শ্বেতকুষ্ঠ ঘুচে ॥ ১ ॥

শিমুলীর মূলী ও আপাঙ্গবীজ গোমূত্রসহ বাটিয়া লেপিলে, শ্বেতকুষ্ঠ ঘুচে ॥ ২ ॥

অথ বিষহরপ্রকরণ।—মরিচ বাটিয়া সিন্দূর ও নবনী সহ লেপনে বিষ ঘুচে ॥ ১ ॥

অথ দদ্রুরোগ-প্রতিকার।—এলাইচবীজ বাটিয়া তক্রসহ লেপিলে, দদ্রু ঘুচে ॥ ১ ॥

সোন্দালীমূল বাটিয়া কাগজীলেবুর সহ লেপনে দদ্রু ঘুচে ॥ ২ ॥

অথ সিধ্মনি-প্রতিকার।—কুড়চি, দূর্ব্বা, গোময়রস, পীঠিয়া, আদা, হরিদ্রা, মূলাবীজ, কাঁজী ও যাবাগ্র আলুইসহ লেপিলে সিধ্মনি ঘুচে ॥১॥

অথ ব্রণ-চিকিৎসা।—নিম্বপত্র ও নির্ব্বিষীর মূল বাটিয়া লেপনে ব্রণ ঘুচে ॥ ১ ॥

মহিষের বাছুরের নাদের গুঁড়ি করিয়া দিলে, ব্রণ ঘুচে ॥ ২ ॥

পিপ্পলী ও কালগিমে বাটিয়া লেপনে ব্রণ ঘুচে ॥ ৩ ॥

কর্পূরের রস লেপনে ব্রণ ঘুচে ॥ ৪ ॥

শসার বীজ ও লবণ কাঁজিসহ লেপনে, ব্রণ ঘুচে ॥ ৫ ॥

অথ বসন্তরোগনিবারণ।—কণ্টিকারির মূল মরিচসহ বাটিয়া খাইলে সর্ব্বকাল বসন্ত হয় না ॥ ১ ॥

অথ গাদেয়াব্যথা ভালকরণ।—শাঁকের গুঁড়ি, রাঙ্গাকানড়ি, সিন্দূর, সৈন্ধব, যবক্ষার, কন্দফলের ফুল, শজিনামূলের রস, কামরাঙ্গাবীজের রস ও আমলকীফুলের রস একত্র শুখাইয়া গুঁড়া করিয়া গাদেয়াব্যথাতে লেপিলে, গাদেয়াব্যথা ভাল হয় ॥ ১ ॥

অথ ঘায়ের পোকামারণ।—ঈশ্বরজটা খাইলে, ঘায়ের পোকা মরে ।১

অথ ঘায়ের রক্তহরণ।—শ্বেত আপাঙ্গের মূল কাটা ঘায়ে দিলে, রক্ত হরে ॥ ১ ॥

ধুতুরার পত্র বাটিয়া প্রলেপ দিলে, ঘায়ের রক্ত শুখায় ॥ ২ ॥

অথ কাটাঘা শুখান।—খয়ের চূর্ণ দিলে, কাটাঘা শুখায় ॥ ১ ॥

হরিদ্রা ও মরিচ বাটিয়া দিলে, কাটাঘা শুখায় ॥ ২ ॥

কেশরাজ বাটিয়া কাটাঘায়ে দিলে, ঘা শুখায় ॥ ৩ ॥

অথ সর্পবিষনাশন।—নাজানগাছের মূল বাটিয়া চালুনী দিয়া খাইলে সর্পের বিষ ঘুচে ॥ ১ ॥

ডুমুরির মূল মরিচসহ বাটিয়া খাইলে, সর্পের বিষ ঘুচে ॥ ২ ॥

ফুদিয়া নটিয়ার মূল মরিচসহ খাইলে, সর্পের বিষ ঘুচে ॥ ৩ ॥

কন্দফলের ছাল ও পত্র, তিতপলতার মূল ও কাঁটাসিজের মূল একত্র করিয়া খাইলে, সর্পের বিষ ঘুচে ॥ ৪ ॥

আকন্দের মূল বাটিয়া বাসিজলসহ খাইলে, সর্পের বিষ ঘুচে ॥ ৫ ॥

ছুঁইকুমুড়া গাছের মূল বাটিয়া খাইলে, সর্পের বিষ ঘুচে ॥ ৬ ॥

অথ বোড়াসর্পের বিষনাশন।—আঠিয়াকলার মূল তিনখানি ও মরিচ তিনটি বাটিয়া ঘায়ে লেপিলে, বোড়াসর্পের বিষ ঘুচে ॥ ১ ॥

অথ ঘায়ের বিষনিবারণপ্রকরণ।—কেশরাজ বাটিয়া ঘায়ে লেপিলে, বিষ ঘুচে ॥ ১ ॥

অথ বিষ-প্রতিকার। সালুক বাটিয়া খাইলে, বিষ ঘুচে ॥ ১ ॥

অথ কুক্কুর দংশনবিষোপশমন।—মহাকালের মূল বাটিয়া কাঁজির সহ লেপিলে, কুক্কুরের বিষ ঘুচে ॥ ১ ॥

অথ ছুঁচার বিষনাশন।—আমরুলী বাটিয়া খাইলে ছুঁচার বিষ ঘুচে ॥ ১ ॥

পরিধানবস্ত্র পরিবর্ত্ত করিলে, ছুঁচার বিষ ঘুচে ॥ ২ ॥

অথ সকলপ্রকার বিছার বিষপ্রতিকার।—পুষ্যানক্ষত্রে দূর্ব্বার মূল বাটিয়া খাইলে, সকল বিছার বিষ ঘুচে ॥ ১ ॥

অথ মধুমক্ষিকা-বিষনিবারণ।—সৈন্ধবলবণ লেপিলে, মধুমাছীর বিষ ঘুচে ॥ ১ ॥

অথ সকলজীববিষনাশপ্রকরণ।—শ্যোনক, হরিদ্রা, বকুলের ছাল, মঞ্জিষ্ঠা ও দারুহরিদ্রা বাটিয়া লেপিলে, সকলজীবের বিষ ঘুচে ॥ ১ ॥

অথ গাছুয়া বিছার বিষপ্রতিকার। লবণ কাঁজির সহিত লেপিলে, গাছুয়াবিছার বিষ ঘুচে ॥ ১ ॥

অথ স্তনাশোথপ্রকরণ।—হাঁচুটির মূল মহিষদুগ্ধ ও জলসহ বাটিয়া লেপিলে, স্তনাশোথ ঘুচে ॥ ১ ॥

অথ অগ্নিদগ্ধবিষ-প্রতিকার।—জীরা, হরীতকী, ধুপ ও ধনিয়া সর্ব্ব একত্র করিয়া বাটিয়া ঘৃতে পাক করিয়া লেপিলে, অগ্নিদগ্ধবিষ ঘুচে ॥ ১ ॥

যবের গুঁড়ী তিলতৈলে পাক করিয়া কটুতৈলসহ লেপনে অগ্নিদগ্ধবিষ ঘুচে ॥ ২ ॥

অথ গাত্রদুর্গন্ধ-নিবারণ।—বেলের ছাল, সোনালু, শিরীষ ও লোধছাল বাটিয়া গাত্রে দিলে, গাত্রের দুর্গন্ধ ঘুচে ॥ ১ ॥

অর্জ্জুনপুষ্প ও লোধছাল বাটিয়া গাত্রে লেপনে গাত্রের দুর্গন্ধ ঘুচে ॥২॥

শিমুলী মূল জোয়ানী সহ বাটিয়া মাখিলে, গাত্রের দুর্গন্ধ ঘুচে ॥ ৩ ॥

আশোকের মূল ও আপাঙ্গের মূল চন্দনসহ মাখিলে ও কিছু ভক্ষণ করিলে, গাত্রের দুর্গন্ধ ঘুচে ॥ ৪ ॥

অথ কক্ষদুর্গন্ধপ্রতিকার।—কাঁচাকক্ষ বাটিয়া লেপনে কাঁখের দুর্গন্ধ ঘুচে ॥ ১ ॥

আম্রছাল ও শঙ্খচূর্ণ বাটিয়া লেপিলে, কাঁখের দুর্গন্ধ ঘুচে ॥ ২ ॥

অথ দিব্যকান্তিকরণ।—হরীতকী, বচ, কুড়, পিপ্পলী ও গজাকররের মূল কাঁজিসহ উদ্বর্ত্তন করিলে গাত্রের দিব্যকান্তি হয় ॥ ১ ॥

অথ গাত্রস্থূলীকরণ।—অশ্বগন্ধা মরিচ দিয়া বাটিয়া দুগ্ধসহ [illegible] গাত্রস্থূল হয় ॥ ১ ॥

অথ একমাসমধ্যে মহাপ্রবলীকরণ। আ[illegible] একমাসে মহাপ্রবল হয় ॥ ১ ॥

মাসকলায়ের বিউলী সিদ্ধ [illegible] মহাপ্রবল হয় ॥ ২ ॥

অথ মহাপ্রবলীকরণ [illegible] ও শর্করাসহ পিষিলে [illegible]

অশ্বগন্ধা ও গো[illegible]

শিশিরকালে [illegible]

অথ বৃদ্ধের [illegible] মিশাইয়া তৈল [illegible]

কুড়, মধু ও [illegible]

শিশিরকা[illegible]

অথ মাট[illegible] আমলকী চূ[illegible] হয় ॥ ১ ॥

অশ্বগ[illegible] তরুণ হয় [illegible]

অথ [illegible] মাথার [illegible]

খে[illegible] ও মশা[illegible]

অথ [illegible] নের [illegible]

অথ হস্তিদূরীকরণপ্রকরণ।—ছুঁছা শুখাইয়া ও বিষপত্র শুখাইয়া গুঁড়া করিয়া গাত্রে লেপিলে, হস্তী পালায়। ১।

হস্তানক্ষত্রে ছুঁছা ধরিয়া মারিয়া শুখাইয়া গুঁড়া করিয়া আপন গাত্রে মাখিলে, ত্রাণে হস্তী পলায়। ২।

অথ হস্তিজয়প্রকরণ।—শ্বেত অপরাজিতের মূল আপন হাতে বান্ধিলে, হস্তিকে জিনে। ১।

অথ ব্যাঘ্রভীতিহরণপ্রকরণ।—কালবৃহতীর মূল আপন হাতে বান্ধিলে, ব্যাঘ্রকে ভয় নাই। ১।

অথ সর্পদংশননিবারণ।—শ্বেতলাঙ্গলিয়ার মূল পুষ্যানক্ষত্রে হাতে থুইলে, সর্পে না বিন্ধে। ১।

অথ রাজদ্বারে জয়প্রকরণ।—উত্তরাষাঢ়ানক্ষত্রে অশ্বথের মূল আপন অঙ্গে বাঁধিলে, রাজদ্বারে জয় হয়। ১।

অথ বিবাদে জয়প্রকরণ।—কৃষ্ণাচতুর্দ্দশীতে শ্মশানস্থানের নীলীর মূল তুলিয়া হাতে বাঁধিলে, বিবাদে জয় হয়। ১।

অথ দুষ্টবাদিজয়প্রকরণ।—শ্বেতগুঞ্জার মূল হাতে ধরিলে, দুষ্টবাদিকে জিনে। ১।

অথ যুদ্ধখেলায় জয়প্রকরণ।—মেঘনাদের মূল আপন আপন দক্ষিণ বাহুতে বান্ধিলে, যুদ্ধখেলায় জয় হয়। ১।

...প্রকরণ।—আর্দ্রানক্ষত্রে বাঁশের বান্দুয়া কানে বাঁধিলে,

...র মূল গলায় বাঁধিলে, পরের

...ক্ষত্রে শিরীষের মূল বাটিয়া

...না বিন্ধে। ১।

...টিয়া ঘৃতসহ খাইলে,

...মূল আপন হাতে

...মের বামচরণ

...দিবারে। ১।

...র মূল মুখে

...ময়ূরশিখা,

...দিহস্তে

...র নাদ

...ক্ষয়

...র দুই

...র ধরে

অথ ওষ্ঠে ধবলকুষ্ঠকরণ ও তৎপ্রতিকার।—তেকাঁটাসিজের আঠাতে সাতবার সিক্ত গুবাকে যাহাকে পান খাওয়ায়, তাহার ওষ্ঠে ধবলকুষ্ঠ হয় এবং তপ্ত অম্ল ও ভগ্নমৎস্য ভক্ষণে ভাল হয়। ১।

অথ গৃহদাহপ্রকরণ ও তৎপ্রতিকার।—রবিবারে হিঙ্গুকের বীজ অগ্নিস্পর্শ করিয়া যাহার ঘর দিয়া লইয়া যায়, তাহার ঘর পোড়ে এবং ঘরে দিয়া লইয়া আসিলে, পোড়ে না। ১।

অথ মরাইয়ের চালু ও ধান্য অক্ষয়ীকরণ।—ডোমকাকের বাসার এক এক খান কাষ্ঠ স্রোতে ভাসাইলে, যে খানি উজান যায়, সেই খানি গন্ধ পুষ্প দিয়া পূজা করিয়া, চালু ও ধান্যের মরাইতে রাখিলে, সে চালু ও ধান্য অক্ষয় হয়। ১।

অথ জগদ্বশীকরণ।—শুক্লপক্ষে পুষ্যানক্ষত্রে কুঁচের মূল, সহদেবীর মূল ও ভগবতীর মূল আপন শিরে ধরিলে, জগৎবশ হয়। ১।

সহদেবী, বচ, ভৃঙ্গরাজ ও শ্বেতাপরাজিতার মূল বাটিয়া গোরোচনা-সহ তিলক করিলে, জগদ্বশ হয়। ২।

মৎস্যের পিত্ত গোরোচনার সহিত বামহস্তের কনিষ্ঠাঙ্গুলের উপরে করিয়া তিলক করিলে, জগৎ বশ হয়। ৩।

নাগেশ্বর পুষ্প, ডানিপানার মূল, গোরোচনা ইত্যাদি শুখাইয়া গুগ্‌গুলসহ আপন গাত্রে ধূপ দিলে, জগদ্বশ হয়। ৪।

অথ জগন্মোহন-প্রকরণ।—চাকুল্যার লতা ও সম্বরবৃক্ষাগ্রের পাত-মটকের ভিতরে বাটিয়া তিলক করিলে, জগৎ মোহন হয়। ১।

অথ ত্রিভুবনবশীকরণপ্রকরণ।—গোরোচনা ও শূকরের রক্ত আপন মুখামৃতসহ তিলক করিলে, ত্রিভুবন বশ হয়। ১।

পুষ্যানক্ষত্রে শ্বেত আকন্দের মূল গোরোচনার সহিত তিলকে ত্রিভু-বন বশ হয়। ২।

অথ অত্যন্তবশীকরণপ্রকরণ।—চন্দ্রগ্রহণে শ্বেতাপরাজিতার মূল তুলিয়া ভক্ষ্যদ্রব্যের সহ যাহাকে খাওয়ান যায়, সে অতিশয় বশ হয়। ১।

অথ সর্ব্ববশীকরণ।—চটাইমুণ্ড, শ্বেতাকন্দমূল, মঞ্জিষ্ঠা ও খয়ের এই সকল দ্রব্য একত্র করিয়া বাটিয়া বড়ী করিয়া যাহাকে খাওয়ায়, সে বশ হয়। ১।

কালগিমার মূল, কুড় ও আপন শুক্র শোণিতসহ যাহাকে খাওয়ায় সে বশ হয়। ২।

অথ পুংস্ত্রীবশীকরণপ্রকরণ।—মুথা, হরিতাল, জটামাংসী, কুড় ও মনঃশিলা যে পুরুষের গায়ে বা যে স্ত্রীর মাথায় দেয়, সে বশ হয়। ১।

এবং সিদ্ধমন্ত্রেণ সিদ্ধির্ভবতু মে। ইতি মন্ত্রঃ।

অথ রাজবশীকরণ।—নাকুড়িমূল, রাঙ্গা এরণ্ডমূল ও পানাতির আদি এক করিয়া ফোটা করিলে, রাজা বশ হয়। ১।

চণ্ডোমন্ত্রে যথা রাজবশীকরণ।—শ্বেতাপরাজিতারমূল গোরোচনাসহ তিলক করিলে, রাজা বশ হয়। ২।

অথ স্ত্রীর বশীভূত হওন প্রকরণ। শুণ্ঠী, পিপ্পলী, মরিচ, চন্দন ও অগুরু গোদুগ্ধে বাটিয়া তিলক করিলে, সে স্ত্রীর বশ হয়। ১।

বামনহাটির মূল, চিতাভস্ম, চণ্ডালকেশ ও ব্রাহ্মণকেশ বাটিয়া ভক্ষ্যের সহিত দিলে, সে স্ত্রীর বশ হয়। ২।

ছাগলপলাশের মূল ও কুড় বাটিয়া গুবাকসহ দিলে, সে স্ত্রীর বশ হয়। ৩।

পুষ্যানক্ষত্রে সূর্য্যগ্রহণে আকন্দের মূল তুলিয়া বাটিয়া গুবাকসহ খাওয়াইলে, সে স্ত্রীর বশ হয়। ৪।

অথ স্ত্রীবশীকরণ।—কালগিমা, কুড়িয়ার মূল ও কুর্ব্বেলের পাতাবাটিয়া কুঙ্কুমসহ স্বীয় রক্ত দিয়া যে স্ত্রীর নামে আপনার কপালে তিলক করে, সে স্ত্রী বশ হয়। ১।

তরুক্ষার, যষ্টিমধু, কালগিমা চিতাভস্ম বাটিয়া মধু ও গোরোচনাসহ আপন কপালে তিলক করিলে, সে স্ত্রী বশ হয়। ২।

পূর্ব্বানক্ষত্রে কর্কটরাশিতে চন্দ্রগ্রহণে শালপাণির মূল আনিয়া বাটিয়া মুখে মাখিয়া স্ত্রীলোককে ছুঁইলে, সে স্ত্রী বশ হয়। ৩।

গাইপ্রসবকালে বাছুরের মুখ বাহির হইলে, একখানি হরিদ্রা বাছুরের মুখে ভরিয়া আলগোছে বাছুর ধরিয়া কোলে করিয়া গেলে, সে হরিদ্রা লইয়া যে স্ত্রীকে ছিটা দেয়, সে স্ত্রী বশ হয়। ৪।

উরগু কুকুরের দক্ষিণপাঁজরের হাড়, শনিমঙ্গলবারে যে স্ত্রীর নামে মন্ত্রিত করে, সে স্ত্রী শীঘ্র আইসে, পাছু পাছু যায় ও বশ হয়। ৫।

বামনহাটির মূল ও বটের পাতা বাটিয়া মধুসহ যে স্ত্রীর নামে আপন অঙ্গে লেপয়ে, সে বশ হয়। ৬।

তিন্নজাতি গাছের পাঁচ ফুল প্রিয়ঙ্গুসহ বাটিয়া * লেপিয়ে যে স্ত্রীকে * * সে বশ হয়। ৭।

সৈন্ধব, মধু ও কপোতের বিষ্ঠা একত্র করিয়া * লেপিয়া যে স্ত্রীকে * * সে বশ হয়। ৮।

অথ স্বামিবশীকরণ।—নিম্বকাষ্ঠের ধূম * দিলে, স্বামির দুর্ব্বশা হয়।১।

অথ স্বামিসংমোহন প্রকরণ—কর্পূর ও দেবদারু বাটিয়া মধুসহ স্ত্রী অঙ্গে দিলে, স্বামির সংমোহন হয়। ১।

অথ * বৃদ্ধীকরণ ও তন্নি- ... । রক্তবর্ণ ঘাসে করিয়া বা খুঁড়িয়া গরুকে খাইতে দিলে. ... খাঁড়িয়া গরুকে খাওয়াইলে, উক্ত কার্য্য হয় না। ১।

অথ শুক্রবৃদ্ধীকরণ।—শতভিষানক্ষত্রে ক... য়া দুগ্ধে সিদ্ধ করিয়া শর্করাসহ খাইলে, শুক্র বৃদ্ধি হয়। ১।

অথ বীর্য্যস্তম্ভন।—শ্বেতলাঙ্গলিয়ার ফল ও মূল মাথায় বান্ধিলে, বীর্য্যস্তম্ভন হয়। ১।

রবিবারে জাতিফলের বীজ মুখে রাখিলে, বীর্য্যস্তম্ভন হয়। ২।

সেওড়ার বীজ আমন্ত্রিত করিয়া মুখে রাখিলে, বীর্য্যস্তম্ভন হয়। ৩।

অথ বীর্য্যস্তম্ভন ও তন্নিবারণ।—হরিণশৃঙ্গ, করবীর মূল ও নিজাম্বর-পাত একত্র বটী করিয়া কপালে ও বুকে ফোটা করিলে, বীর্য্যস্তম্ভন হয়; এবং তেওড়ী ভক্ষণে ছাড়ে। ১।

অথ স্তনবৃদ্ধীকরণ।—গজপিপ্পলী ও অশ্বগন্ধার চূর্ণ নবনীতসহ স্ত্রীর স্তনে মাখিলে, স্তন বৃদ্ধি হয়। ১।

শ্বেতসর্ষপ, বৃহতীমূল ও রোহিতমৎস্যের পিত্ত মাহিষনবনীতের সহ স্তনে মর্দ্দন করিলে, স্তন বৃদ্ধি হয়। ২।

অথ স্তনে দুগ্ধকরণপ্রকরণ।—ভুঁইকুমড়ার মূল বাটিয়া দুগ্ধের সহ খাইলে, স্ত্রীর স্তনে দুগ্ধ হয়। ১।

মহাস্থন্দীর মূল বাটিয়া খাইলে, স্তনে দুগ্ধ হয়। ২।

অথ ঋতুহওনপ্রকরণ।—ওড়ের ফুল কাঁজীর সহ সিদ্ধ করিয়া খাইলে, ঋতু হয়। ১।

অথ ক্ষয়রোগ-প্রতিকার।—ভূমিআমলকী, মধু ও শর্করাসহ খাইলে, ক্ষয়রোগ দূর হয়। ১।

অথ স্ত্রীলোকের রক্তস্রাবরোগনিবারণ।—পায়রার পিত্ত তণ্ডুলজল-সহ খাইলে, অকালে রক্তস্রাব নিবারণ হয়। ১।

অথ স্ত্রীলোকের রক্তস্রাব উপশমন—কৃকলাসের ও সর্পের রক্ত স্ত্রীর বাহুমূলে মাখাইলে, রক্তস্রাব নিবারণ হয়। ১।

অথ * শূলপ্রতিকার।—যবের কাথ ঘৃতসহ খাইলে, * শূল দূর হয়। ১।

অথ * দোষপ্রতিকার।—শরবীজ, মূলার বীজ, বেণার মূল ও মুথা বাটিয়া তৈলে মাড়িয়া প্রলেপ দিলে, * দোষ নিবৃত্তি হয়। ১।

অথ বাধকদোষ-প্রতিকার।—অনন্তমূলের মূল, বালকের মূল ও রক্ত-শালীতণ্ডুল একত্র বাটিয়া কাঁজি ও দুগ্ধসহ ঋতুকালে ভক্ষণ করিলে বাধকদোষ ঘুচে। ১।

পানিশিউলীর মূল বাটিয়া ঋতুকালে খাইলে, বাধকদোষ ঘুচে। ২।

অথ মৃতবৎসবাধক-প্রতিকার। একটি ছোলঙ্গলেবুর রস খাইলে, মৃতবৎসবাধকদোষ ঘুচে। ১।

অথ গর্ভদোষপ্রক্রিয়া।—শ্বেত আকন্দের মূল রবিবারে আনিয়া একবর্ণাগাভীর দুগ্ধসহ ঋতুকালে খাইলে স্ত্রী গর্ভবতী হয়। ১।

পলাশের মূল বাটিয়া ঋতুকালে ঘৃতসহ খাইলে, স্ত্রী গর্ভবতী হয়।২

নূতন নাগেশ্বরপুষ্প গুঁড়া করিয়া গাভীদুগ্ধসহ ঋতুকালে খাইলে সাত দিবসের মধ্যে স্ত্রী গর্ভবতী হয়। ৩।

অথ বন্ধ্যাস্ত্রীর গর্ভগ্রহণপ্রকরণ। অশ্বত্থের ছাল একবর্ণাগাভীর দুগ্ধসহ খাইলে ও * লেপন করিলে, বন্ধ্যা নারী গর্ভিণী হয়। ১।

ছোলঙ্গলেবু ও আমলকী গাছের ডালের জড়িত পোকা কলার ভিতর করিয়া ঋতুকালে খাইলে, বন্ধ্যা স্ত্রী গর্ভিণী হয়। ২।

অথ গর্ভস্রাব উপশমপ্রকরণ।—মহাকালের মূলে তিনবেড় সোনের সুতা বাঁধিয়া গর্ভবতী স্ত্রীর শয়নঘরের মধ্যে রাখিলে অকালে গর্ভস্রাব হয় না। ১।

আপাঙ্গের বীজ বাটিয়া তণ্ডুলোদকসহ গর্ভকালে পান করিলে গর্ভ-স্রাব হয় না॥ ২॥

ধাতকীপুষ্প, নাগেশ্বরমূল, নীলোৎপল ও লোধ বাসিজলে বাটিয়া মধু, দুগ্ধ ও শর্করাসহ গর্ভকালে পান করিলে, গর্ভস্রাব হয় না॥ ৩॥

কুম্ভকারের হাতপোছামৃত্তিকা পেটে লেপ দিলে অকালে গর্ভপাত হয় না॥ ৪॥

শ্বেতাপরাজিতার মূল কটিদেশে বাঁধিলে অকালে গর্ভস্রাব হয় না॥৫॥

অথ গর্ভরক্ষা ও সুপ্রসবপ্রক্রিয়া।—ঈশানকোণের পেটারিয়ার মূল আনিয়া ত্রিগুণ করিয়া অবিবাহিকা কন্যার হাতের সুতাদ্বারা বাঁধিলে, সন্তান ... এবং বাঁধন খসাইলে, প্রসব হয়॥ ১॥

অথ শীঘ্র প্রসবপ্রক্রিয়া। উলুতের মূল মাথায় বাঁধিলে, শীঘ্র প্রসব হয়॥ ১॥

শিরীষের মূল, বাকসমূল ও নিসিন্দার মূল উপাড়িয়া কটিদেশে বান্ধিলে, শীঘ্র প্রসব হয় ॥ ২ ॥

অথ বাতশোনিবারণ।—লবণ ও তিল বাসী পিতলবাটীর পৃষ্ঠে দিয়া অঞ্জন ঘসিয়া চক্ষে দিলে, বাতশো ঘুচে ॥ ১ ॥

অথ আঞ্জনীয়া-প্রতিকার।—চক্ষের আঞ্জনীয়ার প্রথমদিবসে কোমল আম্রপত্রের আটা দিলে, আঞ্জনীয়া ভাল হয় ॥ ১ ॥

অথ বাত-প্রতিকার। কোতরাণী ঘোলের সহ বাঁটিয়া সপ্তাহ খাইলে, বাত ঘুচে ॥ ১ ॥

ঈশ্বরমূল ও মরিচ একুশগণ্ডা বা একুশটা বাটিয়া খাইলে, বাত ঘুচে ॥ ২ ॥

ভেরেণ্ডার তৈল আধপোয়া ও সৈন্ধবলবণ এককাচ্চা লৌহপাত্রে ঘসিয়া গরম করিয়া লেপিলে, বাত ঘুচে ॥ ৩ ॥

অথ ঋতুচালা-প্রতিকার।—তিতপুরুলের রস আধপোয়া ও দুগ্ধ একপোয়া শর্করাসহ পান করিলে, ঋতুচালা ভাল হয় ॥ ১ ॥

পানারিগেড়ুয়া ২১ একুশটা মরিচ দিয়া বাটিয়া ছাগদুগ্ধ একপোয়া ও শর্করাসহ পান করিলে, ঋতুচালা ভাল হয় ॥ ২ ॥

নাটার ডগা ঘৃতে ভাজিয়া একদিন তিনটীও একদিন পাঁচটী খাইবেক, এইরূপে দুইসপ্তাহ খাইলে ঋতুচালা ভাল হয় ॥ ৩ ॥

অথ বাওরোগ-প্রতিকার।—শ্বেতগুঞ্জার বিউনি দুইখানি, আনিয়া তাহার একখানি ঘসিয়া অঙ্গুলি করিয়া চাটিয়া খাইবেক এবং আর একখানি ঘসিয়া যথাস্থানে লেপ দিবেক এবং তিনসপ্তাহ খাইলে বাওরোগ ঘুচে ॥ ১ ॥

কালকাসন্দার মূল ও লেবুর রস লৌহপাত্রে ঘসিয়া অঞ্জনমত হইলে ক্ষতস্থানে পুনঃ পুনঃ লেপ দিবে, ইহাতে বাওয়ের ব্যথা ভাল হয় ॥ ২ ॥

অথ দক্রুরোগ-প্রতিকার।—নারিকেলের খোলা দুইসের ও চাকুন্দার বীজ আধসের একত্র চূর্ণ করিবে, পরে একটি হাঁড়ির তলা ছিদ্র করিবেক এবং আর এক হাঁড়ি গর্ত্তে পুঁতিয়া তাহার উপর ঐ সচ্ছিদ্রহাঁড়ি চাপাইয়া তাহাতে পূর্ব্বকৃত চূর্ণ দিয়া তাহার মুখে শরা চাপা দিয়া মৃত্তিকা লেপনদ্বারা সন্ধিস্থান বন্ধ করিবেক, অনন্তর ঐ শরাতে ঘুঁটিয়া চাপাইয়া অগ্নি দিবেক। ইহাতে তাহার তৈল চুয়াইয়া নিম্নস্থ হাঁড়িতে পড়িবেক সেই তৈল দক্রুতে দিলে, বারবৎসরের দক্রু দূর হয় ॥ ১ ॥

সোঁদালীর বৃক্ষের ফেঁকড়ী ও পুরাতন আমলকী বাটিয়া দক্রুতে কণ্ডুয়ন করিয়া দিলে, দক্রু ঘুচে ॥ ২ ॥

চাকুন্দার বীজ বাটিয়া পাতিলেবুর রস দিয়া খাইলে ও দক্রুতে লেপন করিলে, দক্রু ঘুচে ॥ ৩ ॥

অথ বিষনাশপ্রকরণ।—কালকাসন্দার পাতার রস খাইলে বিষ ঘুচে ॥ ১ ॥

অথ মৃগিরোগের পোকামারণপ্রক্রিয়া।—দাড়িম্বের মূল ও মরিচ নয়টি নাসিকার ভিতর ফুট দিলে মৃগীরোগের পোকা মরে ॥ ১ ॥

অথ কর্ণের কাণকোটারীমারণ প্রক্রিয়া।—গোক্ষুরী বাটিয়া আদার রসসহ কর্ণমূলে ফুট দিলে, কাণের কাণকোটারী মরে ॥ ১ ॥

অথ ছানিরোগ-প্রতিকার।—কাগজীলেবুর চৌথাই কাটিবেক, অবশিষ্টাংশের মধ্যে একুশটি লবঙ্গ বসাইবেক এবং ঐ লেবুর কাটাভাগ তাহাতে যোড়া লাগাইয়া আটাল মৃত্তিকার যত্ন করিয়া তাহার ভিতর সেই লেবু রাখিয়া মুদ্রিত করিয়া ঘরের ভিতর নির্জ্জনস্থানে রাখিবেক, একুশদিন অন্তে ঐ মুদ্রিত মৃত্তিকা ফেলিয়া সেই লবঙ্গ রাখিবেক, পরে সেই লবঙ্গ ঘসিয়া পায়রার পাখে করিয়া প্রতিদিন তিনবার অঞ্জন করিলে, সপ্তাহে ছানি দূর হয় ॥ ১ ॥

অথ রক্তবিকার-প্রতিকার।—কুচিলা বীজ আধসের, ডালিম আধসের, হিজলফল আধসের ও নিমছাল আধসের, ছাগীমূত্রে সাতদিবস রৌদ্রে দিয়া শোধন করিয়া প্রত্যেকে সকলদ্রব্য চূর্ণ করিয়া পৃথক্ পৃথক্ কাপড়ে ছাঁকিয়া রাখিবেক, নিত্য নিত্য প্রত্যেক সকল দ্রব্য একমাষা করিয়া লইয়া গুলঞ্চসত্ব দিয়া খাইলে রক্তবিকার ভাল হয় ॥ ১ ॥

অথ খোস ভালহওন।—গুলঞ্চ, কালিয়ালতা, নিমছাল, ছাতিমের ছাল, বাসকছাল ও গুগ্‌গুল এবাংপ্রতি চারিমাষা গন্ধক দিয়া সিদ্ধ করিয়া খাইলে, খোস ভাল হয় ॥ ১ ॥

অথ সর্ব্বপ্রকারগ্রহণী-প্রতিকার। পুরাতন আমের আঁটি, এলাচী, নারিকেলের মূল, সূর্য্যমণি ফুল, শুণ্ঠী প্রক্ষেপ দিয়া ভক্ষণ করিলে, সকল গ্রহণী ঘুচে ॥ ১ ॥

অথ আমাশয়-প্রতিকার।—বহেড়া, শুণ্ঠী, সিদ্ধিপত্র, জোয়ানী ও সৈন্ধবলবণ, এবাংপ্রতি আধপোয়া লইয়া পৃথক্ পৃথক্ চূর্ণ করিয়া কাপড়ে ছাঁকিয়া চিনি আধসের দিয়া পাক করিয়া আধতোলা প্রমাণ বটী করিয়া প্রতিদিন একএকটী ভক্ষণ করিলে আমাশয় ভাল হয় ॥ ১ ॥

অথ পরদল (প্রদর) প্রতিকার।—আকুলা কুকসিমের মূল তোপজিয়া দিয়া বাটিয়া খাইলে প্রদল ঘুচে ॥ ১ ॥

অথ প্লীহারোগচিকিৎসা।—পাতাসিজের গাছের গস্থান হিঙ্গুদিয়া আমন্ত্রিত করিয়া রবিবারে ফুড়িলে প্লীহা দূর হয় ॥ ১ ॥

অথ মাথার উড়গী দূরী—ণ।—সোঁদালের পাতা, সিন্দুর ও মরিচ এবাং প্রতি দুই মাষা … রিের রসের সহিত মাথাতে ঘষিয়া দিলে, মাথা… ॥

… তিকার।—পিঁপুল, তণ্ডুলসহ ভাজিয়া চর্ব্বণ করিয়া … জন্য মাথাব্যথা দূর হয় ॥ ১ ॥

অথ স্বা… কার।—আতপতণ্ডুল একসের আটা করিবেক, ঐ আটা আধপোয়া আর কণ্টিকারীর ফুল সাতটী ঐ আটার সহিত একত্র করিয়া রুটি বানাইয়া, সর্ষপতৈল দুই পৃষ্ঠে মাখিয়া, খোলাতে সিদ্ধ করিয়া খাইবেক, প্রাতঃকালে শুণ্ঠী ও হরিতকী খাইয়া জল খাইবেক, মধুপিপ্পলী অবলেহ করিবেক এবং সন্ধ্যাতে শুণ্ঠী ও হরিতকী খাইবেক, ইহাতে অন্তরের ব্যাধি কাটিয়া গরম শ্বেত উঠিয়া পড়িবেক, ক্রমশঃ সুস্থ হইবেক ॥ ১ ॥

অথ চক্ষুর ছানী-প্রতিকার।—শ্বেত বসন্তের পত্র, আরসুলার নাদী, পলাতীরমূল ও ভোগজীরা ছাগদুগ্ধে বাটিয়া পায়রার পালকে অঞ্জন করিলে, চক্ষের ছানী দূর হয় ॥ ২ ॥

অথ পারা জমাটকরণপ্রক্রিয়া।—শ্বেতকরবীর ফুলের বোঁটার রস দিলে, পারা জমাট হয় ॥ ১ ॥

অথ পারাভস্ম প্রকরণ।—তিলীআকন্দের মূলের রস পারাতে ফুট দিলে, পারা ভস্ম হয় ॥ ১ ॥

অথ রূপাকরণ।—তিলীআকন্দের মূলের রস রাঙ্গে ফুট দিলে, রূপা হয়। ১।

তিলীআকন্দের মূলের মৃত্তিকাতে মুছী করিয়া রাঙ্গ আউটিলে, রূপা হয়। ২।

অথ অম্লশূল-প্রতিকার।—আকন্দের পাত ২১ একুশটী, নূতন হাঁড়ীতে লবণ একসের, তিনপ্রস্থ পাত পাড়িয়া হেঁটে উপরে ও মধ্যে পাত ও লবণ দিয়া, হাড়ী মুদিয়া জ্বাল দিবেক, সেই পত্র ভস্ম হইলে, লবণ জারিত হয়। সেই লবণ একসের প্রত্যহ প্রাতঃকালে একতোলা করিয়া খাইলে, অম্লশূল ঘুচে। ১।

অথ মৃতবৎসা-প্রতিকার।—মহাগাছের উপর যে জীয়ন্ত গাছ থাকে তাহার মূল ও চিতাকাষ্ঠের ছাই একত্র করিয়া তিনমাস গর্ভকালে কোমরে বান্ধিবেক, প্রসব হইলে বালকের গলায় তাবৎ বান্ধিবে, যাবৎ পুনশ্চ গর্ভ না হয়। পুনশ্চ গর্ভ হইলে, সেই ঔষধ পোয়াতীর কোমরে বান্ধিবেক। এইরূপে ক্রমে তিন অপত্য হইলে, মৃতবৎসা দোষ ঘুচে। ১।

অথ প্রদর-প্রতিকার।—সূর্য্যমণির মূল ৩০ ত্রিশটি মরিচ সহ বাটিয়া খাইলে প্রদররোগ ঘুচে। ১।

অথ গর্ভগ্রহণপ্রকরণ।—শিবজটার মূল এবং ওড়পুষ্প একবর্ণা গাভীর দুগ্ধ দিয়া বাটিয়া ঋতুস্নানের দিনে একটি বেটা ছেলেকে কোলে করিয়া ঔষধ খাইলে নারী গর্ভবতী হয়। ১।

অথ বিসূচিকা-প্রতিকার।—যবক্ষার কুষ্মাণ্ডের জলদিয়া বাটিয়া শর্করাসহ খাইলে, বিসূচিকা ঘুচে। ১।

অথ বহু * শক্তিবিধান।—বীজং সপ্তদলকৈন তথা শুক্লাপরাজিতাং ভৃঙ্গরাজ-রসে পিষ্ট্বা বটিকাং কারয়েত্ততঃ। মস্তকে যদি বা স্কন্ধে ধারয়েদ্বাহুমূলতঃ। তদা ন পততে শুক্রো যদি * শতং ব্রজেৎ। ১।

শ্বেতবাট্যালকং শুণ্ঠীং শ্বেতচামরসম্ভবম্। করবীরং সমং কট্যাং ধারণাদ্বিন্দুরক্ষণম্। ২।

অথ রাজীকরণ।—বৃদ্ধশাল্মলী-মূলস্য রসং শর্কর-মর্দ্দিতম্। প্রয়োগাদস্য সপ্তাহাদ্বাজীকরণমুত্তমং। ১।

লঘুশাল্মলীমূলঞ্চ তালমূলীং সুচূর্ণিতম্। সপিষ্টপায়সং ভুক্ত্বা * চটকবদ্ ভবেৎ। ২।

অথ দন্তরোগ-প্রতিকার।—কেশরাজস্য মূলঞ্চ আস্যেন সহ ধারয়েৎ। তদা ন পততে দন্তো নো চেচ্চিত্রস্য মূলকম্। ১।

অর্কপত্রেণ তপ্তেন দন্তঞ্চ কারয়েৎ যদা। তদা ন পততে দন্তো বকুলকুসুমচর্ব্বণাৎ। ২।

অথ কাসস্য চিকিৎসা।—ত্রিফলং ত্রিকটুকৈব সমভাগেন চূর্ণকম্। মধুনা সহ সংপানাৎ দুষ্টকাসবিনাশনম্। ১।

অথ শ্বাসকাসচিকিৎসা।—ঘৃতেন পাচয়েন্মূলং পত্রঞ্চ বাসকস্য চ। ভক্ষয়েত্রিদিনং যাবৎ কাসশ্বাসক্ষয়ং তথা। ১।

তালীশপত্রমরিচং নাগরং পিপ্পলী শুভা। যথোত্তরং ভাগবৃদ্ধ্যা বেগেন চন্দ্রভাগিকম্। ২।

অথ রক্ত অতীসার-চিকিৎসা।—তালমূলীঞ্চ মধুনা সমভাগেন যঃ পিবেৎ। রক্তাতিসারং ক্ষয়ং যাতি নারিকেলজলং তথা। ১।

অথ সর্ব্বাতিসার-চিকিৎসা।—স্বনালীং সহদেবী চ কৃত্বা চ সপ্তখণ্ডকম্। রক্তসূত্রে কটিং বদ্ধা সর্ব্বাতিসারনাশকম্। ১।

অথ নাসারোগ-চিকিৎসা।—দূর্ব্বাদাড়িম্বপুষ্পেণ আমলকীং হরীতকীম্। সর্ব্বং সংপিষ্য কৃত্বা তু নস্যে রক্তস্রবাপহা। ১।

অথ চক্ষুরোগ-চিকিৎসা।—চিত্রকং মূলকং পিষ্ট্বা কৃত্বা তু বটিকাবরম্। কদলীং দাপয়েন্নেত্রে স্বচ্ছো ভবতি ভক্ষণাৎ। ১।

অথ অজীর্ণ-চিকিৎসা।—অপামার্গস্য মূলঞ্চ সামুদ্রলবণং তথা। শ্বেতোদিতমজীর্ণস্য মূলস্যাপি বিমর্দ্দনম্॥ ১॥

রক্তোৎপলমপামার্গং শ্বেতোহঙ্গনং বচা তথা। লবণেন সমং ভক্ষ্যাদ্দৃঢ়াজীর্ণঞ্চ নশ্যতি। ২।

অথ পতিবশীকরণং।—খঞ্জরীটস্য মাংসানি মধুনা সহ পেষয়েৎ। ঋতুকালে লিপেদ্ * পুরুষো দাসতাং ব্রজেৎ। ১।

সৌভাগ্যং নিম্বকাষ্ঠঞ্চ মধুনা ধূপয়েদ্ *। সুভগাসৌ ভবেন্নারী পতির্দাসো ভবিষ্যতি। ২।

মাহিষং নবনীতঞ্চ স্বনালীঞ্চ সমং মধু। বদরীজীবসারঞ্চ পিষ্ট্বা সর্ব্বমেকীকৃতম্। এষাং সংমর্দ্দনাদ্ যোষা ভবেৎ সা সুভগাঙ্গনা॥ ৩॥

অথ স্ত্রীবশীকরণ।—গোরোচনা মহাদেবী ঋতুশোণিতভাবিতা। তৎকৃতং তিলকং যস্য স নরঃ স্ত্রীমনোহরঃ। স চ সর্ব্ববশং কুর্য্যাদত্র কার্য্যা বিচারণা। ৪।

অথ * দার্ঢ্যপ্রকরণ।—কাঞ্চনং পত্রকঞ্চৈব পলাশস্য চ পুষ্পকম্। পিষ্ট্বা চার্জ্জুনপুষ্পঞ্চ * দৃঢ়করং পরম্। ১।

লোধ্রজাতীফলা লেপাদ্ * দার্ঢ্যমবিষ্যতি। ২।

অথ গাত্রগন্ধ-প্রতিকার।—কৈবর্ত্তঃ কৃষ্ণতিলং মুস্তকীরকং উশকং সমভাগেন পিষ্ট্বা অভিমর্দয়েৎ। মর্দ্দনাদ্ গাত্রগন্ধং যাতি। ২।

অথ বাত-প্রতিকার।—নেউলের ছাল তিনতোলা, মরিচ পাঁচটী, দশভাইচণ্ডীর মূলের রস একতোলা, তিনদ্রব্য একত্র করিয়া ভক্ষণ করিলে, বাত ভাল হয়। ১।

অথ উদরগতব্যথা-প্রতিকার।—ঘৃত আধসের, মরিচ একপল, গন্ধভাদালীর রস একতোলা, ভুমিকুষ্মাণ্ডের রস একতোলা, এইচারিদ্রব্য ঘৃতসহ উষ্ণ করিয়া কদুষ্ণ অবস্থায় ভক্ষণ করিবে, ক্ষণকাল পরে দধি ও পান্তাভাত ভক্ষণ করিবে। তাহা হইলে উদরগতব্যথা ভাল হয়। ১।

অথ স্ত্রী-পরীক্ষাপ্রকরণ।—শ্বেতকরবীর মূলের ঈশানকোণস্থ মূল ও দণ্ডোৎপলের মূল, এই দুই একত্র করিয়া নিদ্রিতা স্ত্রীর নাভিদেশে শনি মঙ্গলবারে রাখিলে সে স্ত্রী যে যে কার্য্য করিয়াছে তাহার আপনমুখে সেই সকল স্বপ্নাবস্থায় প্রকাশ করিবেক। ১।

অথ কর্ণমূল-প্রতিকার।—দণ্ডোৎপলের মূল, বাসাচূর্ণ ও কুক্কুড়ার ডিমের খোলা ভস্ম করিয়া কাপড় ছাঁকা করিয়া লেপ দিলে কর্ণমূল ভাল হয়। ১।

কর্ণনালী-প্রতিকার।—কাঞ্চনকলিকা নালীগণ্ড চিরিয়া তাহার মধ্যে দিলে, ঐ নালীগণ্ড ভাল হয়। ১।

অথ শুচিবাতনিবারণ।—বিষকাঁঠালীর পত্র বাঁধিলে, শুচিবাত ভাল হয়। ১।

জয়ন্তীপত্র হস্তে বাঁধিলেও ভাল হয়। ২।

অথ ভূতপ্রেতপিশাচদূরীকরণ।—গোমুণ্ডের নাসিকার হাড় আর

শকুলমৎস্যের মাথার কাঁটা ও দণ্ডোৎপলের মূল, এই তিন দ্রব্য শনি মঙ্গলবারে বিদ মোড়াইয়া কুমারীস্ত্রীর হাতের সুতা সপ্তগুণ দিয়া হস্তে বা গলায় বাঁধিলে ভূত, প্রেত, পিশাচসকল দূর হয়। ১।

অথ সর্ব্বাঙ্গে ফুলাকরণ ও তাহার শান্তি।—মালতীপুষ্পের মূল, রক্তজবার মূল এই দুইদ্রব্য দুইসের কুচিয়া বস্ত্রে বাঁধিয়া দ্বিগুণ বেড় দিয়া বাঁধিয়া পুষ্করিণীর মধ্যস্থানে ফেলিলে যে জন বেধ করিয়াছে, তাহার সর্ব্বাঙ্গ ফুলিবেক। সেই ঔষধ পুষ্করিণী হইতে আনিলে তবে ভাল হইবেক। না তুলিলে প্রাণত্যাগ হইবেক। ১।

অথ শুক্লকেশ কৃষ্ণবর্ণকরণ।—শ্বেতগুঞ্জার ফল, মাকড়বীজ প্রত্যেকে এক এক পল করিয়া রৌদ্রে শুকাইয়া চূর্ণ করিয়া মাহিষনবনীত দিয়া কেশে দিলে, শুক্লকেশ কৃষ্ণবর্ণ হয়। ১।

মাহিষদুগ্ধ দিয়া তণ্ডুল বাটিয়া শুক্লকেশে দিলে দশদিবসের মধ্যে কৃষ্ণবর্ণ হয়। ২।

অথ শিরঃশূলনিবারণ।—আলকুশীর মূল কাঁজীর সহ মস্তকে লেপিলে শিরঃশূল ভাল হয়। ১।

হরিণ শৃঙ্গ ঘষিয়া মস্তকে লেপন করিলেও শিরঃশূল ভাল হয়। ২।

অথ আধকপালিয়াদূরীকরণ।—শ্বেতাপরাজিতার মূলের রস নাসিকা-মধ্যে নস্য করিলে, আধকপালিয়া দূর হয়। ১।

ভৃঙ্গরাজের রস কাঁজীর সহিত বাটিয়া নস্য করিলে আধকপালিয়া দূর হয়। ২।

অথ ঐকাহিকজ্বর-প্রতিকার।—আপাঙ্গের মূল অবিবাহিতাস্ত্রীর হাতের সুতা দিয়া মস্তকে বাঁধিলে ঐকাহিকজ্বর ভাল হয়। ১।

অথ সম্বৎসরের জ্বর ভাল হওন।—আমলকীর পুষ্প ও পত্র সমভাগে বাটিয়া কলার ভিতরে করিয়া ভক্ষণ করিলে সম্বৎসরের জ্বর ভাল হয়। ১।

অথ রাত্রিজ্বরশান্তিকরণ।—নলিনীর মূল মস্তকে বাঁধিলে, রাত্রিজ্বর ভাল হয়। ১।

অথ চাতুর্থিকজ্বরনিবারণ।—দণ্ডোৎপলের মূল নখে উপাড়িয়া কর্ণে বাঁধিলে চাতুর্থিকজ্বর ভাল হয়। অথবা করলাপত্রের রস নস্য করিলেও ঐ জ্বর ভাল হয়। ১।

অথ ক্ষুধাজনন।—যবক্ষার ঘৃতসহ প্রাতে ভক্ষণ করিলে ক্ষুধা হয়। ১।

অথ প্রদরশান্তি।—অশোকমূল বাটিয়া দুগ্ধসহ ভক্ষণ করিলে, প্রদর ঘুচে। শাক অম্বল বর্জ্জন করিবেক। ১।

অথ রক্তপিত্ত-চিকিৎসা।—যজ্ঞডুমুরের মূল চালুনীর সহিত বাটিয়া ভক্ষণ করিলে অথবা যজ্ঞডুমুরের রস মধুসহ পান করিলে বা ঘৃতে ভাজিয়া মধুর সহিত ভক্ষণ করিলে রক্তপিত্ত শীঘ্র ভাল হয়। ১।

অথ পাণ্ডুরোগ-নিবারণ।—বাসকের মূলের রস চিনির সহিত, অথবা শ্বেতপুনর্নবার মূলের রস চিনির সহিত পান করিলে, কামল ও পাণ্ডুরোগ ভাল হয়। ১।

অথ অম্লপিত্তশান্তিকরণ।—তিন্তিড়ীমূল, আদা ও নিম্বপত্র একত্র চূর্ণ করিয়া প্রাতঃকালে ভোজনকালে সেই চূর্ণ দুইতোলা ও জল দুই-তোলাসমেত অন্নে মাখিয়া ভক্ষণ করিলে, অম্লপিত্ত ভাল হয়। ১।

অথ হিক্কানাশকযোগ।—ময়ূরের পুচ্ছ পোড়াইয়া সেই ভস্ম গলাতে দিলে, তৎক্ষণাৎ হিক্কা নাশ হয়। ১।

অথবা ত্রিফলা ও ত্রিকটু চূর্ণকরিয়া মধু দিয়া ভক্ষণ করিলে, অথবা কুষ্মাণ্ডমূল চেলেনীর জলে বাঁটিয়া ভক্ষণ করিলে, হিক্কানাশ হয়। ২।

অথ গলগণ্ডনিবারণ।—চিত্রানক্ষত্রে কুন্দমূল উপাড়িয়া গলায় বাঁধিলে, গলগণ্ড ভাল হয়। ১।

অথবা যষ্টিমধু চেলেনীজলে বাটিয়া খাইলেও গলগণ্ড ঘুচে। ২।

শ্লেষ্মাদোষশান্তি।—পুষ্যানক্ষত্রে ভৃঙ্গরাজের মূল গলায় বান্ধিলে শ্লেষ্মা ঘুচে। ১।

অথ পক্ষাঘাত-উপশমকরণ।—বান্ধুলীফুল আর জবাফুল একত্র বাটিয়া নস্য করিলে পক্ষাঘাত ভাল হয়। ১।

মাষকলাই, বেড়েলার মূল, শোণসীম, গন্ধক, বাবলা, অশ্বগন্ধা, ভেরেণ্ডার মূল ও কালকূট সিদ্ধ করিয়া রস লইবেক, অর্থাৎ কাথ করিয়া লইয়া সৈন্ধব প্রক্ষেপ দিয়া ভক্ষণ করিলে, পক্ষাঘাত ভাল হয়। ২।

অথ শূলনিবারণ।—বাড়িয়ালার মূল ও পীপুল, এই দুই দ্রব্য চূর্ণ করিয়া ঘৃত সহিত খাইলে, শূল ভাল হয়। ১।

শুণ্ঠী, হিঙ্গু ও কলাই এই তিন দ্রব্য বাটিয়া লবণ প্রক্ষেপ দিয়া খাইলে শূল ভাল হয়। ২।

অথ বায়ুশূল-প্রতিকার।—কলার মূল, হিঙ্গু, কলাই ও লবণ একত্র করিয়া বাটিয়া উষ্ণজল দিয়া ভক্ষণ করিলে, বায়ুশূল ভাল হয়। ১।

অথ আমশূলহরণযোগ।—মরিচ ও গুলঞ্চ বাটিয়া ঘৃত দিয়া খাইলে, আমশূল ভাল হয়। ১।

অথ প্লীহোদরীশান্তি।—নাগেশ্বরমূল ঘৃত ও মধু দিয়া খাইলে, প্লীহোদরী ভাল হয়। ১।

অথ গ্রহণী ভালকরণ।—শালবৃক্ষের বীজ বাটিয়া মাহিষঘোল দিয়া বাটিয়া খাইলে, গ্রহণী ভাল হয়। ১।

অথ আসুরীব্যাধিনাশন।—পুরাতন কুষ্মাণ্ডের রস আটতোলা যবক্ষার প্রক্ষেপ দিয়া ভক্ষণ করিলে, আসুরী ব্যাধি নাশ হয়। ১।

অথবা শেফালির মূল শীতলজল সহ ভক্ষণ করিলে উরুরোগ ভাল হয়। ২।

অথ প্রদরশান্তিকরণ।—শনিবারে নিমন্ত্রিত করিয়া রবিবারে উপাড়িয়া কাশিয়ার মূল ও ছাল পেষণ করিয়া ভক্ষণ করিলে, প্রদর ভাল হয়। ১।

অথ ভগন্দর-চিকিৎসা।—শালক্যার মূল রক্তবর্ণ গুগ্গুল, ত্রিফলা ও মেথী এইসকল দ্রব্য বাটিয়া ত্রিফলার কাথে গুলিয়া ভক্ষণ করিবেক, ইহাতে সপ্তাহের মধ্যে ভগন্দর-ব্যাধি ভাল হয়। ১।

অথ কোরন্দ-প্রতিকার।—গোরক্ষচাকুলিয়ার মূল এরণ্ডতৈল দিয়া অগ্নিতে পাক করিয়া প্রলেপ দিলে কোরন্দ নষ্ট হয়। ১।

অথ কোষবৃদ্ধিশান্তিকরণ।—শ্বেতকম্বল কাঁজি দিয়া বাটিয়া ভক্ষণ করিলে, কোষবৃদ্ধি ঘুচে। ১।

অথ কোষ-নিঃশঙ্ককরণ।—শ্বেতগোধূম ও শুণ্ঠী চূর্ণ করিয়া লবণপাত্রে পিষিয়া ভক্ষণ করিলে, কোষ নিঃশঙ্ক হয়। ১।

অথ কোষ-বৃদ্ধিনিবারণ।—হরিদ্রাচূর্ণ ও গুগ্গুল চূর্ণ করিয়া এই দুই

দ্রব্য গোমূত্র কিম্বা তপ্তজলের সহিত ভক্ষণ করিলে, কোষবৃদ্ধি হয় না। ১।

গৃধ্রের বিষ্ঠা ও বরাহক্রান্তার মূল এই দুই দ্রব্য একত্র করিয়া প্রলেপ দিলে কোষবৃদ্ধি হয় না। ২।

অথ অঙ্গুলীর ব্যথা ভালকরণ।—শাখোটবৃক্ষের ক্ষীর অঙ্গুলীতে দিলে, ব্যথা ভাল হয়। ১।

অথবা দাড়িম্বপত্রের রস দিলেও ভাল হয়। ২।

অথ অপস্মার পোকামারণ।—হিজলফল ও গুগ্‌গুল এই দুই দ্রব্য চূর্ণ করিয়া নস্য করিলে, অপস্মার-পোকা মরে। ১।

সোমরাজীর বীজ বাটিয়া নস্যকরিলেও ভাল হয়। ২।

অথ বাতভালকরণ।—পুনর্নবার মূল পানের সহিত ভক্ষণ করিলে, বাত ভাল হয়। ১।

অথ খোস-প্রতিকার।—গন্ধক, কুড়, হরিদ্রা, ইন্দ্রযব, জোয়ানী, বিড়ঙ্গ, হরিতাল, মরিচ, সিন্দূর ও হাকুচবীজ সমানপরিমাণে পিষিয়া কটুতৈলে মিশ্রিত করিয়া অগ্নিতে পাক কিম্বা রৌদ্রে পাক করিয়া খোসে লেপন করিলে খোস ভাল হয়। ১।

অথ পায়ের ক্রিমিবিনাশপ্রকরণ।—সীজের ক্ষীর, ইন্দ্রযব, শেওড়ার ক্ষীর ও মরিচ এইসকল দ্রব্য বাটিয়া পায়ে দিলে, পায়ের ক্রিমি নাশ হয়। ১।

অথ শ্বেতকামলা-শান্তি।—বিছাতীর মূল শনিবারে জাগাইয়া রবিবারে আনিয়া রক্তবর্ণ সূতাতে বান্ধিয়া মস্তকে রাখিলে, শ্বেতকামলা ভাল হয়। ১।

অথ গুল্মনিবারণ।—বচ দুইতোলা, হিঙ্ পাঁচতোলা, জোয়ানী ছয়তোলা, চিতার মূলসাততোলা এইসকল শুখাইয়া গুড়া করিয়া একতোলা পরিমাণে তপ্তজলের সহিত সাতদিবস পান করিলে গুল্ম ভাল হয়। ১।

অথ অস্ত্রাঘাতবিমোচন।—পেটারিয়ার মূল স্পর্শ করাইলে অস্ত্রাঘাত বিমোচন হয়। ১।

অথ স্তনরোগশান্তি।—কৃষ্ণবর্ণ জয়ন্তীপত্রের রস, কটুতৈল ও হিঙ্গু একত্র করিয়া রৌদ্রে শুখাইয়া স্তনে দিলে, স্তনরোগ ভাল হয়। ১।

অথ গর্ভপাতনিবারণ।—রক্তোৎপল, শালুক ও যষ্টিমধু এইসকল দ্রব্য বাটিয়া দুগ্ধসহ পান করিলে, গর্ভপাত হয় না। ১।

গোয়ালিয়ার পত্র গব্যঘৃত দিয়া পিসিয়া খাইলে গর্ভপাত হয় না। ২।

অথ কুক্কুরদংশনদোষশান্তি।—আকুলা কুকসিমের মূল আকন্দের ছোট তিনটী পাতা, কিম্বা সাতটী পাতা, একুশটী মরিচ দিয়া খাইলে কুক্কুরদংশনদোষ ভাল হয়। ১।

অথ বুকশূল-প্রতিকার।—এরণ্ডমূল চিনির সহিত খাইলে, বুকশূল ঘুচে। ১।

অথ কুক্ষিরোগ-উপশম।—তেপালিতের মূল ঘৃত দিয়া খাইলে কুক্ষিরোগ ঘুচে। ১।

অথ প্লীহা-চিকিৎসা।—কেতকীর পত্রভস্ম গুড় দিয়া খাইলে প্লীহা ঘুচে। ১।

এরণ্ড ও যব গোমূত্র দিয়া খাইলেও ভাল হয়। ২।

চিতারমূল প্রাতঃকালে লবণ দিয়া খাইলেও ভাল হয়। ৩।

অথ হৃদ্রোগহরণ।—চিতারমূল, বচ, শুণ্ঠী, পিঁপুল, বেলশুঁঠা, সৈন্ধব, আদা ও হরীতকী সমভাগে কাঁজী দিয়া ক্বাথ করিয়া খাইলে, কাস, শ্বাস, অতীসার, গুল্ম, অজীর্ণ, হৃদ্রোগ ও ব্যথা আরোগ্য হয়। ১।

অথ জলদোষ-শান্তি।—মহিষের মূত্র খাইলে, জলদোষ ঘুচে। ১।

অথ আমবাত ভালকরণ।—রসুন তিলের তৈল দিয়া খাইলে, আমবাত ঘুচে। ১।

অথ প্রমেহদূরীকরণ।—হরিদ্রা ও আমলকীর চূর্ণ খাইলে, প্রমেহ ঘুচে। ১।

অথ কোরণ্ডনিবারণ।—কেতকীর মাথীবারা প্রলেপ দিলে, কোরণ্ড আরোগ্য হয়। ১।

অথ অর্শোহরণপ্রকরণ।—আপাঙ্গ মূলের সহিত খাইলে, অর্শ ঘুচে। ১।

দণ্ডোৎপলের মূল, মরিচ দিয়া খাইলে অর্শ ঘুচে। ২।

অথ বায়ুশান্তিপ্রকরণ।—তেঁতুল গুড় দিয়া খাইলে, বায়ু ঘুচে। ১।

শিমুলছাল বাটিয়া পায়ের তলে লেপিলে, বায়ু ভাল হয়। অথবা দধি ও গুড় পায়ে লেপিলেও ভাল হয়। ২।

অথ কামলা উপশমন।—ঘৃতকুমারীর মূল বাসী জল দিয়া নস্য করিলে, কামলা আরোগ্য হয়। ১।

অথ ডাইনছাড়ান।—আলকুশীর মূল শুখাইয়া পায়ে বাঁধিলে, ডাইন ঘুচে। ১।

শাওড়ার ছাল পায়ে বাঁধিলেও ভাল হয়। ২।

অথ ডাইনী, ভূত প্রভৃতির শান্তি।—কাগজ ও হরিদ্রাচূর্ণ একত্র করিয়া নাকে ধূম দিলে ডাইনী, ভূত, প্রেত ও যোগিনী ছাড়ে। ১।

অথ যক্ষছাড়ান।—দুই স্ত্রী যার, তাহার বাড়ীর ঢেঁকীর মুনীর লোহে খাড়ু গড়াইয়া পরিলে যক্ষ ছাড়ে। ১।

অথ বালকরক্ষাকরণ।—গুড়, বচ ও অগুরু এই তিন দ্রব্য বালকের গলে বাঁধিলে, বালক রক্ষা পায়। ১।

অথ ভূতপ্রেতদূরীকরণ।—রবিবারে রুইমৎস্য ধরিয়া তাহার পিত্ত মরিচের গুঁড়াতে মাখিয়া শুখাইয়া চক্ষে অঞ্জন দিলে, ভূত প্রেত ছাড়ে। ১।

অথ বালকরক্ষাকরণ।—কৃকলাস মারিয়া বালকের গলায় বাঁধিলে, বালক রক্ষা পায়। ১।

অথ কুষ্ঠ-প্রতিকার।—ছাতিমের ছাল ও ত্রিকটু একত্র খাইলে একুশদিনে কুষ্ঠরোগ ভাল হয়। ১।

অথ কুষ্ঠকরণ।—কৃকলাস, ভ্রমর ও বিছা মারিয়া চূর্ণ করিয়া গায়ে দিলে কুষ্ঠরোগ হয়। ১।

অথ শ্বেতকুষ্ঠনিবারণ।—শেওড়ার বীজ গোমূত্র দিয়া লেপিলে, শ্বেতকুষ্ঠ ভাল হয়। ১।

অথ দদ্রুশান্তিপ্রকরণ।—এলাচীবীজ ঘোল দিয়া লেপিলে দাদ ভাল হয়। ১।

সৌদামীফল কাঁজী দিয়া লেপিলে দাদ ভাল হয়। ২।

অথ ব্রণশান্তিপ্রকরণ।—কর্পূররস লেপিলে ব্রণ ঘুচে। ১।

মূলার বীজ ও লবণ কাঁজী দিয়া লেপিলে, ব্রণ ঘুচে। ২।

অথ বসন্ত নাহওন।—কণ্টিকারীর মূল মরিচ দিয়া খাইলে বসন্ত হয় না। ১।

অথ গোরুর বসন্ত নাহওন।—অমাবস্যাতে ধুতুরারবৃক্ষ নিমন্ত্রিত করিয়া প্রতিপদে সেই মূল লইয়া গোরুকে খাওয়াইলে গরুর বসন্ত হয় না। ১।

অথ কাটাঘা-প্রতিকার।—শ্বেত আপাঙ্গের মূল কাটাঘায়ে দিলে, কাটাঘা ভাল হয়। ১।

খয়ের চূর্ণ দিলেও কাটাঘা ভাল হয় ও শুথায়। ২।

নাগকেশরপুষ্প বাটিয়া দিলেও কাটাঘা শুথায়। ৩।

অথ সর্প-বিষনিবারণ।—আজানগাছের মূল ও নীলের মূল বাটিয়া দিলে সর্পের বিষ যায়। ১।

কেশুরীয়া বাটীয়া দিলে, সর্পের বিষ দূর হয়। ২।

নটিয়াশাকের মূল মরিচ দিয়া খাইলে সর্পের বিষ যায়। ৩।

শামুক বাটিয়া থাইলে, সর্পবিষ যায়। ৪।

আকন্দমূল বাসীজল দিয়া খাইলে, সর্পবিষ যায়। ৫।

অথ কুকুরবিষ-শান্তি।—মহাকালের মূল কাঁজী দিয়া লেপিলে, কুকুরের বিষ যায়। ১।

অথ ছুঁচার বিষনিরারণ।—আমরুল বাটিয়া খাইলে ছুঁচার বিষ যায়। ১।

অথ বিছারবিষপ্রতিকার।—পুষ্যানক্ষত্রে দূর্ব্বা বাটিয়া খাইলে, বিছার বিষ যায়। ১।

অথ ছুঁচার বিষদূরীকরণ।—পরিধান বস্ত্র ত্যাগ করিয়া গড়াগড়ি দিলে ছুঁচার বিষ যায়। ১।

অথ সর্ব্বজীববিষশান্তি।—ছোলা, হরিদ্রা, বকুলছাল, মঞ্জিষ্ঠা ও দেবদারু একত্র পেষণ করিয়া লেপিলে সকল জীবের বিষ যায়। ১।

অথ গাছের পোকামারণ।—লবণ ও কাঁজী দিলে গাছের পোকা মরে। ১।

অথ শোথশান্তিকরণ।—মাহিষনবনীত, দুগ্ধ ও তিল বাটিয়া দিলে শোথ ভাল হয়। ১।

অথ পোড়াঘায়ের জ্বালানিবারণ।—জীরা, হরীতকী, ধুনা ও অশ্বথপত্র একত্র লেপিলে পোড়া ঘায়ের জ্বালা যায়। ১।

যবের চূর্ণ তিলতৈলে পাক করিয়া কটুতৈল দিয়া দিলে, অগ্নিদগ্ধের বিষ ঘুচে। ২।

অথ কক্ষদুর্গন্ধদূরীকরণ।—আম্রছাল, ডাড়িম্বছাল, শাঁখের চূর্ণ একত্র লেপিলে কক্ষের দুর্গন্ধ দূর হয়। ১।

অথ কান্তিপুষ্টিজনন।—হরীতকী, বচ, কুড়, পিঁপুল ও বটের মূল কাঁজি দিয়া মাখিলে কান্তি পুষ্টি হয়। ১।

যবচূর্ণ, শ্বেতসর্ষপ, যষ্টিমধু ও লোধ সমভাগে একত্রে গাত্রে মাখিলে কান্তি পুষ্টি হয়। ২।

অথ শরীর-স্থূলীকরণ।—অশ্বগন্ধা মরিচ দিয়া খাইলে স্থূলশরীর হয়। ১।

অথ বলবৃদ্ধিপ্রকরণ।—আমলকীর চূর্ণ দুগ্ধদিয়া একমাস খাইলে, বলবান্ হয়। ১।

শতমূলীর রস, আমলকীর রস ও চিনি দুগ্ধ দিয়া খাইলে, মহাবলবান্ হয়। ২।

অশ্বগন্ধার মূল বাটিয়া খাইলে, মহাবলবান্ হয়। ৩।

অথ উকুনবিনাশন।—পানের সব পায়ের তলে লেপিলে উকুন মরে। ১।

অথ ইন্দুরনিবারণ।—আকন্দের ধূম দিলে ইন্দুর পলায়। ১।

অথ হস্তী-পলায়ন।—শ্বেতাপরাজিতার মূল মন্ত্র পড়িয়া বান্ধিলে, হস্তী পলায়। ১।

অথ ব্যাঘ্রপলায়ন।—কালবৃহতীর মূল মাথায় বান্ধিলে ব্যাঘ্র পলায়। ১।

অথ হাতপোড়ানিবারণ।—বেঙের তৈল জোঁকের গুড়া হাতে দিয়া অগ্নিতে হাত দিলে হাত পোড়ে না। ১।

অথ ঘরে কোন্দলকরণ।—রবিবারে হিঙ্গের জল যাহার ঘরের চালে দেয় তাহার ঘরে কোন্দল হয়। ১।

অথ চুরিনিবারণ।—শুক্লপক্ষে পুষ্যানক্ষত্রে কুচের মূল তুলিয়া মাথায় বান্ধিলে, তাহার দ্রব্য চোরে যায় না। ১।

অথ জগৎবশীকরণ।—সহদেব, ভৃঙ্গরাজ, বচ, শ্বেতাপরাজিতা ও গোরোচনা একত্রে তিলক করিলে, জগৎ বশ হয়। ১।

গোরোচনা ও শকুনের রক্ত আপন থুথু দিয়া বাম হাতের কনিষ্ঠা অঙ্গুলী দিয়া তিলক করিলে ত্রিভুবন বশ হয়। ২।

পুষ্যানক্ষত্রে শ্বেত আকন্দের মূল গোরোচনা দিয়া তিলক করিলে, জগৎ বশ হয়। ৩।

অথ গর্ভপাত-শান্তিকরণ।—শ্বেত অপরাজিতার মূল কটীতে বান্ধিলে গর্ভপাত হয় না। ১।

অথ শীঘ্রপ্রসবকরণ।—আপাঙ্গের মূল পোয়াতীস্ত্রীর নামে মুক্তকেশে তুলিয়া তাহার কটীতে বান্ধিলে, শীঘ্র প্রসব হয়। ১।

অথ ধাতুচালা-প্রতিকার।—জবাপুষ্পের রস, একপোয়া দুগ্ধ ও এক পোয়া চিনি দিয়া খাইলে ধাতুচালা ভাল হয়। ১।

অথ ধ্বজভঙ্গকরণ ও তৎশান্তি।—যাহার দন্তকাষ্ঠ ঘাসের মিশালে বাছুরগরুকে খাওয়ায়, তাহার ধ্বজভঙ্গ হয়। কিন্তু আঁড়িয়াগরুকে ঐরূপ দন্তকাষ্ঠ খাওয়াইলে, উহা ভাল হয়। ১।

অথ বীর্য্যস্তম্ভন।—শ্বেতলাঙ্গলীয়ার মূলদ্বারা কপালে ও বুকে ফোটা করিলে, বীর্য্যস্তম্ভন হয়। ১।

অথ স্তনে দুগ্ধকরণ।—ভূমিকুম্মড়ার মূল দুগ্ধ দিয়া খাইলে স্তনে দুগ্ধ হয়। ১।

অথ বাধকবেদনাশান্তিকরণ।—পানশিউলির মূল ঋতুকালে স্ত্রী-অঙ্গে দিলে বাধকব্যাথা নিবারণ হয়। ১।

অথ রসবাতনিবারণ।—নারিকেলের মূল কুমারী স্ত্রীর হাতের পাক্ খেই সুতা দিয়া মাথায় বান্ধিলে রসবাত ভাল হয়। ১।

অথ প্রমেহদূরীকরণ।—আমলকীচূর্ণ ও হরীতকীচূর্ণ পুরাণ গুড় দিয়া খাইলে প্রমেহ দূর হয়। ১।

অথ বহুমূত্র-প্রশমন।—আমলকীর রস মধুদিয়া খাইলে, বহুমূত্র ভাল হয়। ১।

বাসকের রস মধুদিয়া খাইলেও বহুমূত্র রোগ ভাল হয় ॥ ২ ॥

অথ পোড়াঘা-প্রতিকার।—যব পোড়াইয়া তিলতৈল দিয়া পোড়া ঘায়ে দিলে ভাল হয় ॥ ১ ॥

অথ শ্লীপদ (গোদ) শান্তি।—রবিবারে আকন্দমূল রাঙ্গাসূতা দিয়া পায়ে বান্ধিলে, গোদ ভাল হয় ॥ ১ ॥

অথ গলগণ্ড নিবারণ।—চিত্রানক্ষত্রে কুন্দপুষ্পের মূল গলায় বান্ধিলে গলগণ্ড ভাল হয় ॥ ১ ॥

অথ কোরণ্ড-প্রতিকার।—ত্রিফলা দুই তোলা, অর্দ্ধসের জল দিয়া সিদ্ধ করিয়া খাইলে, কোরণ্ড ভাল হয় ॥ ১ ॥

অথ অজীর্ণপ্রশমন।—আপাঙ্গমূল শামুকভস্ম ও সৈন্ধব সমভাগে একত্র খাইলে, অজীর্ণ নিবারণ হয় ॥ ১ ॥

অথ বাতপিত্তশূলনিবারণ।—কুড় যতপরিমাণ ও তাহার দ্বিগুণ পরিমাণ ত্রিফলা একত্র করিয়া তপ্তজল দিয়া খাইলে, বাতপিত্তশূল নিবারণ ॥ ১ ॥

অথ শূলরোগ-শান্তি।—শঙ্খভস্ম, বহেড়া চূর্ণ ও আমলকী চূর্ণ এবং সৈন্ধব সমভাগে পাঁচমাষা চারিরতি করিয়া খাইলে, শূল আরোগ্য হয় ॥ ১ ॥

পুরাতন লৌহমল গোমূত্রে সাত বার পোড়াইয়া চূর্ণ করিয়া মধু দিয়া প্রাতে খাইলে, শূল ভাল হয় ॥ ২ ॥

অথ পাথুরী ভালহওন।—নারিকেলপুষ্প গুবাক দিয়া খাইলে পাথুরী ভাল হয় ॥ ১ ॥

অথ অণ্ডকোষ বৃদ্ধিকরণ।—শ্বেতাকন্দ-মূল কাঁজীদিয়া বাটিয়া প্রলেপ দিলে অণ্ডকোষ বৃদ্ধি হয় ॥ ১ ॥

অথ উদরী শান্তিকরণ।—নাগকেশরমূল, ঘৃত ও মধু সমভাগ করিয়া খাইলে উদরী ভাল হয় ॥ ১ ॥

অথ ঐকাহিকজ্বর নিবারণ।—আফুলা বিছাটীর গাছ পূর্ব্বদিন পান গুবাক দিয়া জাগাইয়া পরদিন সূর্য্যোদয়ে ছাড় ছাড় বলিয়া তুলিয়া ফেলিবেক ইহাতে ঐকাহিক জ্বর ভাল হয় ॥ ১ ॥

লাঙ্গলের গুক্‌মাটী পূর্ব্বদিন গুবাক দিয়া জাগাইয়া পরদিন শয্যাতে বসিয়া তিলক দিলেও উহা ভাল হয় ॥ ২ ॥

বেড়েলার মূল বন্ধন করিলেও ভাল হয় ॥ ৩ ॥

অথ ওলাউঠাশান্তি।—সিদ্ধির সিটী সাতটী মরিচ দিয়া খাইলে ওলাউঠা ভাল হয় ॥ ১ ॥

শাস্ত্রীয় উৎকৃষ্ট ঔষধ।

স্বাভাবিকব্যাধিপ্রতিষেধনীয়রসায়ন।

অস্মদ্দেশে প্রাচীনকালে মুনিগণপ্রণীত যেসকল ঔষধপ্রকরণ পুস্তকাকারে লিপিবদ্ধ আছে, তন্মধ্যে কোন কোন ঔষধের অসীম এবং অদ্ভুত গুণ দৃষ্ট হইতেছে, ঐসকল ঔষধাদির গুণ নব্যসম্প্রদায়িগণ শ্রবণ করিলে, একবারেই অবিশ্বাস করিয়া উঠিবেন। এস্থলে সুশ্রুতগ্রন্থ হইতে স্বাভাবিক ব্যাধিপ্রতিষেধনীয় রসায়ন এবং নিরুত্তমস্থাপীয়রসায়ন নিম্নে উদ্ধৃত করিলাম। ঐ ঔষধের নাম সোম। ঐ সোম স্থান, নাম, আকৃতি ও বীর্য্যভেদে চতুর্ব্বিংশতি প্রকার হয়, তাহা সেবন করিলে মানব নূতন দেহ প্রাপ্ত হইয়া দশসহস্রবর্ষ পর্য্যন্ত জীবিত থাকে এবং কন্দর্পের ন্যায় রূপ ও চন্দ্রের ন্যায় কান্তি ধারণ করে। যতপ্রকার সোম আছে, সকলেরই পঞ্চদশপত্র। সেই পত্রগুলি শুক্লপক্ষে জন্মিয়া কৃষ্ণপক্ষে পতিত হয়। শুক্লপক্ষের প্রতিপৎ হইতে পূর্ণিমা পর্য্যন্ত প্রতিদিন একটি করিয়া পত্র জন্মে এবং কৃষ্ণপক্ষের প্রতিপৎ হইতে অমাবস্যা পর্য্যন্ত প্রতিদিন এক একটি পত্র স্খলিত হয়। অমাবস্যার দিবস কেবল লতামাত্র অবশিষ্ট থাকে, ইত্যাদি বিবরণ ও হিমালয় পর্ব্বত আদি যে যে স্থানে প্রাপ্ত হওয়া যায় তাহা এবং যে যে রূপে সেবন করিতে হইবে তাহার নিয়ম ও ব্যবস্থা নিম্নে সুশ্রুতের বচন প্রমাণেই বিদিত হইবেক।—

ব্রহ্মাদয়োঽসৃজন্ পূর্ব্বমমৃতং সোমসংজ্ঞিতম্। জরামৃত্যুবিনাশায় বিধানং তস্য বক্ষ্যতে ॥ এক এব খলু ভগবান্ সোমঃ স্থাননামাকৃতিবীর্য্যবিশেষৈশ্চতুর্ব্বিংশতিধা ভিদ্যতে। তদ্যথা ॥ অংশুমান্ মুঞ্জবাংশ্চৈব চন্দ্রমা রজতপ্রভঃ। দূর্ব্বা সোমঃ কনীয়াংশ্চ শ্বেতাক্ষঃ কনকপ্রভঃ ॥ প্রতানবাংস্তালবৃন্তঃ করবীরোঽংশবানপি। স্বয়ম্প্রভো মহাসোমো যশ্চাপি গরুড়াহৃতঃ ॥ গায়ত্র্যস্ত্রৈষ্টুভঃ পাঙ্‌ক্তো জাগতঃ শাক্করস্তথা। অগ্নিষ্টোমো রৈবতশ্চ যথোক্ত ইতি সংজ্ঞিতঃ ॥ গায়ত্র্যা ত্রিপদা যুক্তো যশ্চোড়ুপতিরুচ্যতে। এতে সোমাঃ সমাখ্যাতা বেদোক্তৈর্নামভিঃ শুভৈঃ। সর্ব্বেষামেব চৈতেষামেকো বিধিরুপাসনে। সর্ব্বে তুল্যগুণাশ্চৈব বিধানং তেষু বক্ষ্যতে ॥

অতোঽন্ততমং সোমমুপযুযুক্ষুঃ সর্ব্বোপকরণপরিচারকোপেতঃ প্রশস্তদেশে ত্রিবৃতমাগারং কারয়িত্বা হৃতদোষঃ প্রতিসংসৃষ্টভক্তঃ প্রশস্তেষু তিথিকরণমুহূর্ত্তনক্ষত্রেষু অংশুমন্তমাদায়াধ্বরকল্পেনাহৃতমভিষুতমভিহুতং চান্তরাগারে কৃতমঙ্গলঃ সোমকন্দং সুবর্ণসূচ্যা বিদার্য্য পয়ো গৃহ্ণীয়াৎ সৌবর্ণে পাত্রেঽঞ্জলিমাত্রং ততঃ সকৃদেবোপযুঞ্জীত নাস্বাদয়ংস্তত উপস্পৃশ্য শেষমপ্স্ববসাদ্য যমনিয়মাভ্যামাত্মানং সংযোজ্য বাগ্যতোঽভ্যন্তরতঃ সুহৃদ্ভিরুপাস্যমানো বিহরেৎ।

রসায়নং পীতবাংস্তু নিবাতে তন্মনাঃ শুচিঃ। আসীত তিষ্ঠেৎ ক্রামেচ্চ ন কথঞ্চন সংবিশেৎ ॥ সায়ং বা ভুক্তবান্ প্রতশান্তিঃ কুশশয্যায়াং কৃষ্ণাজিনোত্তরায়াং সুহৃদ্ভিরুপাস্যমানঃ শয়ীত, তৃষিতো বা শীতোদকমাত্রাং পিবেৎ ততঃ প্রাতরুত্থায়োপক্রতশান্তিঃ কৃতমঙ্গলো গাং স্পৃষ্ট্বা তথৈবাসীৎ। তস্য জীর্ণে সোমে ছর্দ্দিরুপপদ্যতে ততঃ শোণিতাক্তং ক্রিমিব্যামিশ্রং ছর্দ্দিতবতঃ সায়ং শৃতশীতং ক্ষীরং বিতরেৎ। ততস্তৃতীয়েঽহনি ক্রিমিব্যামিশ্রমতিসার্য্যতে স তেনানিষ্টপ্রতিগ্রহভুক্তপ্রভৃতিভির্ব্বিশেষৈর্ম্মুক্তঃ শুদ্ধতনুর্ভবতি ততঃ সায়ং স্নাতস্য পূর্ব্ববদেব ক্ষীরং বিতরেৎ। ক্ষৌমবস্ত্রাস্তৃতায়াং চৈনং শয্যায়াং শায়য়েত ততশ্চতুর্থেঽহনি তস্য শ্বয়থুরুৎপদ্যতে। ততঃ সর্ব্বাঙ্গেভ্যঃ ক্রিময়ো নিষ্ক্রামন্তি তদহশ্চ শয্যায়াং পাংশুভিরবকীর্য্যমাণঃ শয়ীত। ততঃ সায়ং পূর্ব্ববদেব ক্ষীরং বিতরেৎ। এবং পঞ্চমষষ্ঠয়োর্দ্দিবসয়োর্ব্বর্ত্তেত কেবলমুভয়কালমস্মৈ ক্ষীরং বিতরেত্ততঃ সপ্তমেঽহনি নির্ম্মাংসস্নায়ুভূতঃ কেবলং সোমপরিগ্রহাদেবোচ্ছ্বসিতি। তদহশ্চ ক্ষীরেণ সুখোষ্ণেন পরিষিচ্য তিলমধুকচন্দনানুলিপ্তদেহং পয়ঃ পায়য়েৎ। ততোঽষ্টমেঽহনি, প্রাতরেব ক্ষীরপরিষিক্তং চন্দনপ্রদিগ্ধগাত্রং পয়ঃ পায়য়িত্বা পাংশুশয্যাং সমুৎসৃজ্য ক্ষৌমাস্তৃতায়াং শায়য়েত্ততো মাংসমাপ্যায়তে ত্বক্ চাবদলতি। দশনখরোমাণি চাস্য পতন্তি। তস্য নবম-

দিবসাৎ প্রভৃত্যণুতৈলাভ্যঙ্গঃ সোমবল্ককষায়পরিষেকঃ। ততো দশমেঽহন্যেতদেব বিতরেৎ ততোঽস্য ত্বক্ স্থিরতামুপৈতি। এবমেকাদশদ্বাদশয়োর্ব্বর্ত্তেত। তত্র ত্রয়োদশাৎ প্রভৃতি সোমবল্ককষায়পরিষেকঃ। এবমাষোড়শাদ্বর্ত্তেত ততঃ সপ্তদশাষ্টাদশয়োর্দ্দিবসয়োর্দ্দশনা জায়ন্তে শিখরিণঃ স্নিগ্ধা বজ্রবৈদূর্য্যস্ফটিকনিকাশাঃ সমাঃ স্থিরাঃ সহিষ্ণবঃ। তদা প্রভৃতি চ নবৈঃ শালিতণ্ডুলৈঃ ক্ষীরযবাগূমুপসেবেত যাবৎ পঞ্চবিংশতিরিতি। ততোঽস্মৈ দদ্যাচ্ছাল্যোদনং মৃদুভয়কালং পয়সা ততোঽস্য নখা জায়ন্তে বিদ্রুমেন্দ্রগোপকতরুণাদিত্যপ্রকাশাঃ স্থিরাঃ স্নিগ্ধা লক্ষণসম্পন্নাঃ কেশাশ্চ জায়ন্তে ত্বক্ চ নীলোৎপলাতসীপুষ্পবৈদূর্য্যপ্রকাশা। ঊর্দ্ধঞ্চ মাসাৎ কেশান্ বাপয়েদ্বাপয়িত্বা চৌশীরচন্দনকৃষ্ণতিলকল্কৈঃ শিরঃ প্রদিহ্যাৎ পয়সা বা স্নাপয়েৎ।

ততোঽস্থানন্তরং সপ্তরাত্রাৎ কেশা জায়ন্তে ভ্রমরাঞ্জননিভাঃ কুঞ্চিতাঃ স্নিগ্ধাস্ততস্ত্রিরাত্রাৎ প্রথমপরিসরান্নিষ্ক্রম্য মুহূর্ত্তং স্থিত্বা পুনরেবান্তঃপ্রবিশেৎ। ততোঽস্য বলাতৈলমভ্যঙ্গার্থেঽবচার্য্যং। যবপিষ্টমুদ্বর্ত্তনার্থে। সুখোষ্ণঞ্চ পয়ঃ পরিষেকার্থে। অশ্বকর্ণকষায়মুৎসাদনার্থে। সৌশীরং কূপোদকং স্নানার্থে। চন্দনমনুলেপার্থে। আমলকরসবিমিশ্রাশ্চাস্য যূষসূপবিকল্পাঃ। ক্ষীরমধুকসিদ্ধঞ্চ কৃষ্ণতিলমবচারণার্থে। এবং দশরাত্রং ততোঽন্যদ্দশরাত্রং দ্বিতীয়ে পরিসরে বর্ত্তেত। ততস্তৃতীয়ে পরিসরে স্থিরীকুর্ব্বন্নাত্মানমন্যদ্দশরাত্রমাসীত। কিঞ্চিদাতপপবনান্ বা সেবেত পুনশ্চান্তঃপ্রবিশেৎ। ন চাত্মানমাদর্শেষু বা নিরীক্ষেত রূপশালিত্বাৎ ততোঽন্যদ্দশরাত্রং ক্রোধাদীন্ পরিহরেদেবং সর্ব্বেষামুপযোগঃ। বিশেষতস্তু বল্লীপ্রতানক্ষুপাদয়ঃ সোমা ভক্ষয়িতব্যাঃ। তেষাঞ্চ প্রমাণমর্দ্ধচতুর্থমুষ্টয়ঃ॥

অংশুবন্তং সৌবর্ণে পাত্রেঽভিষুণুয়াৎ। চন্দ্রমসং রাজতে চোপযুঞ্জ্যাষ্টগুণৈশ্বর্য্যমবাপ্যেশানন্দেবমনুপ্রবিশন্তি। শেষাংস্তু তাম্রময়ে মৃন্ময়ে বা রোহিতে বা চর্ম্মণি বিততে শুভ্রবর্জ্জং ত্রিভির্মন্ত্রৈঃ সোমা উপযোক্তব্যাঃ। ততশ্চতুর্থে মাসে পৌর্ণমাস্যাং শুচৌ দেশে ব্রাহ্মণানর্চ্চয়িত্বা কৃতমঙ্গলো নিষ্ক্রম্য যথোক্তং ব্রজেদিতি।

ওষধীনাং পতিং সোমমুপযুজ্য বিচক্ষণঃ। দশবর্ষসহস্রাণি নবাঞ্চারয়তে তনুম্। নাগ্নির্ন তোয়ং ন বিষং ন শস্ত্রং নাস্ত্রমেব চ। তস্যালমায়ুঃক্ষপণে সমর্থাশ্চ ভবন্তি হি। ভদ্রাণাং ষষ্টিবর্ষাণাং প্রকৃতানামনেকধা। কুঞ্জরাণাং সহস্রস্য বলং সমধিগচ্ছতি। ক্ষীরোদং শক্রসদনমুত্তরাংশ্চ কুরূনপি। যত্রেচ্ছতি স গন্তুং বা তত্রাপ্রতিহতা গতিঃ। কন্দর্প ইব রূপেণ কান্ত্যা চন্দ্র ইবাপরঃ। প্রহ্লাদয়তি ভূতানাং মনাংসি স মহাদ্যুতিঃ। সাঙ্গোপাঙ্গাংশ্চ নিখিলান্ বেদান্বিন্দতি তত্ত্বতঃ। চরত্যমোঘসঙ্কল্পো দেববচ্চাখিলং জগৎ। সর্ব্বেষামেব সোমানাং পত্রাণি দশপঞ্চ চ। তানি শুক্লে চ কৃষ্ণে চ জায়ন্তে নিপতন্তি চ। একৈকং জায়তে পত্রং সোমস্যাহরহস্তদা। শুক্লস্য পৌর্ণমাস্যান্তু ভবেৎ পঞ্চদশচ্ছদঃ। শীর্য্যতে পত্রমেকৈকং দিবসে দিবসে পুনঃ। কৃষ্ণপক্ষক্ষয়ে চাপি লতা ভবতি কেবলা॥ অংশুমানাজ্যগন্ধস্তু কন্দবান্রজতপ্রভঃ। কদল্যাকারকন্দস্তু মুঞ্জবাঁল্লশুনচ্ছদঃ॥ চন্দ্রমাঃ কনকাভাসো জলে চরতি সর্ব্বদা। গরুড়াহৃতনামা চ শ্বেতাক্ষশ্চাপি পাণ্ডুরৌ॥ সর্পনির্ম্মোকসদৃশৌ তৌ বৃক্ষাগ্রাবলম্বিনৌ। তথান্যৈর্ম্মণ্ডলৈশ্চিত্রৈশ্চিত্রিতা ইব ভান্তি তে॥ সর্ব্ব এব তু বিজ্ঞেয়াঃ সোমাঃ পঞ্চদশচ্ছদাঃ। ক্ষীরকন্দলতাবন্তং পত্রৈর্নানাবিধৈঃ স্মৃতাঃ॥ হিমবত্যর্ব্বুদে সহ্যে মহেন্দ্রমলয়ে তথা। শ্রীপর্ব্বতে দেবগিরৌ গিরৌ দেবসহে তথা॥ পারিপাত্রে চ বিন্ধ্যে চ দেবসুন্দে হ্রদে তথা। উত্তরেণ বিতস্তায়াঃ প্রবৃদ্ধা যে মহীধরাঃ॥ পঞ্চ তেষামধো মধ্যে সিন্ধুনামা মহানদঃ॥ হঠবৎ প্লবতে তত্র চন্দ্রমাঃ সোমসত্তমঃ॥ তস্যোদ্দেশেষু বাপ্যন্তি মুঞ্জবানংশুমানপি। কাশ্মীরেষু সরো দিব্যং নাম্না ক্ষুদ্রকমানসং। গায়ত্র্যস্ত্রৈষ্টুভঃ পাংক্তো জাগতঃ শাঙ্করস্তথা॥ অত্র সন্ত্যপরে চাপি সোমাঃ সোমসমপ্রভাঃ। ন তান্ পশ্যন্ত্যধর্ম্মিষ্ঠাঃ কৃতঘ্নাশ্চাপি মানবাঃ॥ ভেষজদ্বেষিণশ্চাপি ব্রাহ্মণদ্বেষিণস্তথা।

পূর্ব্বে ব্রহ্মাপ্রভৃতি দেবগণ জরামৃত্যুবিনাশের নিমিত্ত সোমনামক অমৃত সৃষ্টি করেন। তাহার সেবন করিবার নিয়ম কথিত হইতেছে।

একমাত্র ভগবান্ সোম, স্থান, নাম, আকার ও বীর্য্যভেদে চতুর্ব্বিংশতিপ্রকার। যথা,—১ অংশুমান্, ২ মুঞ্জবান্, ৩ চন্দ্রমা, ৪ রজতপ্রভ, ৫ দূর্ব্বাসোম, ৬ কনীয়ান্, ৭ শ্বেতাক্ষ, ৮ কনকপ্রভ, ৯ প্রতানবান্, ১০ তালবৃন্ত, ১১ করবীর, ১২ অংশবান্, ১৩ স্বয়ম্প্রভ, ১৪ মহাসোম, ১৫ গরুড়াহৃত, ১৬ গায়ত্র্য, ১৭ ত্রৈষ্টুভ, ১৮ পাঙ্‌ক্ত, ১৯ জাগত, ২০ শাঙ্কর, ২১ অগ্নিষ্টোম, ২২ রৈবত, ২৩ গায়ত্র্যা, এবং ২৪ ত্রিপদাযুক্ উড়ুপতি। এই সর্ব্বপ্রকার সোম বেদোক্ত মঙ্গলদায়কনামদ্বারা খ্যাত আছে। ইহাদিগের উপাসনার বিধান একইপ্রকার এবং সকলপ্রকার সোমই সমানগুণসম্পন্ন। ইহাদের সেবনের নিয়ম কথিত হইতেছে।

ইহাদের মধ্যে যে কোনপ্রকার সোম সেবন করিতে হইলে, প্রথমে প্রশস্তস্থানে তিনটি আবরণে আবৃত একটি গৃহ প্রস্তুত করাইতে হইবে। সেই গৃহটি সর্ব্বপ্রকার উপকরণসম্পন্ন, পরিচারকগণে পূর্ণ ও দোষশূন্য থাকিবে। পরে সোমসেবনাভিলাষী ব্যক্তি অন্নভোজন পরিত্যাগপূর্ব্বক শরীর সংশুদ্ধ করিয়া উত্তমতিথিকরণনক্ষত্রবিশিষ্ট শুভক্ষণে অংশুমান্ নামক সোমকে গ্রহণ করিয়া এবং যজ্ঞকল্পদ্বারা আহরণ, অভিষেচন ও হোম করিয়া সেই গৃহে প্রবেশ করিবে। অনন্তর শুভাচরণপূর্ব্বক সেই সোমের কন্দ স্বর্ণময়সূচীদ্বারা বিদারণ করিয়া, তাহার ক্ষীর (রস, আটা) কনকময়পাত্রে অঞ্জলিপ্রমাণ গ্রহণ করিবে। তৎপরে সেই অঞ্জলিপরিমিত সোমরস আস্বাদন না করিয়া একবারেই পান করিবে। তাহার পর আচমন করিয়া, সেই পানাবশিষ্ট সোমরস যাহা থাকিবে, তাহা জলে ফেলিয়া দিয়া যম ও নিয়মের দ্বারা মনঃ ও বাক্য সংযমনপূর্ব্বক সেই গৃহের মধ্যে আত্মীয়বান্ধবাদিদ্বারা পরিবৃত্ত ও উপাসিত হইয়া বিহার করিবে, অর্থাৎ ক্রীড়াকৌতুকদ্বারা আনন্দে সময়াতিবাহন করিবে। এই সোমরসায়ন পান করিয়া বায়ুবিহীনস্থানে একমনা ও পবিত্র হইয়া অবস্থান, সঞ্চরণ, উপবেশনাদি করিবে, কিন্তু কদাপি নিদ্রা যাইবে না।

সোমরসায়ন সায়ংসময়ে পান করিলে, শান্তিশ্রবণ করিয়া কুশময়ী শয্যার উপরে কৃষ্ণসার মৃগের চর্ম্ম পাতিয়া, তাহাতে শয়ন করিবে এবং চারিপার্শ্বে মিত্রস্বজনাদিকর্ত্তৃক পরিবৃত থাকিবে। আর তৃষ্ণা পাইলে, পরিমিত মাত্রায় সুশীতল জল পান করিবে। পরে প্রভাতে শয্যাহইতে উঠিয়া শান্তিশ্রবণ করিয়া, মঙ্গলাচারী হইয়া ও গো স্পর্শ করিয়া, উপবেশন করিবে।

এই সোম উদরে জীর্ণ হইলে, বমন হইতে আরম্ভ হইবে। তাহার পর রক্তলিপ্ত ক্রিমিমিশ্রিত বমন হইয়া গেলে, সায়ংকালে পাক করা শীতল দুগ্ধ পান করিবে। তৃতীয়দিবসে ক্রিমিমিশ্রিত বিরেচন হইয়া থাকে। সেই বিরেচনদ্বারা কদর্য্য দ্রব্যাদি গ্রহণ ভোজন ইত্যাদি জনিত দোষ হইতে মুক্ত হইয়া শরীর বিশুদ্ধ হয়। তাহার পর সায়ংকালে স্নান করিয়া পূর্ব্ববৎ দুগ্ধপান করিবে এবং শয্যাতে পট্টবস্ত্র বিস্তীর্ণ করিয়া শয়ন করিবে। অনন্তর চতুর্থ দিনে তাহার শোথ হইবে। পরে সকল অঙ্গ হইতে ক্রিমিনির্গত হইতে থাকে। সেই দিনে শয্যাতে, ধূলী বিকীর্ণ করিয়া, শয়ন করিবে। পরে সায়ংকালে পূর্ব্বের ন্যায় দুগ্ধ পান করিবে। পঞ্চম ও ষষ্ঠ দিনেও এইরূপ নিয়ম, কেবল প্রভেদ এই যে, প্রভাত ও সায়ং এই দুই সন্ধ্যাতেই পূর্ব্ববৎ দুগ্ধপান করিবে। সমস্ত দিন মধ্যে শরীর মাংসশূন্য এবং ত্বক্ ও অস্থিসারমাত্র হইয়া সোমপরিগ্রহদ্বারা কেবল জীবিত থাকে। ঐ দিনে দেহে অল্প উষ্ণ দুগ্ধ পরিষেচন এবং তিল, যষ্টিমধু ও চন্দন একত্রে লেপন ও দুগ্ধপান করিবে। অনন্তর অষ্টম-দিবসে প্রভাতে শরীরে দুগ্ধপরিষেচন ও চন্দন লেপন করিয়া, দুগ্ধপান-পূর্ব্বক ধূলীবিকীর্ণ শয্যা পরিত্যাগ করিবে এবং পট্টবস্ত্রবিস্তীর্ণ শয্যাতে শয়ন করিবে। ঐ সময়ে মাংস বর্দ্ধিত ও ত্বক্ পুষ্ট হইবে এবং দন্ত, নখ ও রোম সকল পতিত হইবে। নবম দিন হইতে শরীরে মর্দ্দনের নিমিত্ত অণু (পাতলা) তৈল ও পরিষেচনের নিমিত্ত শ্বেতখদিরের কাথ ব্যবহার করিবে। দশম দিনেও ঐরূপ ক্রিয়া করিবে। ইহাতে ত্বকের স্থিরতা জন্মিবে। একাদশ ও দ্বাদশ দিবসেও এইরূপ প্রণালী-অনুসারে কার্য্য করিতে হইবে। পরে ত্রয়োদশ অবধি ষোড়শদিনপর্য্যন্ত কেবল শরীরে পরিষেচনের জন্য শ্বেত খদিরের কাথ ব্যবহার করিবে। অনন্তর সপ্তদশ ও অষ্টাদশ দিবসের মধ্যে দন্তসকল জন্মিবে। ঐ দন্তসকল শিখরবিশিষ্ট (কোণবিশিষ্ট ও ধারাল) স্নিগ্ধ, বজ্রবদৃঢ়, বৈদূর্য্যমণির ন্যায় আকৃতিতে সুন্দর, স্ফটিকবৎ স্বচ্ছ, পরস্পর সমান, স্থির এবং সহিষ্ণু (স্থিতি শীল) হইবে। এই দন্তবহির্গমনের দিন অবধি পঞ্চবিংশদিনপর্য্যন্ত নূতন শালিতণ্ডুল ও যবমণ্ড (বাউ) দুগ্ধে পাক করিয়া সেবন করিবে। পঞ্চ-বিংশ দিবসের পর প্রভাত ও সায়ং এই উভয়কালে শালিতণ্ডুলের কোমল অন্ন দুগ্ধের সহিত আহার করিবে। অনন্তর নখসকল জন্মিবে। ঐ নখগুলি প্রবাল, ইন্দ্রগোপকীট বা নবোদিত সূর্য্যের ন্যায় রক্তবর্ণ ও দৃঢ় হয়। পরে স্নিগ্ধ ও লক্ষণবিশিষ্ট কেশ জন্মে। ঐ কেশের এবং দেহস্থ ত্বকের বর্ণ নীলপদ্ম, অতসীপুষ্প বা নীলকান্তমণির ন্যায় হয়। এক-মাস পরে মস্তক মুণ্ডন করিয়া, তাহাতে বীরণমূল, চন্দন ও কৃষ্ণতিলের খইল একত্রে বাটিয়া লেপন করিবে, অথবা দুগ্ধে স্নান করিবে।

অনন্তর সপ্তরাত্রের পর ভ্রমর বা অঞ্জনের ন্যায় কৃষ্ণবর্ণ, কুঞ্চিত ও স্নিগ্ধ কেশকলাপ উৎপন্ন হয়। তাহার ত্রিরাত্র-পরে ঐ গৃহের প্রথম আবরণ হইতে বহির্গত হইয়া মুহূর্ত্তমাত্র অবস্থান করিয়া, পুনর্ব্বার গৃহ-মধ্যে প্রবেশ করিবে। এই সোমসেবনকারী ব্যক্তিকে এক্ষণে শরীরে মর্দ্দনের নিমিত্ত বলাতৈল, নির্ম্মলকরণ-জন্য পিষ্টযব, পরিষেচনের নিমিত্ত অম্লোক্ত দুগ্ধ, পরিশোধনের নিমিত্ত শালবৃক্ষের কাথ, স্নানের নিমিত্ত বীরণমূলের সহিত কূপের জল, বিলেপনের নিমিত্ত চন্দন এবং অবচারণের জন্য আমলকরসমিশ্রিত যূষ বা সূপ এবং দুগ্ধ ও যষ্টিমধুসহকারে সিদ্ধ কৃষ্ণ-তিল প্রদান করিবে। এইরূপ নিয়মে দশরাত্র যাপন করিবে। পরে এই নিয়মেই আর দশরাত্র ঐ গৃহের দ্বিতীয়আবরণে আবৃতঅংশে অবস্থিতি করিবে। অনন্তর ঐ গৃহের তৃতীয়আবরণে আবৃতঅংশে আর দশরাত্র মনঃস্থির করিয়া অবস্থান করিবে। বহির্ভাগে কিঞ্চিৎ আতপ বা বায়ু সেবন করিয়া পুনর্ব্বার গৃহের অভ্যন্তরে প্রবেশ করিবে। রূপশালিতাহেতু আপনাকে দর্পণে অবলোকন করিবে না। অনন্তর আর দশরাত্রি রাগ-আদি পরিত্যাগ করিয়া সর্ব্বপ্রকার খাদ্য ভক্ষণ করিবে। বিশেষতঃ বল্লী (লতা), প্রতান (বিস্তীর্ণলতা), ক্ষুপ (হ্রস্বশাখ ক্ষুদ্রবৃক্ষ) প্রভৃতি জাতীয় সোম ভক্ষণ করা কর্ত্তব্য। ইহাদের সেবনের পরিমাণ সার্দ্ধতিনমুষ্টি।

অংশবান্ নামক সোম সুবর্ণময়পাত্রে করিয়া সেবন করিবে। আর চন্দ্রমানামক সোম রৌপ্যময়পাত্রে অভিষেচন করিয়া সেবন করিবে। ইহাদ্বারা অণিমাদি অষ্টৈশ্বর্য্য ও ঈশানত্ব লাভ করা যায়। অবশিষ্ট সমুদয় প্রকার সোম তাম্রময়, মৃত্তিকাময় বা রোহিতনামক মৃগের চর্ম্ম-নির্ম্মিত পাত্রে রাখিয়া সেবন করিবে। শূদ্রব্যতীত ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য—এই তিন বর্ণ সোম সেবন করিতে পারিবে। সোম পান করিয়া চতুর্থ মাসে পৌর্ণমাসী তিথিতে পবিত্রস্থলে ব্রাহ্মণগণকে পূজা করিয়া, কৃতমঙ্গল হইয়া সেই গৃহ হইতে বহির্গত হইবে।

বিচক্ষণ ব্যক্তি ওষধিসকলের পতি সোমকে সেবন করিয়া অভিনব দেহপরিগ্রহপূর্ব্বক অযুতবৎসর জীবিত থাকে। অগ্নি, জল, বিষ, শস্ত্র বা অস্ত্র, কিছুতেই তাহার জীবনকে নষ্ট করিতে পারে না। তাহার শরীরে দশশত হস্তির বল জন্মে। এই সোমসেবনকারী ব্যক্তি ক্ষীরোদ-সমুদ্র, ইন্দ্রালয় বা উত্তরকুরু যেখানে ইচ্ছা, সেইখানেই অপ্রতিহতবেগে গমন করিতে সমর্থ হয়। তাহার মদনের তুল্য রূপ ও দ্বিতীয় চন্দ্রের ন্যায় কান্তি হয়। সেই মহাতেজোবান্ ব্যক্তিকে দর্শন করিলে, সকলেরই মনে আহ্লাদ উপস্থিত হয়। সাঙ্গোপাঙ্গ সমস্ত বেদেই তাহার অধিকার জন্মে এবং সেই ব্যক্তি দেবতার ন্যায় দৃঢ়সংকল্প হইয়া সমস্ত জগতে পরিভ্রমণ করিতে সমর্থ হয়।

সকলপ্রকার সোমেরই পঞ্চদশটী করিয়া পত্র হয়। সেই পত্রগুলি শুক্লপক্ষে জন্মে এবং কৃষ্ণপক্ষে খসিয়া পড়ে। শুক্লপক্ষের প্রতিদিনে সোমের এক একটি করিয়া পত্র উৎপন্ন হইয়া পৌর্ণমাসীর দিনে পঞ্চ-দশটি পত্র সম্পূর্ণ হয় এবং কৃষ্ণপক্ষের প্রতিদিনে এক একটি করিয়া পত্র শীর্ণ হইয়া কৃষ্ণপক্ষের শেষে অর্থাৎ অমাবস্যার দিনে সমস্ত পত্র পতিত হইয়া, লতামাত্র অবশিষ্ট থাকে।

অংশুমান্ নামক সোম—ঘৃতগন্ধসম্পন্ন। রজতপ্রভসোম—কন্দ-বিশিষ্ট; এই কন্দের আকৃতি কদলীর ন্যায়। মুঞ্জবান্ সোম—লশুনের ন্যায় পত্রবিশিষ্ট। চন্দ্রমা সোম—সুবর্ণের ন্যায় আভাসমন্বিত; ইহা সর্ব্বদা জলে জন্মিয়া থাকে। গরুড়াহৃত ও শ্বেতাক্ষ এই দুইপ্রকার সোম—পাণ্ডুবর্ণ, সর্পের খোলসের ন্যায় আকার ও বৃক্ষের অগ্রভাগে লম্বিত হইয়া থাকে। অন্য সর্ব্বপ্রকার সোম—নানাবিধবর্ণের মণ্ডল-সমূহদ্বারা চিত্রিত। সকলপ্রকার সোমেরই পঞ্চদশটি পত্র এবং ক্ষীর, কন্দ, লতা ও নানাবিধ পত্র থাকে।

হিমালয়, অর্ব্বুদ, সহ্য, মহেন্দ্র, মলয়, শ্রীপর্ব্বত, দেবগিরি, দেবসহ,

পারিযাত্র, বিন্ধ্যপ্রভৃতি পর্ব্বতে, দেবসুন্দহ্রদে ও বিতস্তানদীর উত্তরদিক্‌স্থ পর্ব্বতে সোম প্রাপ্ত হওয়া যায়। সকলপ্রকার সোমের মধ্যে শ্রেষ্ঠ যে চন্দ্রমা নামক সোম, তাহা পঞ্চনদপ্রধান সিন্ধুনামক মহানদের অধোদেশে হঠবৎ (বারিপর্ণীর ন্যায়) ভাসিয়া থাকে, এবং তাহার উর্দ্ধদেশে মুঞ্জবান্ ও অংশুমান্ নামক সোম জন্মিয়া থাকে। কাশ্মীরদেশে ক্ষুদ্রমানস নামক একটি সরোবর আছে, তাহাতে গায়ত্র্য, ত্রৈষ্টুভ, পাংক্ত, জাগত ও শাঙ্কর এবং চন্দ্রের ন্যায় প্রভাবিশিষ্ট অন্য সকলপ্রকার সোমও প্রাপ্ত হওয়া যায়। পাপাত্মা, অকৃতজ্ঞ, বৈদ্যবিদ্বেষী ও ব্রাহ্মণহিংসক মনুষ্যগণ এইসকল সোম দেখিতে পায় না।

অথাতো নিবৃত্তসন্তাপীয়ং রসায়নং ব্যাখ্যাস্যামঃ।

যথানিবৃত্তসন্তাপা মোদন্তে দিবি দেবতাঃ। তথৌষধীরিমাঃ প্রাপ্য মোদন্তে ভুবি মানবাঃ॥

অথ সপ্ত পুরুষা রসায়নং নোপযুঞ্জীরন্। তদ্‌যথা। অনাত্মবানলসো দরিদ্রঃ প্রমাদী ব্যসনী পাপকৃদ্ভেষজাপমানী চেতি। সপ্তভিরেব কারণৈর্ন সম্পদ্যতে। অজ্ঞানাদনারম্ভাদস্থিরচিত্তত্বাদ্দারিদ্র্যাদনায়ত্তত্বাদধর্ম্মাদৌষধলাভীচ্চেতি।

অথৌষধীর্ব্যাখ্যাস্যামঃ। শ্বেতকাপোতী কৃষ্ণকাপোতী গোনসী বারাহী কন্যা ছত্রাতিচ্ছত্রা করেণুরজা চক্রকা আদিত্যপর্ণিনী ব্রহ্মসুবর্চ্চলা শ্রাবণী মহাশ্রাবণী গোলোমী চাজলোমী মহাবেগবতী চেত্যষ্টাদশ সোমসমবীর্য্যা মহৌষধয়ো ব্যাখ্যাতাঃ॥ তাসাং সোমবৎ ক্রিয়াশীঃস্তুতয়ঃ শাস্ত্রেহভিহিতাস্তাসামাগারেঽভিহতানাং যাঃ ক্ষীরবত্যস্তাসাং ক্ষীরকুড়বং সকৃদেবোপযুঞ্জীত॥

যাঃ ক্ষীরা মূলবত্যস্তাসাং প্রদেশিনীপ্রমাণানি ত্রীণি কাণ্ডানি প্রমাণমুপযোগে। শ্বেতকাপোতী সমূলপত্রা ভক্ষয়িতব্যা। গোনসাজগরীকৃষ্ণকাপোতীনাং সনখমুষ্টিং খণ্ডশঃ কল্পয়িত্বা ক্ষীরেণ বিপাচ্য পরিস্রাবিতমভিহতক সকৃদেবোপভুঞ্জীত। চক্রকায়াঃ পয়ঃ সকৃদেব। ব্রহ্মসুবর্চ্চলা সপ্তরাত্রমুপযোক্তব্যা॥

ভক্ষ্যকল্পেন শেষাণাং পঞ্চপলানি ক্ষীরাঢ়ককথিতানি প্রস্থেঽবশিষ্টেঽবতার্য্য পরিস্রাব্য সকৃদেবোপযুঞ্জীত। সোমবদাহারবিহারৌ ব্যাখ্যাতৌ কেবলন্তু নবনীতমভ্যঙ্গার্থে শেষং সোমবদানির্গমাদিতি॥ ভবন্তি চাত্র॥

যুবানং সিংহবিক্রান্তং কান্তং শ্রুতনিগাদিনং। কুর্য্যুরেতাঃ ক্রমেণৈব দ্বিসাহস্রায়ুষং নরং॥ অম্লদী কুণ্ডলী মৌলী দিব্যস্রকচন্দনাম্বরঃ। চরতাসোমসঙ্কল্পো নক্তত্বমুদচর্গমে॥ ব্রজন্তি পক্ষিণো যেন জলদাশ্চ তোয়দাঃ। গতিঃ সৌষধিসিদ্ধস্য সোমসিদ্ধগতিঃ পরা॥ অথ বক্ষ্যামি বিজ্ঞানমোষধীনাং পৃথক্ পৃথক্। মণ্ডলৈঃ কপিলৈশ্চিত্রৈঃ সর্পাভা পঞ্চপর্ণিনী। পঞ্চারত্নিপ্রমাণা বা বিজ্ঞেয়াজগরী বুধৈঃ। নিষ্পত্রা কনকাভাসা মূলে দ্ব্যঙ্গুলসম্মিতা॥ সর্পাকারা লোহিতান্তা শ্বেতকাপোতিরুচ্যতে। দ্বিপর্ণিনীং মূলভবামরুণাং কৃষ্ণমণ্ডলাং॥ দ্ব্যরত্নিমাত্রাং জানীয়াদ্ গোনসীং গোনসাকৃতিং। সক্ষীরাং রোমশাং মৃদ্বীং রসেনেক্ষুরসোপমাং॥ এবং রূপরসাঞ্চাপি কৃষ্ণকাপোতিমাদিশেৎ। কৃষ্ণসর্পস্বরূপেণ বারাহীকন্দসম্ভবা॥ একপত্রা মহাবীর্য্যা ভিন্নাঞ্জনসমপ্রভা। ছত্রাতিচ্ছত্রকে বিদ্যাদ্রক্ষোঘ্নে কন্দসম্ভবে॥ জরামৃত্যুনিবারিণ্যৌ শ্বেতকাপোতিসংস্থিতে। কাণ্ডৈঃ ষোড়শভিঃ পত্রৈর্ম্মঞ্জরাঙ্কুরহোপমৈঃ॥ কন্দজা কাঞ্চনক্ষীরী কন্যা নাম মহৌষধী। করেণুঃ স্থূলক্ষীরা কন্দেন গজরূপিণী॥ হস্তিকর্ণপলাশস্য তুল্যপর্ণা দ্বিপর্ণিনী॥ অজাস্তনাভকন্দা তু সক্ষীরা ক্ষুপরূপিণী। অজা মহৌষধী জ্ঞেয়া শঙ্খকুন্দেন্দুপাণ্ডুরা॥ শ্বেতাং বিচিত্রকুসুমাং কাকাদনীসমাং ক্ষুপাং। চক্রকামোষধীং বিদ্যাজ্জরামৃত্যুনিবারিণীং। মূলিনী পঞ্চভিঃ পত্রৈঃ সুরক্তাংশুককোমলৈঃ। আদিত্যপর্ণিনী জ্ঞেয়া সদাদিত্যানুবর্ত্তিনী॥ কনকাভা জলান্তেষু সর্ব্বতঃ পরিসর্পতি। সক্ষীরা পদ্মিনীপ্রখ্যা দেবী ব্রহ্মসুবর্চ্চলা॥ অরত্নিমাত্রক্ষুপকা পত্রৈর্দ্ব্যঙ্গুলসম্মিতৈঃ। পুষ্পৈর্নীলোৎপলাকারৈঃ ফলৈশ্চাঞ্জনসন্নিভৈঃ। শ্রাবণী মহতী জ্ঞেয়া কনকাভা পয়স্বিনী। শ্রাবণী পাণ্ডুরাভাসা মহাশ্রাবণিলক্ষণা॥ গোলোমী চাজলোমী চ রোমশে কন্দসম্ভবে। হংসপাদীববিচ্ছিন্নৈঃ পত্রৈর্ন্যগ্রমুদ্রৈবৈঃ॥ অথবা শঙ্খপুষ্পী চ সমানা সর্ব্বরূপতঃ। বেগেন মহতাবিষ্টা সর্পনির্ম্মোকসন্নিভা॥ এষা বেগবতী নাম জায়তে হ্যম্বুদক্ষয়ে। সপ্তাদৌ সর্ব্বরূপিণ্যো যা হ্যোষধ্যঃ প্রকীর্ত্তিতাঃ। তাসামুদ্ধরণং কার্য্যং মন্ত্রেণানেন সর্ব্বদা। মহেন্দ্ররামকৃষ্ণানাং ব্রাহ্মণানাং গবামপি॥ তপসা তেজসা বাপি প্রশাম্যধ্বং শিবায় বৈ। মন্ত্রেণানেন মতিমান্ সর্ব্বানপ্যভিমন্ত্রয়েৎ॥ অশ্রদ্দধানৈরলসৈঃ কৃতঘ্নৈঃ পাপকর্ম্মভিঃ। নৈবাসাদয়িতুং শক্যাঃ সোমাঃ সোমসমাস্তথা॥ পীতাবশেষমমৃতং দেবৈব্রহ্মপুরোগমৈঃ। নিহিতং সোমবীর্য্যাস্থ সোমে চাপ্যোষধীপতৌ॥ দেবসুন্দে হ্রদবরে তথা সিন্ধৌ মহানদে। দৃশ্যতে চ জলান্তেষু মধ্যে ব্রহ্মসুবর্চ্চলা॥ আদিত্যপর্ণিনী জ্ঞেয়া তথৈব হি হিমক্ষয়ে। দৃশ্যতেঽজগরী নিত্যং গোনসী চাম্বুদাগমে॥ কাশ্মীরেষু সরো দিব্যং নাম্না ক্ষুদ্রকমানসং। করেণুস্তত্র কন্যা চ ছত্রাতিচ্ছত্রকে তথা॥ গোলোমী চাজলোমী চ মহতী শ্রাবণী তথা॥ বসন্তে কৃষ্ণসর্পাখ্যা গোনসী চ প্রদৃশ্যতে॥ কৌশিকীং সরিতং তীর্ত্বা সঞ্চয়স্যাস্তু পূর্ব্বতঃ। ক্ষিতিপ্রদেশো বল্মীকৈরাচিতো যোজনত্রয়ং। বিজ্ঞেয়া তত্র কাপোতী শ্বেতা বল্মীকমূর্দ্ধসু॥ মলয়ে নলসেতৌ চ বেগবত্যোষধী ধ্রুবা। কার্ত্তিক্যাং পৌর্ণমাস্যাঞ্চ ভক্ষয়েত্তামুপোষিতঃ। সোমবচ্চাত্র বর্ত্তেত ফলং তাবচ্চ কীর্ত্তিতং॥ সর্ব্বা বিচেয়াস্ত্বোষধ্যঃ সোমে চাপ্যর্ব্বুদে গিরৌ। সশৃঙ্গৈর্দেবচরিতৈরম্বুদানীকভেদিভিঃ। ব্যাপ্তস্তীর্থৈশ্চ বিখ্যাতৈঃ সিদ্ধর্ষিসুরসেবিতৈঃ। গুহাভির্ভীমরূপাভিঃ সিংহোন্নাদিতকুক্ষিভিঃ। গঙ্গালোড়িততোয়াভিরাপগাভিঃ সমন্ততঃ। বিবিধৈর্ধাতুভিশ্চিত্রৈঃ সর্ব্বৈরেবোপশোভিতঃ॥

নদীষু শৈলেষু সরঃসু চাপি পুণ্যেষ্বরণ্যেষু তথাশ্রমেষু। সর্ব্বত্র সর্ব্বাঃ পরিমার্গিতব্যাঃ সর্ব্বত্র ভূমির্হি বসূনি ধত্তে॥

যাদৃশ দেববৃন্দ সন্তাপবিহীন হইয়া স্বর্গে বিহার করেন, তাদৃশ পৃথিবীতে এইসকল ওষধিপ্রাপ্ত হইয়া মনুষ্যবর্গও বিহার করিতে পারে।

সপ্তপ্রকার পুরুষের রসায়ন সেবন করা ঘটিতে পারে না, তাহা নিম্নে লিখিত হইতেছে, যথা,—অনাত্মবান্ (অপ্রশস্তমনা, অস্থিরচিত্ত) ধনহীন, প্রমাদী (অসাবধানী, উন্মত্ত বা দুর্ব্বলান্তঃকরণ), ক্রীড়াশক্ত, পাপী এবং ঔষধাবমাননাকারী। এই সকল ব্যক্তির রসায়ন সেবন করা না ঘটিবার পক্ষে সাতটি হেতু নির্দ্দেশ করা যাইতেছে, যথা,—জ্ঞানহীনত্ব, অনারম্ভ, অস্থিরমতিত্ব, দৈন্য, অনধীনতা, পাপাচরণ ও ঔষধাভাব।

অনন্তর রাসায়নিক ঔষধসমূহ ব্যাখ্যাত হইতেছে। শ্বেতকাপোতী, কৃষ্ণকাপোতী, গোনসী, বারাহী, কন্যা, ছত্রা, অতিচ্ছত্রা, করেণু অজা, চক্রকা, আদিত্যপর্ণিনী, ব্রহ্মসুবর্চ্চলা, শ্রাবণী, মহাশ্রাবণী, অজগরী, গোলোমী, অজলোমী এবং মহাবেগবতী, এই অষ্টাদশপ্রকার সোমের সমান তেজঃসম্পন্ন মহৌষধ বিবৃত হইল। ইহাদিগের সোমের ন্যায় ক্রিয়া, আশীঃ ও স্তুতি সকল শাস্ত্রে উক্ত আছে। আশ্রমে প্রবেশ করিয়া অভিহুত ক্ষীরবিশিষ্ট ওষধিসকলের ক্ষীর কুড়বপ্রমাণে একবারেই সেবন করিবে।

যে সকল ওষধি ক্ষীরবিশিষ্টা নহে, কেবল মূলবিশিষ্টা, তাহাদিগের একপ্রদেশিনী (বিঘৎ) পরিমিত তিনটি কাণ্ড ভক্ষণ করিবে। শ্বেতকাপোতী, মূল ও পত্রের সহিত ভক্ষণ করিবে। গোনসী, অজগরী ও কৃষ্ণকাপোতী খণ্ড খণ্ড করিয়া সনখমুষ্টি * পরিমাণে গ্রহণপূর্ব্বক দুগ্ধে সিদ্ধ করিয়া এবং দুগ্ধ-স্রাবিত ও অভিহুত করিয়া লইয়া একবারেই পান করিবে। চক্রকার দুগ্ধ একবারেই পান করিবে। ব্রহ্মসুবর্চ্চলা সপ্তরাত্র সেবন করিবে। অবশিষ্ট সমস্ত ওষধির পঞ্চপল ক্ষীরাঢককাথ ভক্ষ্যকল্পদ্বারা প্রস্থে অবতারণ ও পরিস্রাবণ করিয়া একবারেই পান করিবে। এইসকল ওষধি সেবনে সোমসেবনের ন্যায় আহার বিহারাদি করিবে, কিন্তু কেবল শরীরে অভ্যঙ্গের নিমিত্ত নবনীত ব্যবহার করিবে। সেই গৃহহইতে বহিরাগমনকালপর্য্যন্ত অবশিষ্ট কার্য্যসকল সোমসেবনকালীন কার্য্যাদির ন্যায়ই করিবে।

এইসকল মহৌষধ সেবন করিলে, মনুষ্য যুবার ন্যায় তেজোবিশিষ্ট, সিংহের ন্যায় পরাক্রমসম্পন্ন, কমনীয়দর্শন ও শ্রুতিধর এবং বিসহস্রবৎসরপরমায়ুঃসমন্বিত হয়। অঙ্গদ, কুণ্ডল ও মুকুট প্রভৃতি আভরণে ভূষিত হইয়া এবং দিব্যমাল্য ধারণ, চন্দনবিলেপন ও বস্ত্রপরিধান করিয়া মেঘলোকের উর্দ্ধস্থ আকাশদেশে দৃঢ়সঙ্কল্প হইয়া সঞ্চরণ করিতে পারে। গগনমণ্ডলের যে পথে পক্ষিসমূহ ও জলভারলম্বিত মেঘসকল বিচরণ করে, সেই পথে ওষধিসিদ্ধ বা সোমসিদ্ধ ব্যক্তিরও গমনাগমন করিবার শক্তি জন্মে।

অনন্তর ওষধিসকল বিজ্ঞাত হইবার ভিন্ন ভিন্ন লক্ষণ নির্দ্দিষ্ট হইতেছে।—অজগরী ওষধি কপিলবর্ণের মণ্ডলসমূহদ্বারা চিত্রিতা, সর্পবৎ আকৃতিবিশিষ্টা, পঞ্চপত্রসমন্বিতা এবং পঞ্চঅরত্নি † পরিমাণ দীর্ঘা হয়। যাহা পত্রহীনা, সুবর্ণের ন্যায় প্রভাসম্পন্না ও দুই অঙ্গুলপ্রমিত মূলবিশিষ্টা এবং যাহার সর্পের ন্যায় আকৃতি ও প্রান্তভাগ রক্তবর্ণ হয়, তাহাকে শ্বেতকাপোতী কহা যায়। গোনসী ওষধির আকার মণ্ডলী (চন্দ্রবোড়া) বোড়াসর্পের ন্যায় ও দৈর্ঘ্য দুইঅরত্নিপরিমিত, ইহার দুইটি করিয়া পত্র জন্মে ও গাত্রে কৃষ্ণবর্ণমণ্ডলসমূহ থাকে, ইহা রক্তবর্ণা ও মূলহইতে উৎপন্না হয়। কৃষ্ণকাপোতী ওষধি ক্ষীরযুক্তা, লোম (শোঁয়া) বিশিষ্টা ও সুকোমলা, ইহার রস ইক্ষুরসের ন্যায় স্বাদসম্পন্ন। বারাহীনাম্নী ওষধির আকার কৃষ্ণসর্পের ন্যায়, বর্ণ দলিত অঞ্জনের সদৃশ ও পত্র একটি করিয়া হয়। ইহা উগ্রবীর্য্যবতী ও কন্দহইতে জন্মে। ছত্রা ও অতিচ্ছত্রা নাম্নী এই দুই প্রকার ওষধি (সবগাছার ন্যায়) শ্বেতকাপোতীতে লগ্ন থাকে ও কন্দহইতে সম্ভূতা হয়, ইহাদের ময়ূরপুচ্ছের ন্যায় সুন্দর দ্বাদশটি পত্র হয়, এই সকলদ্বারা জরা ও মৃত্যু নিবারিত হয় ও রাক্ষসভয় হইতে ত্রাণ প্রাপ্ত হওয়া যায়। কন্যানাম্নী মহৌষধি কন্দজাতা ও স্বর্ণবর্ণক্ষীরবিশিষ্টা। করেণু ওষধির দুইটি করিয়া পত্র, কন্দ হস্তির ন্যায়, পত্র হস্তিকর্ণপলাশবৃক্ষের পত্রের ন্যায় হয়, ইহা প্রচুরক্ষীরবিশিষ্টা। অজামহৌষধি ক্ষীরবিশিষ্টা, শঙ্খ, কুন্দপুষ্প বা চন্দ্রের ন্যায় পাণ্ডুরবর্ণা, ইহার কন্দ অজার স্তনের ন্যায় ও আকার ক্ষুপ (হ্রস্বশাখ ক্ষুদ্র) বৃক্ষের ন্যায়। চক্রকা ওষধি শ্বেতবর্ণা, বিচিত্রপুষ্পবিশিষ্টা ও কাকাদনীক্ষুপবৃক্ষের ন্যায় ক্ষুদ্রাকৃতি, ইহাদ্বারা জরা মৃত্যু আদি বিনষ্ট হয়। <u>আদিত্যপর্ণিনী</u> ওষধি মূলবিশিষ্টা, রক্তপ্রভ কোমল পঞ্চপত্রযুক্তা ও সর্ব্বদা সূর্য্যের অনুবর্ত্তিনী অর্থাৎ যে দিকে যখন সূর্য্য অবস্থিত হয়েন, তখন সেই দিকের অভিমুখেই অবনতা থাকে। দেবী ব্রহ্মসুবর্চ্চলা ওষধি দেখিতে পদ্মিনীর ন্যায় ও ক্ষীরবিশিষ্টা, ইহার বর্ণ সুবর্ণের ন্যায়। ইহা বর্ষার শেষে জন্মিয়া চতুর্দ্দিকে বিস্তৃতা হয়। অরত্নিপরিমিত ক্ষুদ্রবৃক্ষের ন্যায় আকার, দুইঅঙ্গুলপরিমিত পত্র, নীলপদ্মসদৃশ পুষ্প, অঞ্জনের ন্যায় কৃষ্ণবর্ণ ফল ও বর্ণ সুবর্ণের ন্যায়, ইহাকে মহাশ্রাবণী ওষধি বলে, ইহা ক্ষীরবিশিষ্টা। শ্রাবণী ওষধিও মহাশ্রাবণীর ন্যায় সমস্ত লক্ষণসম্পন্না, কেবল দেখিতে পাণ্ডুরবর্ণা। গোলোমী ও অজলোমী এই দুইপ্রকার ওষধি রোম (শোঁয়া) বিশিষ্টা ও কন্দসমুদ্ভবা। বেগবতী ওষধি মূলসম্ভবা ও হংসপদীলতার ন্যায় বিচ্ছিন্নপত্রবিশিষ্টা, অথবা সর্ব্বপ্রকারে শঙ্খপুষ্পীর তুল্য, অতিশয় বেগে বর্দ্ধিতা হয় এবং আকৃতিতে সর্পের খোলসের ন্যায়। ইহা বর্ষার শেষে জন্মিয়া থাকে।

পূর্ব্বকথিত ওষধিসকলের মধ্যে প্রথম যে সপ্তপ্রকার ওষধি উল্লিখিত হইয়াছে, তাহাদের উদ্ধার "মহেন্দ্ররামকৃষ্ণ" ইত্যাদি মন্ত্রদ্বারা সর্ব্বদা করিবে। সকল ওষধিই উদ্ধার করিবার কালে এই মন্ত্রদ্বারা অভিমন্ত্রিত করিবে। শ্রদ্ধাশূন্য, আলস্যযুক্ত, অকৃতজ্ঞ ও পাপাচারী ব্যক্তিগণ সোম অথবা সোমের সমানগুণযুক্ত ওষধিসকল প্রাপ্ত হইতে সমর্থ হয় না। ব্রহ্মাপ্রভৃতি দেববৃন্দ পানের অবশিষ্ট সুধা সোমের সমান তেজঃসম্পন্ন ওষধি সকলে, সোমে এবং ওষধিগণের অধিপতি চন্দ্রে অর্পিত করিয়াছেন। দেবসুন্দনামক শ্রেষ্ঠ হ্রদে ও সিন্ধুনামক মহানদে বর্ষাকালের মধ্যে ও শেষে ব্রহ্মসুবর্চ্চলানাম্নী ওষধি দেখিতে পাওয়া যায়। এই দুইস্থানে আদিত্যপর্ণিনী ওষধি হেমন্তঋতুর শেষে এবং অজগরী ও গোনসী বর্ষাঋতুর আরম্ভে দেখিতে পাওয়া যায়। কাশ্মীরে ক্ষুদ্রমানস নামে যে দিব্য সরোবর আছে, তাহাতে করেণু, কন্যা, ছত্রা, অতিচ্ছত্রা, গোলোমী, অজলোমী ও মহাশ্রাবণী, এই কতিপয়প্রকার ওষধি এবং বসন্তকালে কৃষ্ণসর্পনাম্নী গোনসী ওষধিও দেখিতে পাওয়া যায়। কৌশিকীনদীর পরপারে সঞ্জয়ন্তীপুরীর পূর্ব্বদিকে যোজনত্রয়পর্য্যন্ত ভূমিখণ্ড বল্মীকসমূহদ্বারা পরিব্যাপ্ত আছে; সেই বল্মীকসকলের শিরোভাগে শ্বেতকাপোতী ওষধি জন্মিয়া থাকে। মলয় ও নলসেতুনামক পর্ব্বতে বেগবতীনাম্নী ওষধি পাওয়া যায়। কার্ত্তিকমাসের পূর্ণিমাতিথিতে উপবাসী থাকিয়া এই সকল ওষধি সেবন করিবে। সোমসেবন করিবার কালে যাদৃশ নিয়ম করিয়া থাকিতে হয়, এইসকল ওষধিরও সেবনকালে তাদৃশ নিয়ম

* অঙ্গুলিপ্রসারিত রাখিয়া মুষ্টিবন্ধন (মুটো) করিলে, যত ধরে, তত পরিমাণকে সনখমুষ্টি কহা যায়।

† কূর্পর (কনুই) অবধি কনিষ্ঠাঙ্গুলির অগ্রভাগপর্য্যন্ত হস্তের অংশটুকুকে অরত্নি কহা যায়।

করিয়া থাকিবে। সোমসেবনদ্বারা যেরূপ ফল প্রাপ্ত হওয়া যায়, এইসকল ওষধির সেবনেও সেইরূপ ফল পাওয়া যায়। যাহাদের মেঘমণ্ডলভেদী শিখরসমূহে দেবগণ বিহার করিয়া থাকেন, যে সকল সিদ্ধঋষি ও দেবগণকর্ত্তৃক পরিষেবিত প্রসিদ্ধ তীর্থসমূহ পরিব্যাপ্ত আছে, যাহাদের ভয়ঙ্করদর্শন কন্দরসমূহের অভ্যন্তরভাগপর্য্যন্ত সিংহের শব্দদ্বারা প্রতিধ্বনিত হইয়া থাকে, যাহাদের চতুর্দ্দিকে প্রবাহিত নদীসকলের জলরাশি হস্তিগণ আলোড়িত করে, যাহারা নানাপ্রকার ধাতুরাগদ্বারা নানাবর্ণে চিত্রিত ও সর্ব্বস্থলেই শোভাবিশিষ্ট হইয়াছে, সেই সোম ও অর্ব্বুদনামক পর্ব্বতদ্বয়ে এইসকল ওষধি পাওয়া গিয়া থাকে। নদী, পর্ব্বত, সরোবর, পবিত্রকানন এবং আশ্রমপ্রভৃতি সকলস্থলেই সমস্ত ওষধির অন্বেষণ করা কর্ত্তব্য। পৃথিবীর সকল অংশেই রত্নরাশি নিহিত আছে। ইতি সুশ্রুতঃ।

ঔষধাদিদ্বারা নূতন দেহপ্রাপ্তির বিষয় প্রাচীনকালে ভিন্ন ভিন্ন দেশেও ব্যবহৃত হইত। পাঠকগণের বিজ্ঞাপনার্থে "Hermeppus Redivivus" "হার্ম্মিপ্পাস্ রেডিভিভাস্" নামক প্রাচীন গ্রন্থ হইতে ইংলণ্ড প্রদেশীয় মিষ্টার রোব্যাক্ তাঁহার স্বীয় গ্রন্থে "The famous Elixir of Life" নামক ঔষধ অর্থাৎ যে ঔষধদ্বারা চিরযৌবন এবং সৌন্দর্য্য লাভ হয়, সেই ঔষধ প্রস্তুতের নিয়ম এবং তাহার পরীক্ষা যেরূপ উদ্ধৃত করিয়াছেন ও লিখিয়াছেন তাহা এই স্থলে উদ্ধৃত করিলাম। ইহাদ্বারা আমাদিগের প্রাচীন মুনিদিগের ইহা অপেক্ষা শতসহস্রগুণে অধিক ক্ষমতা ছিল, তাহা বিবেচনা করিতে পারিবেন।

THE FAMOUS ELIXIR OF LIFE PREPARED FROM BALM.

"In the proper season of the year, when the herb is at its full growth, and, consequently, its juices in their whole vigor, gather at the fittest time of the day a sufficient quantity of *balm*, wipe it clean, and pick it; then put it in a stone mortar, and, by laborious beating, reduce it into a thin pap.

Take this glutinous and oderiferous substance and put it into a bolt-head, which is to be hermetically sealed, and then place it in a dunghill, or some gentle heat equivalent thereto, where it must digest for forty days.

When it is taken out, the matter will appear clearer than ever, and have a quicker scent. Then *separate* the grosser parts, which, however, are not to be thrown away. Put this liquid into a gentle bath, that the remaining gross particles may perfectly subside. In the meantime, dry calcine, and extract the *fixed* salt of the grosser parts, separated as before mentioned, which fixed salt is to be joined to the liquor when filtrated.

Next take *sea salt*, well purified, melt it, and by setting it in a cold place, it will run, and become clear and limpid. Take equal parts of both liquors, mix them thoroughly, and having hermetically sealed them in a proper glass, let them be carefully exposed to the sun, in the warmest season of the year, for about six weeks. At the end of this space, the *primum ens* of the balm will appear swimming on the top like a bright green oil, which is to be carefully separated and preserved. Of this *oil, a few drops taken in a glass of wine* for several days together will bring to pass those wonders that are reported of the Countess of Desmond and others; *for it will entirely change the juices of the human body,* reviving the decaying frame of life, *and restoring the spirits of long lost youth.*"

The author who records this curious and wonderful discovery, remarks, "If after the medicine is thus prepared, any doubt be had of its efficacy, or of its manner of operation let a few drops be given every day on raw meat to any old dog or cat, and in less than a fortnight, by the changing of their coats and other incontestable changes, the virtue of this preparation will sufficiently appear."

This is the preparation of balm which Mr. Boyle (the celebrated chemist) mentions in his works; and in which he tells us that "*Dr. Le Fevre*" gave him an account of it, "in the presence of a famous physician, and another virtuoso, to whom he applied, as knowing the truth of what he said, that an intimate friend of his, whom," says Mr. Boyle, "he named to me, having prepared the *primum ens* of balm, to satisfy himself the better of its effects, made a trial upon himself, and took of it according to the prescription, for above a fortnight; long before which, his nails, both of his hands and feet, began to loosen themselves from the skin, (but without pain), which, at length, falling off of their own accord, this gentleman keeps yet by him in a box for a rarity; but would not pursue the trial any farther, being satisfied with what he had found, and being in no need of such physic; but having given of the same medicated wine, for ten or twelve days to a woman that served in his house, and who was near seventy years of age, without letting her know what he expected it would do, the peculiar signs of youth in females became so apparent that she was alarmed, and he did not prosecute the experiment any farther. And when I asked," says Mr. Boyle, "why he made no trials upon beasts, it was answered, that though he had but little of the medicine, yet he put apart an *old* hen, and moistening her food with some drops of it for a week, about the sixth day she began to moult her feathers by degrees till she became stark naked; but before a fortnight was passed, she began to regain others, which, when they were come to their full growth, appeared fair and better coloured than at first."

And he added, "that besides that her crest was raised, she also laid more eggs than she was wont to do before."

অথ বিষ-প্রতিকার।

বিষ দুইপ্রকার স্থাবর ও জঙ্গম উভয়বিধ বিষই প্রাণীদিগের প্রাণনাশক। ইহার বিশেষ বিবরণ পরে কথিত হইবে, এইক্ষণ সর্পবিষপ্রতিকার কথিত হইতেছে।

অথ সর্পবিষ-প্রতিকার।

সর্পসকল অশীতিপ্রকার বিষবিদ্যাবিৎবৈদ্যগণ তাহাদিগকে পঞ্চ-

শ্রেণীতে বিভক্ত করিয়াছেন যথা—দর্ব্বীকর, মণ্ডলী, রাজীমন্ত, নির্ব্বিষ ও বৈকরঞ্জ। যে সকল সর্পের মস্তকে চক্র, লাঙ্গল, ছত্র, স্বস্তিক অথবা অঙ্কুশাকার চিহ্ন থাকে, তাহাদিগকে দর্ব্বীকর বলে। দর্ব্বীকর সর্প ফণাবিশিষ্ট ও শীঘ্রগামী। যে সকল সর্প বিবিধ মণ্ডলাকার চিহ্নে চিত্রিত, স্থূল, মন্দগামী ও প্রদীপ্তসূর্য্যের ন্যায় আভাবিশিষ্ট তাহাদিগকে মণ্ডলী বলে এবং চাকচৈক্যশালী ও শরীরের উর্দ্ধাধোভাগে বিবিধবর্ণ রেখাকার চিহ্নদ্বারা চিত্রিত যে সকল সর্প তাহাদিগকে রাজীমন্ত বলে। মুক্তা কিম্বা রৌপ্যের ন্যায় আভাবিশিষ্ট অথবা কপিলবর্ণ সর্পকেও রাজীমন্ত বলিয়া থাকে।

সর্পসকল চারি জাতি, যথা—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র। যে সকল সর্পের শরীরে সদ্‌গন্ধ ও স্বর্বর্ণের ন্যায় আভা আছে, তাহাদিগকে ব্রাহ্মণ জাতি বলে। যে যে সর্প চাকচৈক্যশালী ও আশুক্রোধী তাহারা ক্ষত্রিয়জাতি, যাহাদিগের শরীরে চন্দ্র, সূর্য্য, ছত্র বা পদ্মের ন্যায় চিহ্ন থাকে, যাহাদিগের শরীর কৃষ্ণ, রক্ত, ধূম্র অথবা পারাবতের ন্যায় বর্ণবিশিষ্ট এবং যাহাদের শরীর বজ্রবদ্‌ দৃঢ় তাহারা বৈশ্যজাতি এবং যেসকল সর্পের শরীর মহিষ কিম্বা হস্তির ন্যায় বর্ণবিশিষ্ট, চর্ম্ম অতি কর্কশ তাহারা শূদ্র জাতি।

সর্পমাত্রই পুরুষ, স্ত্রী ও নপুংসক এই তিনপ্রকার, যে সকল সর্পের চক্ষু, জিহ্বা, মুখ ও মস্তক বৃহৎ তাহারা পুরুষ। যাহাদের চক্ষু প্রভৃতি ক্ষুদ্র তাহারা স্ত্রী এবং যাহাদের মধ্যমাকার তাহারা নপুংসক। নপুংসক সর্প ক্রোধহীন ও মন্দবিষ অর্থাৎ তাহাদের বিষ শীঘ্র সঞ্চরণ করে না।

সর্পদংশন তিনপ্রকার যথা—সর্পিত, রদিত ও নির্ব্বিষ। যে দংশনে একটি অথবা অনেক গুলি দন্তের গভীর চিহ্ন রক্তবিশিষ্ট হইয়া ফুলিয়া উঠে ও দংশন স্থান বিস্তৃত হয় তাহাকে সর্পিত বলে। যে দংশনস্থানে রক্ত, নীল, পীত ও কৃষ্ণবর্ণ রেখা দৃষ্ট হয় তাহাকে রদিত বলাযায়। যদি দংশনস্থান ফুলিয়া না উঠে, অল্প দূষিতরক্তবিশিষ্ট হয় ও রোগী প্রকৃত অবস্থায় থাকে, তাহাকে নির্ব্বিষ দংশন বলিয়া থাকে।

রোগীর লক্ষণদৃষ্টে সর্পনির্ণয়।

দর্ব্বীকর সর্পদংশনে দষ্টব্যক্তির চর্ম্ম, চক্ষু, নখ, দন্ত, মূত্র, পুরীষ ও দংশনস্থান কৃষ্ণবর্ণ হয় এবং শরীরের রুক্ষতা, মস্তকের ভার, সন্ধিস্থানে বেদনা, কটী, পৃষ্ঠ ও গ্রীবার দুর্ব্বলতা, জৃম্ভণ, কম্প, বাক্যের অবসন্নতা, গলায় ঘড় ঘড় শব্দ, শরীরের জড়তা, শুষ্ক উদ্‌গার, শ্বাস, কাস, হিক্কা, বায়ুর উর্দ্ধগতি, বেদনা, বমনের ইচ্ছা, তৃষ্ণা, লালাস্রাব, ফেননিঃসরণ, ইন্দ্রিয়ের অবরোধ এবং বায়ুজন্য অন্যান্যপ্রকার যাতনা জন্মে।

মণ্ডলী সর্প দংশন করিলে রোগীর ত্বক্ ও চক্ষু প্রভৃতির পীতবর্ণতা, শীতলদ্রব্যের অভিলাষ, শরীরের উত্তাপ, দাহ, তৃষ্ণা, মত্ততা, মূর্চ্ছা, জ্বর, উর্দ্ধাধোভাগে শোণিতনিঃসরণ, মাংসের অবসাদন অর্থাৎ মাংস ধরিয়া টানিলে খসিয়া পড়ে। দংশনস্থানে বেদনা, পীতবর্ণ দংশন ও কোপনস্বভাব এইসকল লক্ষণ হয় এবং পিত্তজন্য অপরাপর লক্ষণ হইয়া থাকে।

রাজীমন্তের বিষে চর্ম্ম ও চক্ষুঃ প্রভৃতির শুক্লতা, শীতজ্বর, রোমহর্ষ, শরীরের স্তব্ধতা, দংশনস্থানের স্ফীততা, গাঢ় কফস্রাব, বমন, সর্ব্বদা চক্ষুর কণ্ডূ, কণ্ঠদেশের স্ফীততা ও ঘড় ঘড় শব্দ, উচ্ছ্বাস-নিরোধ ও অন্ধকার দর্শন এবং কফজন্য অন্যান্য উপদ্রব হইয়া থাকে।

পুরুষসর্প দংশন করিলে রোগীর উর্দ্ধদৃষ্টি হয়, স্ত্রীসর্প দংশন করিলে অধোদৃষ্টি এবং নপুংসক সর্প দংশন করিলে রোগীর দৃষ্টি তির্য্যক্‌ভাবে স্থির হইয়া থাকে। গর্ভিণী সর্পিণী দংশনে রোগীর মুখ পাণ্ডুবর্ণ ও উদরের আধ্মান জন্মে। নবপ্রসূতা সর্পিণী দংশন করিলে শূল, বেদনা, রক্তস্রাব ও উপজিহ্বিকা অর্থাৎ আল জীবের রোগ এইসকল উপসর্গ জন্মে। ক্ষুধার্ত্ত সর্প দংশন করিলে রোগীর অন্নে অভিলাষ জন্মে। বৃদ্ধসর্প দংশনে বিষবেগ মন্দ হয়। বালসর্পদংশনে বিষবেগ তীব্র হয়। নির্ব্বিষ সর্পদংশনে কোনরূপ বিষ-যাতনা প্রকাশ হয় না। অন্ধসর্পদংশনে রোগী অন্ধ হয়। অজাগর সর্পের বিষ নাই; তাহারা গ্রাস করিয়া প্রাণনাশ করে।

সকলপ্রকার সর্পবিষের সাতটি বেগ আছে। মনুষ্যশরীরে রস, রক্ত, মাংস, মেদঃ, অস্থি, মজ্জা ও শুক্র এই সাতটি ধাতু আছে। বিষ শরীরে প্রবেশ করিয়া প্রথমতঃ রসধাতু তৎপরে রক্তধাতু দূষিত করে, এইরূপে ক্রমতঃ সপ্তধাতুকে দূষিত করিয়া থাকে। এইরূপ এক এক ধাতু দূষিত করাকে বিষের এক এক বেগ বলিয়া থাকে।

দর্ব্বীকর বিষের প্রথমবেগে রোগীর শোণিত দূষিত হইয়া কৃষ্ণবর্ণ হয় এবং দেহে যেন কৃষ্ণপিপীলিকা সঞ্চরণ করে, এই মত বোধ হয়। দ্বিতীয়বেগে মাংস দূষিত হইয়া শরীর কৃষ্ণবর্ণ করে এবং শরীর স্ফীত হইতে থাকে তৃতীয়বেগে মেদঃ দূষিত হয় এবং দংশনস্থানে ক্লেদ জন্মে। মস্তক ভার, ঘর্ম্মনিঃসরণ ও দৃষ্টির স্থিরতা এই সকল উপদ্রব হইয়া থাকে। চতুর্থবেগে কফজনিত সকলপ্রকার উপদ্রব, তন্দ্রা, লালাস্রাব ও সন্ধিস্থান বিশ্লিষ্ট হয়। পঞ্চমবেগে বিষ অস্থিমধ্যে প্রবেশ করিয়া অস্থিদূষিত করে, পার্শ্বভেদ ও হিক্কা জন্মায় এবং প্রাণ বিনাশ করিয়া থাকে। ষষ্ঠবেগে বিষ মজ্জামধ্যে প্রবেশ করিয়া গ্রহণী দূষিত করে এবং শরীরের গুরুতা, অতিসার, হৃদয়ের পীড়া ও মূর্চ্ছা এইসকল উপদ্রব জন্মায়। সপ্তমবেগে বিষ শুক্রমধ্যে প্রবেশপূর্ব্বক ব্যানবায়ুকে প্রকুপিত করে, লোমকূপ প্রভৃতি সূক্ষ্মদ্বার হইতে কফস্রাব, কটি ও পৃষ্ঠভঙ্গ, ইন্দ্রিয়রোধ, লালাস্রাব, স্বেদনিঃসরণ ও শ্বাসরোধ হইয়া থাকে।

মণ্ডলীসর্পের বিষের প্রথমবেগে শোণিত দূষিত হইয়া অতিশয় শীতল হয়। শরীরে দাহ জন্মে এবং শরীর পীতবর্ণ হইয়া থাকে। দ্বিতীয়বেগে মাংস দূষিত হইয়া পীতবর্ণ হয় এবং শরীরে দাহ ও দংশনস্থান স্ফীত হইয়া থাকে। তৃতীয়বেগে মেদ দূষিত ও দৃষ্টিস্থির হয়। তৃষ্ণা এবং দংশনস্থানে ক্লেদ জন্মে ও ঘর্ম্ম নিঃসরণ হইতে থাকে। চতুর্থবেগে বিষ কোষ্ঠদেশে প্রবেশ করিয়া জ্বর জন্মায়। পঞ্চমবেগে সর্ব্বশরীরে দাহ হয়। ষষ্ঠ ও সপ্তমবেগে দর্ব্বীকরের ষষ্ঠ ও সপ্তমবেগের লক্ষণ লক্ষিত হইয়া থাকে।

রাজীমন্তবিষের প্রথমবেগে রক্ত দূষিত হইয়া শরীরকে পীতবর্ণ করে। শরীরে ঈষৎ শ্বেতবর্ণের আভা দৃষ্ট হয় এবং রোমাঞ্চ হইতে থাকে। দ্বিতীয়বেগে মাংস দূষিত, শরীর পাণ্ডুবর্ণ, দেহের জড়তা ও মস্তকের স্ফীততা জন্মে। তৃতীয়বেগে মেদদূষিত, দৃষ্টিস্থির, দন্ত ক্লিন্ন, ঘর্ম্মনিঃসরণ এবং নাসিকা ও চক্ষু হইতে রক্তস্রাব এইসকল উপদ্রব

জন্মে। চতুর্থবেগে বিষ কোষ্ঠদেশে প্রবেশ করে এবং গ্রীবা সঞ্চালনশক্তি রহিত ও মস্তক ভার হয়। পঞ্চমবেগে বাক্যহীনতা, কম্প ও জ্বর হইয়া থাকে। ষষ্ঠ ও সপ্তমবেগে পূর্ব্বোক্ত দর্ব্বীকর বিষের ষষ্ঠ ও সপ্তমবেগের ন্যায় লক্ষণ হয়।

পশুদিগের শরীরে সর্পাঘাত হইলে প্রথমবেগে শরীর স্ফীত হয় এবং তাহারা দুঃখিত মনে চিন্তা করিতে থাকে। দ্বিতীয়বেগে লালাস্রাব ও অঙ্গকৃষ্ণবর্ণ হয় এবং হৃদয়ে পীড়া জন্মে। তৃতীয়বেগে মস্তকের পীড়া জন্মে এবং কণ্ঠ ও গ্রীবা ভঙ্গ হয়। চতুর্থবেগে পশুগণ কাঁপিতে থাকে, নিশ্চেষ্ট হয়, দন্তে দন্তে পেষণ করে এবং প্রাণত্যাগ করে। কেহ কেহ বলেন পশুদিগের সর্পাঘাত হইলে তিনটি মাত্র বেগ হইয়া থাকে, তাহাতেই তাহারা প্রাণত্যাগ করে।

পক্ষীদিগের সর্পাঘাত হইলে প্রথমবেগে তাহারা চিন্তিত ও নিশ্চেষ্ট হয়। দ্বিতীবেগে বিহ্বল হয় এবং তৃতীয়বেগে প্রাণত্যাগ করে। কেহ কেহ বলেন পক্ষীদিগের সর্পাঘাত হইলে একটিমাত্র বেগ জন্মিয়া থাকে তাহাতেই পক্ষীগণ প্রাণত্যাগ করে। বিড়াল ও বেজির শরীরে সর্পাঘাত হইলে অধিক বিষ সঞ্চারিত হইতে পারে না।

অথ সর্পবিষ-চিকিৎসা।

যেপ্রকার সর্পই হউক হস্তে বা পদে দংশন করিলে দংশনস্থানের চারি অঙ্গুলি উপরে কোন প্রকার কোমল রজ্জুদ্বারা বন্ধন করিবে। ইহাতে বিষ দেহমধ্যে সঞ্চরণ করিতে পারে না। অনন্তর বন্ধনের নিম্নদেশপর্য্যন্ত ছেদন করিয়া দগ্ধ করিবে। অথবা বস্তিযন্ত্র (শিঙ্গার ন্যায় একপ্রকার যন্ত্র) দ্বারা বিষ চুষিয়া লইবে। মণ্ডলীসর্পের দংশনে কদাচ দগ্ধ করিবে না, মন্ত্রচিকিৎসকেরা মন্ত্রদ্বারাও বিষবন্ধন করিয়া থাকেন।

বিষ সঞ্চরণকালে দংশনস্থানের চতুর্দ্দিকস্থ শিরা বিদ্ধ করিয়া রক্তস্রাব করাইবে। রক্ত নিঃসারিত হইলে তাহার সহিত অনেকপরিমাণে বিষ নির্গত হইয়া যায়। অনন্তর দংশনস্থানের চতুর্দ্দিকে অগদপ্রলেপ দিয়া শ্বেতচন্দন ও বেণার মূল মিশ্রিত জলদ্বারা দংশনস্থান সিক্ত করিবে। তৎপরে সর্পের জাতি অনুসারে ঔষধ পান করাইবে। দুগ্ধ, মধু ও ঘৃতপ্রভৃতি ঔষধের অনুপান দিবে। এইসকলের অভাবে কৃষ্ণবর্ণ বল্মীকমৃত্তিকাও ঔষধের অনুপানে ব্যবহৃত হয়। অথবা কাঞ্চনবৃক্ষ, শিরীষবৃক্ষ, আকন্দ ও লতাকট্‌কি এইসকলও ঔষধের অনুপান হইতে পারে। সর্পদংশন হইলে তৈল, কুলত্থকলাই, মদ্য, অথবা কাঁজী পান করিবে না। অম্ল বমনকারক দ্রব্য অতি অল্প পরিমাণে পুনঃ পুনঃ পান করিয়া পুনঃ পুনঃ বমন করিবে।

ফণাবিশিষ্ট সর্পের প্রথম বিষবেগে রক্তমোক্ষণ, দ্বিতীয়বেগে মধু ও ঘৃত সহযোগে ঔষধপান, তৃতীয়বেগে বিষনাশক নস্য ও অভ্যঞ্জন প্রয়োগ করিবে, চতুর্থবেগে বমন করাইবে। পঞ্চম ও ষষ্ঠবেগে প্রথমতঃ বমন ও বিরেচন করাইয়া তীক্ষ্ণশোধনদ্রব্য প্রদান করিবে। সপ্তমবেগে তীক্ষ্ণশিরোবিরেচক নস্য ও তীক্ষ্ণ অঞ্জন প্রয়োগ করিবে এবং কাকপদ আকারে মস্তকমুণ্ডিত করিবে, অথবা সেই স্থানের রক্ত মাংস তুলিয়া লইবে।

মণ্ডলীসর্পবিষের প্রথমবেগে রক্তমোক্ষণ, দ্বিতীয়বেগে ঘৃত মধুসহ অগদপান ও বমন করাইয়া ঘৃতমধুযুক্ত যবমণ্ড পান করাইবে। তৃতীয়বেগে বমন ও বিরেচনদ্বারা শরীর শোধন করিয়া পূর্ব্ববৎ যবমণ্ড পান করাইবে। চতুর্থে ও পঞ্চমে শীতল চিকিৎসা করিবে। ষষ্ঠে কাকোল্যাদিগণ ও মধুরাদিগণ এবং সপ্তমে বিষবিনাশক নস্য সেবন করাইবে।

রাজিমন্তবিষের প্রথমবেগে রক্তমোক্ষণ, দ্বিতীয়বেগে বমন, তৃতীয়বেগে নস্য ও অঞ্জন, চতুর্থে বমন ও ঘৃতমধুযুক্ত যবমণ্ড পান, পঞ্চমে শীতল চিকিৎসা, ষষ্ঠে তীক্ষ্ণ অঞ্জন এবং সপ্তমবেগে নস্য প্রয়োগ করিবে।

গর্ভিণী, বালক ও বৃদ্ধের রক্তমোক্ষণ না করিয়া মৃদু প্রক্রিয়া করিবে। ছাগ কিম্বা গর্দ্দভের সর্পাঘাত হইলে তাহাদিগেরও রক্তমোক্ষণ করা কর্ত্তব্য। ঔষধের যেরূপ মাত্রা উক্ত আছে, গো ও অশ্বের পক্ষে তাহার দ্বিগুণ, মহিষ ও উষ্ট্রের পক্ষে তিনগুণ, হস্তীর পক্ষে চারিগুণ মাত্রায় ঔষধ প্রয়োগ করিবে।

অঞ্জনের পরিমাণ একমাষা, নস্যের দুইমাষা, পানের চারিমাষা এবং বমনের আটমাষা পরিমাণে ঔষধ প্রয়োগ করিবে। বিষদ্বারা শরীর বিবর্ণ, কঠিন, স্ফীত ও বেদনান্বিত হইলে শীঘ্র রক্তস্রাব করাইবে। বিষার্ত্তরোগী ক্ষুধার্ত্ত হইলে বিবেচনাপূর্ব্বক দধি, তক্র, ঘৃত, মধু কিম্বা মাংসরস আহার প্রদান করিবে।

রোগীর পিত্তজন্য তৃষ্ণা, দাহ ও ঘর্ম্ম উপস্থিত হইলে তীক্ষ্ণ ঔষধদ্বারা বমন করাইবে। মলরোধ ও বায়ুরুদ্ধ হইয়া কোষ্ঠদাহ, বেদনা, আধ্মান ও মূত্ররোধ হইলে বিরেচন করাইবে। চক্ষু বিবর্ণ, স্ফীত বা আবিল হইলে অঞ্জন প্রয়োগ করিবে। মস্তকের যাতনা, শরীরের গুরুতা, আলস্য, হনুস্তম্ভ ও গলগ্রহ ইত্যাদি উপদ্রব ঘটিলে নস্য প্রয়োগ করিয়া শিরোবিরেচন করিবে।

শরীরে বিষ সঞ্চার হইলে তাহা নিঃশেষে নির্গত করা কর্ত্তব্য। কিঞ্চিন্মাত্র বিষ শরীরমধ্যে থাকিয়া গেলে পুনর্ব্বার তাহার বেগ জন্মে এবং শরীরের অবসন্নতা, বিবর্ণতা, জ্বর, কাস, শিরোরোগ, চক্ষুরোগ, অরুচি ও পীনস, এইসকল রোগ হইয়া থাকে। অতএব নিম্নলিখিত ঔষধদ্বারা বিষ নিঃশেষিত করিবে।

তেউড়ী, গুলঞ্চ, যষ্টিমধু, কুঁচের মূল, পঞ্চলবণ, শুঠী, পিপ্পলী ও মরিচ এইসকল দ্রব্য উত্তমরূপ চূর্ণ করিয়া মধুর সহিত মিশ্রিত করিবে। অনন্তর এই ঔষধ গোশৃঙ্গমধ্যে রাখিবে। এই ঔষধ পানে, অঞ্জনে, অভ্যঙ্গে ও নস্যে প্রয়োগ করিলে বিষ নষ্ট হয়।

বিড়ঙ্গ, নিমুখালতা, ত্রিফলা, যমানী, হিঙ্গু, তগরপুষ্প ও ত্রিকটু, এইসকল দ্রব্যের চূর্ণ, সৈন্ধব ও মধু একত্র মিশ্রিত করিয়া গোশৃঙ্গ মধ্যে রাখিয়া ঐ শৃঙ্গ আচ্ছাদন করিয়া রাখিবে। একপক্ষ পরে এই ঔষধ ব্যবহার করিলে স্থাবর ও জঙ্গম বিষ বিনষ্ট হয়।

পুণ্ডরিয়াবৃক্ষ, দেবদারু, মুথা, শৈলজ, কটুকি, গেঁঠেলা, গন্ধতৃণ, পদ্মকাষ্ঠ, নাগকেশর, তালীশপত্র, স্থবর্চ্চিকা (লতাবিশেষ) শোণাবৃক্ষ, এলাচি, কালনিসিন্দা, কুড়, তগরপাদুকা, প্রিয়ঙ্গু, লোধ্র, বালা, কাঞ্চনবৃক্ষ, গৈরিক, পিপ্পলী, চন্দন ও সৈন্ধব এইসকল দ্রব্যের চূর্ণ সমভাগে লইয়া মধুর সহিত মিশ্রিত করিয়া গোশৃঙ্গমধ্যে রাখিবে। এই ঔষধ সেবনে তক্ষকবিষও বিনাশ পায়।

জটামাংসী রেণুক, ত্রিফলা, নিসিন্দা, কুঁচের মূল, মঞ্জিষ্ঠা, পদ্মকাষ্ঠ, বিড়ঙ্গ, তালীশপত্র, এলবালুক, এলাচি, কুড়, তেজপত্র, রক্তচন্দন,

বামনহাটী, নিমুখালতা, পটোল, অপামার্গ, দণ্ডোৎপল, কর্কটবীজ, কৃষ্ণ-তেউড়ী, অশোক, গুবাক, সুরসাফুল, ভেলারফুল, এইসকল দ্রব্যের চূর্ণ, স্বর্ণমাক্ষিক এবং বরাহ, গোধা, ময়ূর, শজারু, বিড়াল, হরিণ ও বেজি ইহা-দিগের পিত্ত। এইসকল দ্রব্য একত্র করিয়া গোশৃঙ্গ মধ্যে রাখিবে। এই ঔষধ যে গৃহে থাকে সেই গৃহে বিষধর সর্প বিষ ত্যাগ করিতে পারে না। ঢাক প্রভৃতি বাদ্যযন্ত্রে এই ঔষধ লেপন করিয়া বাদন করিলে অথবা পতাকাতে লেপন করিয়া প্রদর্শন করিলে সর্পবিষ বিনষ্ট হয়।

লাক্ষা, রেণুক, বেণারমূল, সজিনাবৃক্ষ, মধু, রক্তসজিনা, যষ্টিমধু, এবং এলাইচ এইসকলের চূর্ণ সমভাগে হরিদ্রার সহিত মিশ্রিত করিয়া ঘৃত ও মধু সহযোগে গোশৃঙ্গ মধ্যে স্থাপন করিবে। এই ঔষধ পানে, নস্যে ও অঞ্জনে প্রয়োগ করিলে মৃতপ্রায়ব্যক্তিও আরোগ্য লাভ করে।

চালিতা, কট্‌ফল, টাবালেবু, অপরাজিতালতা, গিরিমৃত্তিকা, অপামার্গ, শর্করা এইসকল দ্রব্য নটিয়াশাকের সহিত সেবন করিলে দর্ব্বীকর ও রাজীমন্ত সর্পের বিষ বিনষ্ট হয়।

